Decision /recommendation of last meeting	Progress of last meeting decision/recommendation	Further decision or recommendation	Responsible person/group/ officer	Implementin g timeline/ due date
1	2	3	4	5
1.				
2.				
3.				

Agenda-3: Discussion and decision on pre-selected issues in the light of objective and TOR of the Committee

Pre-selected agenda	Discussion	Decision/ recommendation	Responsible person/group / officer	Implementing timeline/due date
1	2	3	4	5

Topic -1.				
Topic -2.				
Topic -3.				

Agenda-4: Miscellaneous /other issues (if any)

Issue/agenda from members	Discussion	Decision/ recommendation	Responsible person/group / officer	Implementing timeline/due date
1	2	3	4	5
Topic 1.				
Topic 2.				
Topic 3.				

Signature of Chairperson:.....

Name:.....	Date:.....
------------	------------

Attachment - 2: Working Paper/Meeting Minutes Format for TLCC

Instruction -1 (For the 1st Meeting of TLCC)

Working Paper for the 1st TLCC Meeting

1. Fill up the first column of Agenda 1: pre-selected topics of discussion as Topic 1, Topic 2, etc. and keep other columns blank.
2. Keep all the columns of Agenda 2 blank.
3. Distribute the document as working paper attached to the notice of inviting a first WC meeting.

Recording Meeting Minutes of 1st TLCC Meeting

1. Agenda 1: After the discussion on each of the topics under Agenda 1, the conclusion of discussion is recorded in correspondent columns under Agenda 1: “Discussion” that describes the process reaching to the conclusion; “Decision/recommendation” is the conclusion and describes next actions; “Responsible person/group/officer” that are identified direct implementers; and “Implementing timeline/due date” that indicates the target timeframe to be completed.
2. Agenda 2: First, TLCC participants are invited to propose any other issues that they want to discuss. Then, when proposed issues are accepted by TLCC participants, the discussion on proposed issues start. After the discussion on agreed topics, the conclusion of discussion is recorded in correspondent columns under Agenda 2: “Issue/agenda from members” that describes proposed issues; “Discussion” that describes the process reaching to the conclusion; “Decision/recommendation” that is the conclusion and describes next actions; “Responsible person/group/officer” that are identified direct implementers; and “Implementing timeline/due date” that indicates a target timeframe to be completed.
3. All above record with an attendant list is combined in the prescribed format and the Chairperson signs and fill up the name and date in the correspondent columns. The draft first TLCC meeting minutes are completed.
4. After the confirmation and approval of the draft first TLCC meeting minutes at the following meeting, the first TLCC meeting minutes become a final public document.

The Sample format of Working Paper and meeting minutes for the first TLCC meeting is shown in the following page as **Table-‘C’**.

Table – ‘C’
(For the first Meeting of TLCC)

Name of Paurashava:

Date of the Meeting:

Attendance: Attachment – ‘a’

Agenda-1: Discussion and decision on pre-selected issues in the light of objective and TOR of the Committee (TLCC).

Pre-selected agenda	Discussion	Decision/ recommendation	Responsible person/ officer/group	Implementing timeline/ due date
1	2	3	4	5
Topic 1				
Topic 2				
Topic 3				

Agenda-2: Miscellaneous Discussion (If any)

Issues/agenda from members	Discussion	Decision/ recommendation	Responsible person/officer/group	Implementing timeline/ due date
1	2	3	4	5
Topic 1				
Topic 2				
Topic 3				

Signature of Chairperson:

Name:	Date:
-------------	-------------

Instruction - 2 (For the ordinary TLCC Meeting)

Working Paper for the ordinary TLCC Meeting

1. Fill-up the first column of Agenda 1: name of TLCC member secretary and keep other columns blank.
2. Fill-up first and second columns of Agenda 2 regarding “Decision /recommendation of the last meeting” and “Progress of decision/recommendation” and keep other columns blank. The Chairperson and TLCC Secretary shall check the progress for filling the second columns before preparing the working paper.
3. Fill up the first column of Agenda 3: pre-selected topics of discussion as Topic 1, Topic 2, etc. and keep other columns blank.
4. Keep all the columns of Agenda 4 blank.
5. Distribute the document as working paper attached to the notice of inviting a first WC meeting.

Recording Meeting Minutes of the ordinary TLCC Meeting

1. Agenda 1: The draft meeting minutes of the previous meeting is read out by the TLCC Secretary. After the discussion, the conclusion of discussion is recorded in correspondent columns under Agenda 1: “Discussion on the accuracy of the minutes” that describes the process reaching to the conclusion; “Modification (if needed)” that describes necessary correction, if necessary; and “Decision (confirmed/approved with or without modification)” describes the final decision whether the meeting minutes are approved or not. If the meeting minutes is approved with the condition of modification, the details of necessary correction are clearly described together. After the meeting, the TLCC Secretary shall revise the draft meeting minutes according to the decision of the meeting.
2. Agenda 2: After the discussion based on the information shown in the first and second columns of Agenda 2, the conclusion of discussion is recorded in correspondent columns under Agenda 2: “Further decision or recommendation” that describes the necessary additional actions, if necessary; “Responsible person/group/officer” that keeps the same as the previous or is changed if necessary; and “Implementing timeline/due date” that keeps the same as the previous or is changed if necessary.
3. Agenda 3: After the discussion on each of the topics under Agenda 3, the conclusion of discussion is recorded in correspondent columns under Agenda 3: “Discussion” that describes the process reaching to the conclusion; “Decision/recommendation” is the conclusion and describes next actions; “Responsible person/group/officer” that are identified direct implementers; and “Implementing timeline/due date” that indicates the target timeframe to be completed.

4. Agenda 4: First, TLCC participants are invited to propose any other issues that they want to discuss. Then, when proposed issues are accepted by TLCC participants, the discussion on proposed issues starts. After the discussion on agreed topics, the conclusion of discussion is recorded in correspondent columns under Agenda 4: “Issue/agenda from members” that describes proposed issues; “Discussion” that describes the process reaching to the conclusion; “Decision/recommendation” that is the conclusion and describes next actions; “Responsible person/group/officer” that are identified direct implementers; and “Implementing timeline/due date” that indicates a target timeframe to be completed.
5. All above record with an attendant list is combined in the prescribed format and the Chairperson signs and fill up the name and date in the correspondent columns. The draft TLCC meeting minutes are completed.
6. After the confirmation and approval of the draft TLCC meeting minutes at the following meeting, the TLCC meeting minutes become a final public document.

The format of Working Paper and meeting minutes for the ordinary TLCC meeting is shown in the following page as **Table-‘D’**.

Table – ‘D’
(For the ordinary TLCC Meeting)

Name of Paurashava:

Date of the Meeting:

Attendance: Attachment – ‘a’

Agenda -1: Read out and confirmation of the minutes of last TLCC meeting

Read out last meeting minutes	Discussion on the accuracy of the minute	Modification (if needed)	Decision (confirmed/approved with or without modification)
1	2	3	4
Last meeting minutes is read by Mr. WC Member Secretary			

Agenda-2: Review on the progress of last meeting decisions and take decision for next activities

Decision /recommendation of last meeting	Progress of last meeting decision/recommendation	Further decision or recommendation	Responsible person/group/officer	Implementing timeline/ due date
1	2	3	4	5
1.				
2.				
3.				

Agenda-3: Discussions and decision on pre-selected issues in the light of objective and TOR of the Committee

Pre-selected agenda	Discussion	Decision/ recommendation	Responsible person/group/officer	Implementing timeline/ due date
1	2	3	4	5
Topic -1.				
Topic -2.				

Topic -3.				
-----------	--	--	--	--

Agenda-4: Miscellaneous /other issues (if any)

Issues/agenda from members	Discussion	Decision/ recommendation	Responsible person/group/ officer	Implementing timeline/due date
1	2	3	4	5
Topic 1.				
Topic 2.				
Topic 3.				

Signature of Chairperson:

Name:	Date:
-------------	-------------

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

ওয়ার্ড কমিটি (ডাব্লিউসি) ও
টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (টিএলসিসি) এর মাধ্যমে
নাগরিক অংশগ্রহণ বিষয়ক ব্যবহারিক হ্যান্ডবুক

এসপিজিপি (ভার্সন- ৩)
এলজিডি/ জাইকা
২০.০৪.২০১৬

বিষয়সূচি

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
১.	পটভূমি	২
১.১	বাংলাদেশের প্রশাসনিক কাজে নাগরিক অংশগ্রহণ	২
১.২	টিএলসিসি ও ডাব্লিউসি বিষয়ক হ্যান্ডবুকের উদ্দেশ্য	২
২.	সংশ্লিষ্ট আইনগত দলিলপত্র	২
২.১	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৌলনীতি	২
২.২	পৌরসভা আইন, ২০০৯	২
২.৩	টিএলসিসি ও ডাব্লিউসি সম্পর্কিত বিদ্যমান আইনগত দলিলপত্র	৩
৩.	নাগরিক অংশগ্রহণের প্রত্যাশিত “ইতিবাচক চক্র”	৪
৪.	টিএলসিসি ও ডাব্লিউসি এর কাঠামো এবং সার্বিক কার্যক্রম	৫
৪.১	সংখ্যা, গঠন-প্রক্রিয়া ও কার্য-পরিধি (ডাব্লিউসি) :	৫
৪.১.১	ডাব্লিউসি’র সংখ্যা	৫
৪.১.২	ডাব্লিউসি’র গঠন-প্রক্রিয়া	৫
৪.১.৩	ডাব্লিউসি’র কার্যাবলী	৬-৭
৪.১.৪	ডাব্লিউসি’র সভা আয়োজন	৮
৪.১.৫	ডাব্লিউসি’র সভার আলোচ্যসূচি	৯
৪.১.৬	ডাব্লিউসি’র সভার কার্যপত্র, কার্যবিবরণী ফরম্যাট	৯
৪.১.৭	প্রতিবেদন	১০
৪.১.৮	ডাব্লিউসি’র সভা অনুষ্ঠানের কার্য-চক্র	১০
৪.২	টাইম লেভেল কো-অর্ডিনেশন কমিটি (টিএলসিসি) এর গঠন-প্রক্রিয়া ও কার্য-পরিধি	১০
৪.২.১	টিএলসিসি প্রতিষ্ঠায় সরকারি নির্দেশনা	১০
৪.২.২	টিএলসিসি’র গঠন-প্রক্রিয়া	১১
৪.২.৩	টিএলসিসি’র কার্য-পরিধি	১১-১৩
৪.২.৪	টিএলসিসি’র সভা আয়োজন	১৩
৪.২.৫	সভা চলাকালীন সদস্যদের কাছে প্রত্যাশিত আচরণ	১৪
৪.২.৬	টিএলসিসি’র সভার আলোচ্যসূচি	১৪
৪.২.৭	টিএলসিসি সভার কার্যপত্র, কার্যবিবরণী ফরম্যাট	১৫
৪.২.৮	টিএলসিসি সভার কার্য-চক্র	১৫
৪.২.৯	পৌরসভার মনিটোরিং প্রক্রিয়া ও সিদ্ধান্ত গ্রহণ প্রবাহ	১৬
৫.	ডাব্লিউসি ও টিএলসিসি’র সময়ক্রম	১৭
৬.	অর্থ বছরের ক্যালেন্ডার, কর্ম-পরিকল্পনা ভাবনা (জুলাই - জুন)	১৭-১৯
৭.	পরিকল্পনা-কার্যকরণ-যাচাই-উদ্যোগ চক্র (PDCA Cycle)	২০
সংযুক্তি- ১ঃ	ডাব্লিউসি সভার কার্যপত্র, কার্যবিবরণী ফরম্যাট	২১-২৬
সংযুক্তি- ২ঃ	টিএলসিসি সভার কার্যপত্র, কার্যবিবরণী ফরম্যাট	২৭-৩২

১. পটভূমি

১.১. বাংলাদেশের প্রশাসনিক কাজে নাগরিক অংশগ্রহণ

যে সকল মৌলিক নীতিমালার ভিত্তিতে বাংলাদেশের প্রশাসনিক পরিচালন ব্যবস্থা গড়ে উঠেছে তার মধ্যে গণতন্ত্র অন্যতম। এ নীতির মাধ্যমেই সরকারের সকল স্তরে নাগরিক অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে, এবং যে কারণে স্বাধীনতার পর থেকে দেশের সকল নারী ও পুরুষ উক্ত নীতিমালা বাস্তবায়ন করতে নিরন্তর সংগ্রাম করে যাচ্ছে।

বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তরের মধ্যে পৌরসভা একটি। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা - ১৪ এবং ধারা - ১১৫ অনুযায়ী নির্বাচিত জনপ্রতিনিধিসহ নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে পৌরসভা পর্যায়ে তাদের স্ব স্ব এলাকায় গঠিত ওয়ার্ড কমিটি (ডাব্লিউসি) এবং টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (টিএলসিসি)সহ বিভিন্ন উন্মুক্ত ফোরামে নাগরিকদের উত্থাপিত চাহিদা মোতাবেক পৌরসেবা প্রদানের বিষয়ে মতবিনিময় ও জবাবদিহিতা নিশ্চিত করতে হয়। পৌরবাসীগণ, পৌরসভার এখতিয়ারভুক্ত ভৌত অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে সমস্যাসমূহ এবং অন্যান্য পরিসেবা সংক্রান্ত চাহিদাসমূহ প্রকাশ্যে ডাব্লিউসি ও টিএলসিসিতে উত্থাপন করতে পারে। একই সাথে নাগরিকগণ পৌরসভার বিভিন্ন কাজে অংশগ্রহণ, পরামর্শ, উপদেশ এবং সমস্যা সমাধানের প্রস্তাবনা ও করণীয় নির্ধারণে মতামত দিয়ে পৌর কাজে অবদান রাখতে পারে। বিশেষ করে ধার্যকরণ ও আদায়সহ বিভিন্ন সেবা ও উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে মতামত ব্যক্ত করতে পারে।

১.২. হ্যান্ডবুকের উদ্দেশ্য

এ ‘হ্যান্ডবুক’ প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে - টিএলসিসি ও ডাব্লিউসি’র সদস্যবৃন্দ ও পৌরসভার কর্মকর্তাদের নিম্ন লিখিত বিষয়গুলো বুঝতে সহায়তা করাঃ

- সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসারে ডাব্লিউসি ও টিএলসিসি’র কার্যাবলী;
- ডাব্লিউসি ও টিএলসিসি’র গঠন প্রক্রিয়া;
- ডাব্লিউসি ও টিএলসিসি’র সভা আয়োজন পদ্ধতি; এবং
- প্রয়োজনীয় দলিলপত্র (যেমন - সভার কার্যবিবরণী, বার্ষিক কর্মকান্ডের সময়সূচি) তৈরির প্রক্রিয়া।

২. আইনগত পটভূমি

২.১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মূলনীতি

বাংলাদেশের সংবিধানে গণতন্ত্রকে রাষ্ট্রের অন্যতম মূলনীতি হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। দেশের সকল আইন-কানুন উক্ত নীতির সাথে সঙ্গতি রেখে প্রণয়ন করা হয়েছে এবং এভাবেই আইনসমূহে পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধি ও তাদের ভোটারদের অধিকার, দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করে দেয়া হয়েছে।

২.২. পৌরসভা আইন, ২০০৯

১৯৭৭ সালে প্রথম পৌরসভা অধ্যাদেশ জারি করা হয়। দীর্ঘ সময় পরে ২০০৯ সালে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ জারি করা হয়েছে। এ আইনটি প্রণয়নের ফলে পৌরসভা’র কার্যসম্পাদন অনেক বেশি স্বচ্ছ, সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট হয়েছে।

২.৩. ডাব্লিউসি ও টিএলসিসি সম্পর্কিত বিদ্যমান আইনগত

দলিলপত্র

পৌরসভা আইন, ২০০৯ এর ১২০ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আইনের ষষ্ঠ তফসিলে বর্ণিত যে কোনো বিষয় বা সকল বিষয়ে এবং যে সকল বিষয় প্রাসঙ্গিক ও পরিপূরক হয়- সে সকল বিষয়ে সরকার বিধি প্রণয়ন করতে পারবে। এছাড়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক, সময় সময়, পৌরসভার কার্যাবলী সুশৃঙ্খলভাবে সম্পাদনের সুবিধার্থে প্রজ্ঞাপন, পরিপত্র, অফিস আদেশ, গাইড লাইন, মডেলবাই-ল, ইত্যাদি জারি করতে পারবে। পক্ষান্তরে, একই আইনের ধারা- ১২১ (৭ম সিডিউল) এবং ধারা ১২২ (৮ম সিডিউল) অনুসারে পৌরসভাসমূহের, স্বস্ব পৌরসভার জন্য, প্রবিধান ও উপ- আইন প্রণয়নের এখতিয়ার রয়েছে।

স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) ইতোমধ্যে ২০১২ সালের ২৬ জুন তারিখে গেজেট নোটিফিকেশন এর মাধ্যমে পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্য-পরিধি) বিধিমালা, ২০১২ জারি করেছে; যা বর্তমানে সকল পৌরসভায় ওয়ার্ড কমিটি গঠন ও এর কার্যক্রম পরিচালনার জন্য অনুসরণীয় দলিল।

পক্ষান্তরে, এখনও পর্যন্ত পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ১১৫ অনুসারে টিএলসিসি গঠন ও এর কার্য-পরিধি সম্পর্কিত কোন বিধিমালা প্রণীত হয়নি। শুধুমাত্র ০৯ মার্চ ২০১১ সালে ইস্যুকৃত ২৫৮ নং স্মারকে টিএলসিসি সম্পর্কিত সরকারি নির্দেশনা/অফিস অর্ডার আছে। উল্লেখ্য, টিএলসিসি ও ডাব্লিউসি'র গঠন ও কার্য-পরিধি সংক্রান্ত ৯ মার্চ ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকে জারিকৃত অফিস আদেশে বর্ণিত 'ওয়ার্ড কমিটির গঠন ও কার্য-পরিধি অংশটি' ১৮ অক্টোবর, ২০১২ তারিখের ১৬৪৫ নং স্মারকের মাধ্যমে বাতিল করা হলেও উক্ত স্মারকের আদেশে পূর্ববর্তী স্মারকে বর্ণিত 'টিএলসিসি'র গঠন ও কার্য-পরিধি' অংশটি বলবৎ রাখা হয়েছে।

বক্স- ১:

“পৌরসভা সম্পর্কিত আইন, বিধি ও অন্যান্য নির্দেশনাবলীর সংকলন”

পৌরসভার প্রশাসন পরিচালন ব্যবস্থার সাথে সম্পর্কিত যে সকল আইন, বিধি, প্রজ্ঞাপন, পরিপত্র, অফিস আদেশ, নির্দেশিকা, ইত্যাদি প্রণয়ন ও জারি করা হয়েছে তার সবই ছাপানো দলিল হিসেবে প্রকাশ করা হয়েছে। পৌরসভার কোন একজন কর্মকর্তা, কর্মচারি বা নির্বাচিত জনপ্রতিনিধির পক্ষে এসব দলিল সংগ্রহে রাখা ও এ বিষয়ে প্রতিনিয়ত হালনাগাদ থাকা একটি সমস্যা হিসেবে দেখা দেয়া স্বাভাবিক।

এ ধরনের সমস্যা সমাধানে পৌরসভার জন্য প্রণীত আইন, বিধি এবং অন্যান্য নির্দেশাবলী সম্পর্কিত একটি সংকলন কার্যকর ভূমিকা রাখতে পারে; যাতে পৌরসভা আইন, ২০০৯ সহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট বিধি-বিধান, পরিপত্র, অফিস আদেশ, নির্দেশিকা, ইত্যাদি সন্নিবেশিত থাকবে।

উল্লেখিত বিষয়সমূহসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের জারিকৃত আইন ও পৌরসভার জন্য প্রযোজ্য অফিস আদেশ, পরিপত্র, প্রজ্ঞাপন ইত্যাদি উক্ত সংকলনে অন্তর্ভুক্ত করা যেতে পারে; যার ফলে এগুলো সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারি ও নির্বাচিত জনপ্রতিনিধিদের ব্যবহার করার জন্য হাতের নাগালে থাকবে এবং পৌরসভা দক্ষতার সাথে পরিষেবা প্রদানে সক্ষম হবে। সময় সময় নতুন প্রণীত আইন-কানুন ও আইনের/আদেশের সংশোধনী সন্নিবেশিত করে এ সংকলনটি হালনাগাদ করার ব্যবস্থা প্রবর্তন করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। আশা করা যায়, এ সংকলন পৌরসভায় সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।

৩. নাগরিক অংশগ্রহণের প্রত্যাশিত “ইতিবাচক চক্র”

ডাব্লিউসি এবং টিএলসিসি পৌরসেবার মানোন্নয়ন ও সেবার পরিমাণ বৃদ্ধিতে অবদান রাখতে পারে। ডাব্লিউসি এবং টিএলসিসি'র কার্যক্রমসমূহ নাগরিক অংশগ্রহণের অন্যতম কার্যকর পদ্ধতি। চিত্র-১ এ নাগরিক অংশগ্রহণের একটি আদর্শ ‘ইতিবাচক চক্র’ প্রদর্শন করা হয়েছে যার আরম্ভ ‘নাগরিক অংশগ্রহণ’ থেকে। নিচে ইতিবাচক চক্রের উপদানসমূহ বর্ণনা করা হ'লঃ

- ১) নাগরিক প্রতিনিধিবৃন্দ যখন ডাব্লিউসি এবং টিএলসিসি'র সভাসমূহ নিয়মিত অনুষ্ঠান করে, সভায় ইতিবাচক মনোভাব নিয়ে অংশগ্রহণ করে, গৃহীত কার্যক্রম মনিটরিং করে এবং অর্জিত ফলাফল সমানভাবে ভাগ করে নেয়- তখন এরূপ পরিস্থিতিতে নাগরিক অংশগ্রহণ বলা যায়।
- ২) নাগরিকবৃন্দ যখন পৌর-প্রশাসনের কার্যাবলী নিশ্চিতভাবে মনিটরিং করে এবং ডাব্লিউসি ও টিএলসিসি এর মাধ্যমে তাদের প্রকৃত সমস্যা ও দাবীসমূহ উত্থাপন করতে পারে- তখন একজন মেয়র, কাউন্সিলরবৃন্দ এবং পৌর-কর্মকর্তাগণ জনমতের ওপর যত্নশীল হ'ন। এরূপ অবস্থায় আমরা বলতে পারি- পৌরসভার কাজের জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে।
- ৩) যখন একজন মেয়র, কাউন্সিলরবৃন্দ এবং পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণ নাগরিকদের মতামতের বিষয়ে অধিক মনোযোগী হ'ন তখন তারা মানসম্মত সেবা প্রদানের বিষয়েও সতর্ক থাকেন; কারণ পৌর নাগরিকগণ মানসম্মত সেবা প্রদানের বিষয়টি মনিটোরিং করেন। এরূপ পরিস্থিতি সেবা সরবরাহের মান উন্নয়নে অবদান রাখতে পারে।
- ৪) নাগরিকগণ যখন নিশ্চিত হ'ন যে, সরবরাহকৃত সেবাসমূহ মানসম্মত, তখন পৌর- প্রশাসনের প্রতি তাদের দৃঢ় আস্থা তৈরি হয় এবং তারা নাগরিক দায়বদ্ধতা পূরণের জন্য নিজ থেকে নাগরিক দায়িত্ব পালনে আগ্রহী হয়ে ওঠেঃ
- ৫) কর প্রদান করা একটি নাগরিক দায়িত্ব এবং যখন পৌরবাসীর মধ্যে কর পরিশোধের দায়িত্বসহ নাগরিক দায়িত্ববোধের চেতনা জাগ্রত হয়, তখন কর আদায়ের হার বৃদ্ধি পায় এবং সেসাথে পৌরসভার রাজস্ব আয়ও বৃদ্ধি পেতে থাকে।
- ৬) যখন পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি পায়, পৌর-প্রশাসন তখন সেবা প্রদানের ক্ষেত্রে অধিক পরিমাণ অর্থ বরাদ্দ করতে পারে এবং সেই সাথে, প্রদত্ত সেবার পরিমাণও বৃদ্ধি পায়।



১) পুণরারম্ভ

জনগণ যদি নাগরিক অংশগ্রহণের প্রভাব সত্যিই উপলব্ধি করে তাহলে

নাগরিকগণ স্বেচ্ছায় জনঅংশগ্রহণ প্রক্রিয়া অব্যাহত রাখতে তৎপর থাকে। অবশ্যই, উপরে বর্ণিত বিন্যাসটি খুবই আদর্শ মানের একটি; তবে এমন মনে করা ঠিক নয় যে, নাগরিক অংশগ্রহণের মাধ্যমে স্বল্প সময়ের মধ্যে সেবার মান উন্নয়ন ও পরিমাণ বৃদ্ধি নিশ্চিত করা সম্ভব হবে। অন্যান্য দেশের অভিজ্ঞতার প্রেক্ষিতে বলা যায়, নাগরিক অংশগ্রহণের ক্ষেত্রে, নাগরিকদের দ্বারা সরকারি কার্যক্রম মনিটোরিং করা- সরকারি পরিসেবার মান উন্নয়নের একটি শক্তিশালি উপায় এবং এতে ক'রে সরকারি খাতের অনিয়ম দূর হয়।

চিত্র ১ঃ নাগরিক অংশগ্রহণের প্রত্যাশিত ইতিবাচক চক্র

সুতরাং, নাগরিক অংশগ্রহণের ইতিবাচক চক্রের একটি গুরুত্বপূর্ণ প্রধান শর্ত হচ্ছে, পৌর-প্রশাসন কর্তৃক অবশ্যই নাগরিক অংশগ্রহণকে যথাযথ মর্যাদা দেয়া এবং একইভাবে, পৌরবাসী কর্তৃক অবশ্যই পৌর-প্রশাসনকে সহযোগীতা প্রদান করা।

৪. ডাব্লিউসি ও টিএলসিসি'র গঠন কাঠামো এবং সার্বিক কার্যাবলী

৪.১ ডাব্লিউসি'র সংখ্যা, গঠন-কাঠামো ও কার্য-পরিধি

৪.১.১ ডাব্লিউসি'র সংখ্যা

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-১৪ অনুসরণে প্রতি ওয়ার্ডে একটি ক'রে অনধিক ১০ সদস্য বিশিষ্ট ডাব্লিউসি গঠিত হবে এবং ঐ ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলর ডাব্লিউসি'র সভাপতি হবেন। বর্তমান অবস্থায় পৌরসভার ডাব্লিউসি'র সংখ্যা ঐ পৌরসভার মোট ওয়ার্ডের সংখ্যার ওপর ভিত্তি ক'রে নির্ণয় করা হয়, যা ক্ষেত্রমতে, সর্বনিম্ন ৯টি এবং সর্বোচ্চ ২১ টি পর্যন্ত হতে পারে।

৪.১.২ ডাব্লিউসি গঠন

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪ নং ধারার ভিত্তিতে এবং পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্য-পরিধি) বিধিমালা, ২০১২ অনুসরণে গঠিত হবে। পৌর-পরিষদ গঠিত হওয়ার তিন মাসের মধ্যে পরিষদের অনুমোদনক্রমে প্রতিটি ওয়ার্ডে ০১টি ক'রে ওয়ার্ড কমিটি গঠিত হবে। পৌর-এলাকার নিম্ন বর্ণিত সদস্য সমন্বয়ে ওয়ার্ড কমিটি গঠিত হবে।

পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্য-বিবরণী) বিধিমালা- ২০১২' এর বিধি-৩ অনুসারে ডাব্লিউসি'র একটি গঠন কাঠামো নিচের সারণীতে দেয়া হলো :

সারণী - ১ঃ ডাব্লিউসি'র গঠন কাঠামো

পদবী	প্রতিনিধিত্ব	মন্তব্য
সভাপতি	সংশ্লিষ্ট ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর	
সহ-সভাপতি	ঐ ওয়ার্ডের (সংরক্ষিত আসন) নারী কাউন্সিলর	মোট সদস্য
সদস্য	নগর দরিদ্র জনগোষ্ঠীর ৩ (তিন) জন প্রতিনিধি	১০ জনের
সদস্য	নাগরিক সমাজের ২ (দুই) জন প্রতিনিধি	বেশি
সদস্য	পেশাজীবী সংগঠনের ২ (দুই) জন প্রতিনিধি	হবে না
সদস্য-সচিব	সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী	

উল্লেখ্য, বিধি-৩ এর উপ-বিধি-২ অনুযায়ী ওয়ার্ড কমিটির সদস্য সংখ্যা ১০ (দশ) জনের বেশি হবে না এবং গঠিত ওয়ার্ড কমিটির মোট সদস্যের মধ্যে ৪০% সদস্য নারী হবেন। এছাড়া সদস্য নির্বাচনে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা যেতে পারেঃ

বক্স- ২

কেস স্টাডিঃ চাঁদপুর পৌরসভায় নাগরিকবৃন্দের অংশগ্রহণ

যে সকল পৌরসভা, ইতোমধ্যে উদাহরণ হিসেবে টিএলসিসি ও ডাব্লিউএলসিসি এর “ইতিবাচক চক্র” সৃষ্টিতে সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে, তার মধ্যে চাঁদপুর পৌরসভা অন্যতম। পৌর মেয়রের মতে যে কোনো পৌরসভার সাফল্যের জন্য নাগরিকদের অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এ ধরনের সভা আয়োজনের জন্য খুবই সীমিত বাজেটের প্রয়োজন হয়; কিন্তু এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল এরূপ ব্যয়ের তুলনায় অনেকগুণ বেশি। যদি কখনও এগুলো অকার্যকর হয়ে পড়ে তাহলে পৌরসভার সুশাসন ব্যহত হবে ও পৌরসভার সাফল্য বিঘ্নিত হবে।

মোঃ নাছির উদ্দিন আহমেদ

মেয়র

চাঁদপুর পৌরসভা

- ১) ওয়ার্ডের মানুষের জীবন যাত্রা সম্পর্কে ওয়াকিবহাল, বিশেষতঃ যারা দীর্ঘ সময় যাবৎ ওয়ার্ডের বাসিন্দা হিসেবে বসবাস করছেন, যাদের নেতৃত্ব প্রদানের দৃঢ়তা এবং নিজস্ব পরিবার ও সমাজের জন্য অবদান রাখার স্বাভাবিক প্রবণতা রয়েছে- এমন ব্যক্তিদের ডাব্লিউসি'র সদস্য হিসেবে নির্বাচনের বিষয়ে প্রাধান্য দিতে হবে; এবং
- ২) ডাব্লিউসি গঠন ক'রে এর কার্য-পরিধিসহ একটি প্রজ্ঞাপন পৌরসভা কর্তৃক জারি করা হবে যার কপি সংশ্লিষ্ট সকল সদস্যদের মাঝে বিতরণ করা হবে এবং পৌরসভার নোটিশ বোর্ডসহ বিভিন্ন মাধ্যমে তা জনসাধারণের জানার জন্য প্রকাশ করা হবে।

৪.১.৩ ডাব্লিউসি'র কার্যাবলী

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪নং ধারার দ্বিতীয় চ্যাপ্টারে ডাব্লিউসি গঠন ও এর পরিচালন বিষয়ে বিধান দেয়া হয়েছে এবং 'পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্য-পরিধি) বিধিমালা- ২০১২' জারির মাধ্যমে ডাব্লিউসি'র কার্য-পরিধি অধিকতর নির্দিষ্ট ক'রে দেওয়া হয়েছে। নিচের সারণী - ২তে ডাব্লিউসি'র কার্য-পরিধি ও তার বাস্তবায়ন কৌশল (কার্য-পরিধি ও তা বাস্তবায়নে করণীয় /উদ্যোগ) বিষয়ে আলোচনা করা হয়েছেঃ

সারণী - ২: ডাব্লিউসি'র কার্য-পরিধি ও করণীয়

ডাব্লিউসি'র কার্য-পরিধি	করণীয়/ উদ্যোগ
১ ওয়ার্ডের চলমান, বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সাথে আলোচনা করা।	<ul style="list-style-type: none"> • ডাব্লিউসি'র সভাপতি আলোচনার সূত্রপাত করবেন এবং উন্মুক্ত সভা আয়োজনের কর্ম-পদ্ধতি নির্ধারণ করবেন। • ওয়ার্ডের নাগরিকদের সাথে উন্মুক্ত সভায় আলোচনা অনুষ্ঠিত হবে।
২ ধারা- ১১৫ এর অধীন গঠিত কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা সংক্রান্ত বিষয় ও সমস্যাসমূহ উপস্থাপন করা	<ul style="list-style-type: none"> • ডাব্লিউসি'র সভাপতি টিএলসিসি'তে উপস্থাপনের জন্য ওয়ার্ড কমিটি'র সভায় আলোচনাতে ওয়ার্ডের সমস্যা চিহ্নিত ক'রে প্রস্তাবনা তৈরি করবেন এবং টিএলসিসি'র সভায় উপস্থাপন করবেন।
৩ জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা।	<ul style="list-style-type: none"> • ডাব্লিউসি'র সভাপতি কর, উপ-কর, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদানের ব্যাপারে জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনার জন্য আলোচনার উদ্যোগ নিবেন ; এবং • ডাব্লিউসি'র সদস্যগণ জনসচেতনতা বৃদ্ধিমূলক কাজের ব্যাপারে একমত হয়ে অভিযান-পরিকল্পনা তৈরি করবেন, পরিকল্পনা বাস্তবায়নের কৌশল নির্ধারণ করবেন (যেমন-র্যালী, পোস্টার/লিফলেট বিতরণ ও অন্যান্য জনসংযোগ কার্যক্রম) এবং তা বাস্তবায়নের ব্যবস্থা নিবেন।
৪ জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাবশ্যকীয় আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহ।	<ul style="list-style-type: none"> • ডাব্লিউসি'র সভাপতি আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহের বিষয়ে আলোচনার সূত্রপাত করবেন এবং সভায় আলোচনা ক'রে তা সংগ্রহের কার্যকর পদ্ধতি নির্ধারণ করবেন; এবং • আলোচনার বিষয়বস্তু সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে এবং তথ্য/ উপাত্ত সংগ্রহের অগ্রগতি পরবর্তী ডাব্লিউসি'র সভায় পর্যালোচনা করা হবে।
৫ রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান।	<ul style="list-style-type: none"> • সভায় ডাব্লিউসি'র সভাপতি পরিসেবা ও জনকল্যাণমূলক প্রকল্প বিষয়ক আলোচনার উদ্যোগ নিবেন এবং ওয়ার্ডের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় প্রকল্প গ্রহণের জন্য ডাব্লিউসি'র সভায় সুপারিশমালা তৈরি ক'রে তা বাস্তবায়নের জন্য পৌর-পরিষদকে পরামর্শ দিবেন।

<p>৬ পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপণ বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা।</p>	<ul style="list-style-type: none"> • সভায় ডাব্লিউসি'র সভাপতি পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপণ বিষয়ে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচনার উদ্যোগ নিবেন; ও • ডাব্লিউসি'র সদস্যগণ যখন জনসচেতনতামূলক কাজের ব্যাপারে একমত হবেন সভাপতি তখন উক্ত কার্যক্রম বাস্তবায়নের পদ্ধতি বিষয়ে সিদ্ধান্ত নিবেন। সিদ্ধান্ত গ্রহণের সময় প্রকৃত পদক্ষেপগুলো বিবেচনায় রাখা যেগুলো অবশ্যই হাতে নেয়া উচিত।
<p>৭ ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের সাথে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।</p>	<ul style="list-style-type: none"> • বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের সাথে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ডাব্লিউসি'র সভাপতি সভায় আলোচনার সূত্রপাত করবেন; • ডাব্লিউসি'র সভায় আলোচনান্তে উপরোক্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য পদ্ধতি/প্রক্রিয়া নির্ধারণ করা হবে; এবং • সর্বসম্মত প্রক্রিয়া/পদ্ধতি অনুসরণ করে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়িত হবে।
<p>৮ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিভূক্ত (যেমন- ভিজিডি, ভিজিএফ, বয়স্কভাতা, ভর্তুর্কি ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরি করে পৌরসভায় প্রেরণ করা।</p>	<ul style="list-style-type: none"> • উন্নয়নমূলক কর্মসূচিভূক্ত ব্যক্তিদের তালিকা প্রণয়নের নীতিমালা নির্ধারণের বিষয়ে ডাব্লিউসি'র সভাপতি আলোচনা করবেন, নীতিমালা অনুযায়ী তৈরীকৃত ব্যক্তিদের তালিকা ডাব্লিউসি'র সুপারিশসহ পৌর-পরিষদে প্রেরণ করা হবে।
<p>৯ জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম, বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বচ্ছাশ্রমের ভিত্তিতে সহায়তা করা।</p>	<ul style="list-style-type: none"> • ডাব্লিউসি'র সভাপতি শুরুতেই স্বচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করার তাৎপর্য তুলে ধরবেন; • সদস্যগণ স্বচ্ছাশ্রমের ভিত্তিতে কার্যক্রম পরিচালনার জন্য কর্মএলাকা, কর্মকৌশল নির্ধারণ এবং উপকরণ নির্বাচন করবেন। • কর্মকান্ড বাস্তবায়নের অগ্রগতি ডাব্লিউসি সভায় পর্যালোচনা/মনিটরিং করতে হবে।
<p>১০ মহামারী ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা</p>	<ul style="list-style-type: none"> • যখন এ রকম অপ্রত্যাশিত পরিস্থিতি আবির্ভূত হবে তখন পৌরসভা ও সরকারের সহায়তায় জরুরী অবস্থা/দুর্যোগ মোকাবেলার জন্য অতিরিক্ত সভা আহ্বান করতে হবে।
<p>১১ পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ছয় মাসে একবার ১৫০ জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডের সার্বিক কর্মকান্ড সম্পর্কে উন্মুক্ত আলোচনা করে, জনগণের মতামত বাস্তবায়নের জন্য তা পরিষদে প্রেরণ করা।</p>	<ul style="list-style-type: none"> • পৌর-পরিষদ কর্তৃক বাজেট/অর্থ বরাদ্দ সাপেক্ষে ডাব্লিউসি বছরে দু'বার উন্মুক্ত সভার আয়োজন করবেন, সেইসাথে আমন্ত্রিত অংশগ্রহণকারীদের তালিকা তৈরি এবং আলোচ্যসূচি নির্ধারণ করবেন; • উন্মুক্ত সভায় নাগরিকদের মতামতের ভিত্তিতে তাদের চাহিদার তালিকা তৈরী করে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে পৌর-পরিষদে প্রেরণ করতে হবে; এবং • সংশ্লিষ্ট কাউন্সিলর নাগরিকদের ন্যায্য দাবীসমূহ পৌর-পরিষদের সভার এজেন্ডাভুক্ত করবেন এবং জনগণের দাবী/চাহিদাসমূহ পূরণের চেষ্টা করবেন।
<p>১২ সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব পালন।</p>	<ul style="list-style-type: none"> • সরকার অথবা পরিষদ কর্তৃক অন্য কোন দায়িত্ব অর্পিত হলে ডাব্লিউসি তা আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং বাস্তবায়ন করবে।

8.1.8 ডাব্লিউসি'র সভা আয়োজন

পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্য-পরিধি) বিধিমালা-২০১২ এর বিধি-৪ এর অধীনে ওয়ার্ড কমিটির সভা সংক্রান্ত নির্দেশনা নিচে বর্ণনা করা হ'লঃ

- (১) ওয়ার্ড কমিটি প্রতি কোয়ার্টারে (তিন মাস অন্তর) ন্যূনতম একটি সভার আয়োজন করবে;
- (২) ওয়ার্ড কমিটির সভাপতি অথবা তাঁর অনুপস্থিতিতে ওয়ার্ড কমিটির সহ-সভাপতির সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে এবং তিনি সভার সার-সংক্ষেপ আলোচনাপূর্বক সভার পরিসমাপ্তি ঘোষণা করবেন;
- (৩) সভাপতির সাথে পরামর্শক্রমে ওয়ার্ড কমিটির সদস্য-সচিব সংশ্লিষ্ট সভার তারিখ, সময়, আলোচ্যসূচি নির্ধারণ এবং সভার কার্যপত্র প্রস্তুতপূর্বক সভা আহ্বান করবেন;
- (৪) উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কমপক্ষে সাতদিন পূর্বে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে নোটিশ প্রদান করতে হবে না;
- (৫) কমিটির পাঁচ জন (৫০%) সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে, তবে মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হবে না;
- (৬) সভা অনুষ্ঠানের জন্য প্রদত্ত নোটিশে সুনির্দিষ্ট আলোচ্যসূচি উল্লেখ থাকবে এবং উল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী সভা অনুষ্ঠিত হবে, নোটিশের সংগে কার্যপত্রও বিতরণ হবে;
- (৭) সভায় পূর্ববর্তী সভার কার্য-বিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হবে; এবং
- (৮) কমিটির সভায় গৃহীত কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে সভাপতি এর ব্যাখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

ওয়ার্ড কমিটির সভা কার্যকরভাবে সম্পাদনের জন্য যে সকল বিষয় অনুসরণ করা জরুরী তা নিচে আলোচনা করা হলোঃ

- ক) প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য একটি উপস্থিতি তালিকা সদস্যদের মাঝে বিতরণ করা হবে, সদস্যগণ শীটটি পূরণ করে স্বাক্ষর দিবেন;
- খ) ডাব্লিউসি'র সভার শুরুতে কোরাম গঠিত হয়েছে কি-না, সে বিষয়ে নিশ্চিত হতে হবে
- গ) কার্যপত্রে উল্লেখিত আলোচ্যসূচির ধারাবাহিকতা অনুসারে আলোচনা পরিচালিত হবে;
- ঘ) একটি বাঁধাই করা বইয়ে (রেজিস্ট্রার খাতা) নির্ধারিত ফরম্যাটে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা হবে। যার মধ্যে কাউন্সিলর, ডাব্লিউসি'র সদস্যসহ সকল উপস্থিত সদস্যের নাম অন্তর্ভুক্ত থাকবে;
- ঙ) সভা চলাকালীন সদস্যগণ অন্যদের বক্তব্য মনোযোগ সহকারে শুনবেন এবং সংক্ষেপে নিজেদের মতামত ব্যক্ত করবেন;
- চ) সদস্যগণ শুধুমাত্র বিদ্যমান সমস্যা নিয়ে সমালোচনা বা অভিযোগ করবেন না; বরং সমস্যা সমাধানের জন্য বিকল্প চিন্তা-ভাবনা উপস্থাপন করবেন এবং সম্ভাব্য সর্বাপেক্ষা কার্যকর সমাধানটি সম্মিলিতভাবে নির্ধারণ করবেন; এবং
- ছ) সদস্যগণ যাতে চলমান আলোচ্য বিষয়ের মধ্যে তাদের আলোচনা সীমিত রাখেন এবং চলতি বিষয়ের

সার-সংক্ষেপ না ক'রেই যাতে আলোচনা অপ্রাসঙ্গিক বিষয়ে না যায়, সভাপতি তা নিশ্চিত করবেন। ডাব্লিউসি'র সভাপতি অন্য বিষয়ে যাওয়ার পূর্বে আলোচনার সার-সংক্ষেপ চূড়ান্ত করবেন।

8.1.5 ডাব্লিউসি সভার আলোচ্যসূচি

নির্ধারিত সময়ে সফলভাবে সভা অনুষ্ঠানের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো পূর্বনির্ধারিত আলোচ্যসূচি অনুসারে আলোচনার ধারাবাহিকতা রক্ষা ক'রে সভা পরিচালনা করা। এজন্য ডাব্লিউসি'র সভা আয়োজনের পূর্বে সুনির্দিষ্ট আলোচ্যসূচি নির্ধারণ করা দরকার। আলোচ্যসূচি নির্ধারণে নিম্নোক্ত নমুনাটি অনুসরণ করা যেতে পারেঃ

- আলোচ্যসূচি- ১ঃ পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও নিশ্চিতকরণ;
আলোচ্যসূচি- ২ঃ পূর্ববর্তী সভার আলোচনা/সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
আলোচ্যসূচি- ৩ঃ পূর্ব নির্ধারিত আলোচ্যসূচীর উপর আলোচনা; এবং
আলোচ্যসূচি- ৪ঃ বিবিধ/অন্যান্য ইস্যু।

8.1.6 ডাব্লিউসি'র সভার কার্যপত্র, কার্য-বিবরণী ফরম্যাট

ডাব্লিউসি'র সভার কার্যপত্র নির্ধারিত আলোচ্যসূচি অনুসরণে তৈরি এক প্রকার দলিল; যাতে আলোচ্যসূচির বিভিন্ন বিষয় ধারাবাহিকভাবে লিপিবদ্ধ হয়ে থাকে। কার্যপত্র সভার পটভূমিসহ আলোচ্যসূচি সম্পর্কে ডাব্লিউসি'র সদস্যদের উপলব্ধি ও সম্যক ধারণা সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে। সভার সভাপতি হিসেবে ওয়ার্ড কাউন্সিলর একটি নির্দিষ্ট ধারাবাহিকতায় সভা পরিচালনা করতে পারেন এবং যে কোন অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা থেকে সংশ্লিষ্ট সদস্যকে/আলোচনাকারীকে বিরত রাখতে পারেন। সে ক্ষেত্রে সদস্য-সচিব আলোচনা ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করতে সক্ষম হন।

ডাব্লিউসি'র কার্যপত্র তৈরি ও এর কার্য-বিবরণী লিপিবদ্ধ করার জন্য একই আকৃতির ফরম্যাট ব্যবহার করা গেলে কাজের প্রক্রিয়াটি সহজ হয়, এবং উভয় কাজের ক্ষেত্রে সময় বাঁচবে। একই আকৃতির ফরম্যাট ব্যবহার ক'রে সেটি কিভাবে পূরণ করা যায় তার বিস্তারিত নির্দেশনাসহ একটি নমুনা ফরম্যাট এই হ্যান্ড-বুকের শেষে সংযুক্তি-১ এ সংযোজন করা হলো। এছাড়াও কার্যপত্র তৈরি ও কার্য-বিবরণী লিপিবদ্ধ করার আরও কিছু সাধারণ পদ্ধতি নিচে বর্ণনা করা হলোঃ

- ১) ডাব্লিউসি'র সদস্য-সচিব পূর্ব নির্ধারিত আলোচ্যসূচির আলোকে কার্যপত্রের প্রথম কলামটি পূরণ করবেন এবং অন্য কলামসমূহ খালি রাখবেন;
- ২) সদস্য-সচিব ডাব্লিউসি'র সভার নোটিশের সাথে একটি ক'রে কার্যপত্র সংযুক্তি হিসেবে সদস্যদের মাঝে বিতরণ করবেন;
- ৩) সভা চলাকালীন প্রতিটি আলোচ্যসূচির সাথে সংশ্লিষ্ট আলোচনা, অগ্রগতি পর্যালোচনা, সিদ্ধান্ত, সুপারিশ, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, কার্য সম্পাদনের জন্য নির্ধারিত সময়সীমা ইত্যাদি সম্পর্কিত বিষয় দ্বারা কার্য-পত্রের খালি কলামগুলো পূরণ করতে হবে। এভাবে ডাব্লিউসি সভার কার্যপত্র কার্য-বিবরণীতে পরিণত হবে;
- ৪) এ ভাবে তৈরি কার্য-বিবরণী ডাব্লিউসি'র সভাপতি ও সদস্য-সচিব পুনরায় পরীক্ষা ক'রে স্বাক্ষর করবেন এবং তা সদস্যদের মাঝে বিতরণ করবেন; এবং
- ৫) খসড়া কার্য-বিবরণী ডাব্লিউসি'র পরবর্তী সভায় পর্যালোচনার পর অনুমোদিত হবে।

৪.১.৭ প্রতিবেদন

প্রতিটি ওয়ার্ড কমিটিকে প্রতি তিন মাস অন্তর ওয়ার্ড কমিটির কার্যক্রমের অগ্রগতির বিষয়ে পৌরসভা পরিষদে লিখিত প্রতিবেদন পেশ করতে হবে।

বিশেষ প্রয়োজনে, ডাব্লিউসি'র কার্যবিবরণী কোন জনবহুল জায়গায় প্রদর্শন করা যেতে পারে, যেমন - পৌরসভা নোটাশ বোর্ড।

৪.১.৮ ডাব্লিউসি'র সভা অনুষ্ঠানের কার্য-চক্র

পূর্বের আলোচনা অনুসারে, ডাব্লিউসি'র সভা প্রতি তিন মাস অন্তর আয়োজন করতে হয়। একইভাবে সকল সভাকে কার্যকর করার জন্য কার্য-সম্পাদনের সময়সীমা নির্ধারণ করাও জরুরী। সভাকে কার্যকর ক'রে তোলা সকল সদস্যেরই দায়িত্ব, তবে কিছু কিছু সদস্যের প্রতি সুনির্দিষ্ট দায়িত্ব দেয়া থাকে। নিচের চিত্র-২ এ উল্লেখিত কার্য-চক্রটি সভা আয়োজনের বিষয়ে ডাব্লিউসি'র সংশ্লিষ্ট সদস্যবৃন্দের জন্য সহায়ক হ'তে পারেঃ



চিত্র- ২: ডাব্লিউসি সভা অনুষ্ঠানের কার্য-চক্র

৪.২ টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (টিএলসিসি) এর গঠন-প্রক্রিয়া ও কার্য-পরিধি

৪.২.১ টিএলসিসি প্রতিষ্ঠায় সরকারি নির্দেশনা

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৯ মার্চ, ২০১১ তারিখে ২৫৮ নং স্মারকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪ এবং ১১৫ ধারা মোতাবেক যথাক্রমে ওয়ার্ড সমন্বয় কমিটি (ডাব্লিউএলসিসি) ও শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) গঠন ও কার্য-পরিধি সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করা হয়। পৌরসভার উন্নয়ন কর্মেকান্ডে সর্বস্তরের নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে তাতেও মতামত প্রদান ও দাবী-দাওয়া উত্থাপনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এই অফিস আদেশ জারি হয়। অতঃপর স্থানীয় সরকার বিভাগ

কর্তৃক ১৮ অক্টোবর, ২০১২ তারিখে ১৬৪৫ নং স্বারকে, পূর্বের আদেশের ওয়ার্ড সমন্বয় কমিটির অংশটুকু বাতিল করে, পৌরসভার (ওয়ার্ড কমিটি গঠন ও কার্য-পরিধি) বিধিমালা, ২০১২ জারি করে এবং উক্ত আদেশের ০২ এর (খ) তে উল্লেখিত শহর সমন্বয় কমিটির গঠন প্রক্রিয়া ও ০৩ নং ক্রমিকে বর্ণিত শহর সমন্বয় কমিটির কার্য-পরিধির অংশটুকু বলবৎ রাখা হয়।

৪.২.২ টিএলসিসি'র গঠন-প্রক্রিয়া

প্রতিটি পৌরসভাকে শহর সমন্বয় কমিটি/টিএলসিসি গঠন করতে হবে; যার সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ জন। টিএলসিসি'র সদস্যগণ ১১৫ নং ধারার উপধারা - ২ অনুযায়ী সভায় কর ধার্যকরণ ও আদায়সহ বিভিন্ন সেবা ও অন্যান্য উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে নিজেদের মতামত ব্যক্ত করতে পারবে। টিএলসিসি'র গঠন কাঠামো ও কার্য-পরিধি নির্ধারিত হয়েছে স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর ১১৫ নং ধারা এবং ৬ষ্ঠ তফসিলের ২৪ নং ক্রমিকের বর্ণনা অনুযায়ী। নিম্নোক্ত সারণী - ৩ এ টিএলসিসি'র গঠন কাঠামো দেখানো হলো, যা পরবর্তী কোন অফিস আদেশ বা প্রজ্ঞাপন জারি না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

সারণী-৩ঃ টিএলসিসি'র গঠন কাঠামো

পদবী	প্রতিনিধিত্ব	মন্তব্য
চেয়ারপার্সন	পৌরসভা মেয়র	৫০ সদস্যের বেশি হবে না
সদস্য	কাউন্সিলর (মেয়র কর্তৃক নির্ধারিত অনধিক ১২ জন)	
সদস্য	সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত, সমাজসেবা, সমবায়, টিএন্ডটি -০৮ জন)	
সদস্য	পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা, সংস্কৃতি, আইনজীবী, ব্যবসায়ী, চিকিৎসক- ০৫ জন)	
সদস্য	NGO প্রতিনিধি-০৪ জন	
সদস্য	নাগরিক সমাজ -১২ জন	
সদস্য	শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি -০৭ জন	
সদস্য-সচিব	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব	

টিএলসিসি গঠনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করা দরকারঃ

- প্রতি ওয়ার্ড থেকে ০১-০৩ জন সদস্য মনোনীত করা;
- মোট সদস্যদের মধ্যে কমপক্ষে ১/৩ ভাগ নারী সদস্য অন্তর্ভুক্ত করা;
- চূড়ান্তভাবে টিএলসিসি'র সদস্য নির্বাচনের পূর্বে সম্ভাব্য যোগ্য নাগরিকদের সাথে যোগাযোগ করে অন্তর্ভুক্তিতে তাদের আগ্রহ জানা; এবং
- প্রতিষ্ঠানের ভূমিকার গুরুত্ব বিবেচনায় রেখে সহযোগী প্রতিষ্ঠান চিহ্নিত করা।

৪.২.৩ টিএলসিসি'র কার্য-পরিধি

টিএলসিসি'র কার্য-পরিধি এবং কার্য-পরিধির আলোকে করণীয় বিষয় নিচের সারণী - ৪ এ বর্ণনা করা হলোঃ

সারণী -৪ঃ টিএলসিসি'র কার্য-পরিধি ও কর্মকান্ড

টিএলসিসি'র কার্য-পরিধি	কর্মকান্ড
১) নাগরিকদেরকে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণের লক্ষ্যে সচেতন করা সহ পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা তৈরির বিষয়ে আলোচনার উদ্যোগ নেয়া।	<ul style="list-style-type: none"> • টিএলসিসি'তে আলোচনার মাধ্যমে পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে নাগরিকদের অংশ গ্রহণের ক্ষেত্রসমূহ চিহ্নিত করা; • চিহ্নিত ক্ষেত্রসমূহে নাগরিক অংশ গ্রহণের প্রক্রিয়া নির্ণয় করা; এবং • উক্ত প্রক্রিয়ায় উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে নাগরিকদের অংশগ্রহণের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা।

<p>২) পৌরসভার 'সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয় অগ্রগতি, সহযোগিতা এবং তত্ত্বাবধান ও মনিটোরিং করা।</p>	<ul style="list-style-type: none"> • পৌরসভার 'সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন' কাজের অগ্রগতি পৌরসভার একজন দায়িত্বশীল কর্মকর্তা সভায় উপস্থাপন করবেন; • উপস্থাপনা শেষ হলে পরিকল্পনা প্রণয়ন কাজের অগ্রগতি সভায় পর্যালোচনা করা হবে; এবং • টিএলসিসি পৌরসভার 'সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন' কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
<p>৩) কমিটির সভায় পৌরসভার কর ধার্যকরণসহ কর আদায়ের বিষয়ে আলোচনা করা।</p>	<ul style="list-style-type: none"> • সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব পৌর কর ধার্যকরণ ও কর আদায় সংক্রান্ত কাজের সর্বশেষ অবস্থা টিএলসিসি'র সদস্যগণকে অবহিত করবেন; • সদস্য-সচিবের বক্তব্যের আলোকে টিএলসিসি'র সভাপতি পৌর কর ধার্যকরণ ও আদায় সংক্রান্ত সমস্যাবলী একটি-একটি করে আলোচনার উদ্যোগ নিবেন এবং তা সমাধানের জন্য টিএলসিসি সভায় সুপারিশমালা তৈরি করবেন ; • টিএলসিসি সভায় তৈরি সুপারিশমালার ওপর পৌর-পরিষদের অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট বিভাগ/সেকশন তা বাস্তবায়ন করবে; এবং • বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে।
<p>৪) পৌরসভা কর্তৃক পৌরবাসীকে বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা করা।</p>	<ul style="list-style-type: none"> • নাগরিকদের জন্য পৌরসভা কর্তৃক বিভিন্ন সেবা সরবরাহ বিষয়ে সভাপতি আলোচনা শুরু করবেন; এবং • যে সকল সেবা পৌরসভার সরবরাহ করার দায়িত্ব রয়েছে তার মাধ্যে পৌরবাসী প্রকৃতপক্ষে কতটুকু সেবা পাচ্ছে বা আদৌ কোন সেবা পাচ্ছে কী-না অথবা সেবা প্রদানে কোন ঘাটতি বা সমস্যা আছে কি না, তা টিএলসিসি'র সভায় আলোচনা করে সমাধানের জন্য সুপারিশমালা তৈরি করতঃ তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/কমিটির নিকট প্রেরণ করা হবে।
<p>৫) কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে টিএলসিসি'র প্রথম সভা অনুষ্ঠান করা।</p>	<ul style="list-style-type: none"> • টিএলসিসি গঠনের ১৫ দিনের মধ্যে টিএলসিসি'র প্রথম সভা আয়োজনের বিষয়টি পৌরমেয়র নিশ্চিত করবেন।
<p>৬) প্রতি তিন মাসে একটি সভা আহ্বান করা এবং প্রতিটি সভার কার্যবিবরণী তৈরি করা।</p>	<ul style="list-style-type: none"> • পৌর মেয়র প্রতি ৩ মাস অন্তর টিএলসিসি'র সভা অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করবেন এবং যথাসময়ে সভা অনুষ্ঠানের বিষয়ে নির্বাহী কর্মকর্তা/সচিবকে নির্দেশনা দিবেন; এবং • প্রতিটি সভাশেষে নির্ধারিত সময়ের মধ্যে কার্যবিবরণী তৈরি এবং তা বিতরণ নিশ্চিত করতে হবে।
<p>৭) পৌরসভা প্রশাসন কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে আলোচনা করা।</p>	<ul style="list-style-type: none"> • পৌর মেয়র পৌরসভা কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কাজের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করে উন্নয়নমূলক কাজের গুণগতমান ও সমস্যা নিয়ে আলোচনা করবেন এবং এ বিষয়ে সদস্যদের মতামত আহ্বান করবেন; • উন্নয়নমূলক কাজের ব্যাপারে যদি কোন সমস্যা থাকে তাহলে টিএলসিসি'তে তা আলোচনা করতে হবে এবং সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে সুপারিশমালা তৈরি করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বা বিভাগে/কমিটিতে প্রেরণ করা হবে;
<p>৮) পৌরসভার পরিচালন ব্যবস্থাপনা উন্নয়নের বিষয়ে আলোচনা করা।</p>	<ul style="list-style-type: none"> • টিএলসিসি সভায় পৌরসভার বিদ্যমান পরিচালন ব্যবস্থা সম্পর্কে পৌর-মেয়র আলোচনার উদ্যোগ নিবেন; • পৌরসভার বিদ্যমান পরিচালন ব্যবস্থা উন্নয়নের বিষয়ে আলোচনা করে যৌক্তিক সুপারিশ প্রদানের জন্য মেয়র টিএলসিসি'র সদস্যগণকে আলোচনার আহ্বান জানাবেন;

	<ul style="list-style-type: none"> আলোচনান্তে পৌরসভার পরিচালন ব্যবস্থা উন্নয়নের সুপারিশমালা তৈরি করে পৌর-পরিষদে প্রেরণ করা হবে; এবং টিএলসিসি কর্তৃক প্রেরিত সুপারিশের প্রেক্ষিতে পরিচালন ব্যবস্থার উন্নতি সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় আলোচনা করা হবে
৯)পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে নাগরিক সম্পৃক্ততা নিয়ে আলোচনা করা।	<ul style="list-style-type: none"> পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডের কোন কোন ক্ষেত্রে নাগরিক অংশগ্রহণ বাড়ানো যায় টিএলসিসি তা নিয়ে আলোচনা করে সুপারিশমালা তৈরি করবেন; এবং নাগরিক অংশগ্রহণ বাড়ানোর ক্ষেত্রে গৃহীত সুপারিশমালার অগ্রগতি পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে এবং কোন উপদেশ বা সুপারিশ পুনরায় প্রয়োজনে হ'লে টিএলসিসি তা প্রদান করবে।
১০)পৌরসভার স্থায়ী কমিটিসমূহের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করা।	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট স্থায়ী কমিটিসমূহের সভাপতিগণ তাদের কমিটির কাজের অগ্রগতি টিএলসিসি সভায় উপস্থাপন করবেন; এবং টিএলসিসি'তে প্রতিটি স্থায়ী কমিটির কাজের অগ্রগতি পর্যালোচনা করা হবে এবং যদি প্রয়োজন হয় তাহলে টিএলসিসি তাদের কাজের ব্যাপারে মতামত/পরামর্শ প্রদান করবে।
১১)সকল টিএলসিসি'র আলোচনা, সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করা এবং পরবর্তী সভাসমূহে সিদ্ধান্তবলী বাস্তবায়নের অবস্থা আলোচনা করা ও এ ব্যবস্থা চালিয়ে যাওয়া।	<ul style="list-style-type: none"> মেয়র প্রতিটি সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী ফরম্যাটে লিপিবদ্ধ করার জন্য নির্বাহী কর্মকর্তা/ সচিবকে নির্দেশনা দিবেন; সভার কার্যবিবরণী টিএলসিসি'র পরবর্তী সভায় পর্যালোচনার পর অনুমোদিত হবে; এবং টিএলসিসি'র সদস্যগণ তাদের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি ফলো-আপ করবেন এবং প্রয়োজনে কার্যবিবরণীর সূত্র ধরে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৪.২.৪ টিএলসিসি'র সভা আয়োজন

টিএলসিসি প্রতি কোয়ার্টারে ন্যূনতম একটি সভার আয়োজন করবে (তিন মাস অন্তর)। টিএলসিসি'র সভা আয়োজনের অনুসরণীয় নীতি/পদ্ধতিসমূহ নিচে আলোচনা করা হ'লঃ

১. টিএলসিসি গঠনের ১৫ দিনের মধ্যে কমিটির প্রথম সভা অনুষ্ঠান করতে হবে;
২. সভাপতির সাথে পরামর্শক্রমে টিএলসিসি'র সদস্য-সচিব সংশ্লিষ্ট সভার তারিখ, সময় ও আলোচ্যসূচি নির্ধারণসহ কার্যপত্র তৈরি করে সভা আহ্বান করবেন। জনসাধারণের জানার জন্য পৌরসভার নোটিশ বোর্ডে সভার কার্যপত্র ঝুলিয়ে দিতে হবে;
৩. উক্ত কমিটির সভা অনুষ্ঠানের কমপক্ষে সাতদিন পূর্বে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে নোটিশ প্রদান করতে হবে না;
৪. কমিটির সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোরাম বা ন্যূনতম সদস্য সংখ্যার উপস্থিতি প্রয়োজন। ৫০% সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে, তবে মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হবে না;
৫. সভা অনুষ্ঠানের জন্য প্রদত্ত নোটিশে সুনির্দিষ্ট আলোচ্যসূচির উল্লেখ থাকবে এবং উল্লিখিত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালিত হবে, নোটিশের সংগে কার্যপত্র সংযুক্ত ক'ও দিতে হবে;
৬. পৌরসভার মেয়র টিএলসিসি সভায় সভাপতিত্ব করবেন এবং তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের সার-সংক্ষেপ বর্ণনাপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করবেন;
৭. সভাপতির অনুপস্থিতিতে প্যানেল মেয়র- ১ টিএলসিসি'র সভায় সভাপতিত্ব করবেন;
৮. একটি 'উপস্থিতি-স্বাক্ষর শীট' উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর প্রদানের জন্য বিতরণ করা হবে এবং সদস্যবৃন্দ উক্ত

শীটের চাহিদা মোতাবেক নাম ও অন্যান্য তথ্যাদি প্রদান-পূর্বক স্বাক্ষর করবেন;

৯. সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও প্রয়োজনীয় সংশোধনীসহ (যদি থাকে) তা নিশ্চিত করতে হবে এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম সম্পর্কে কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে;
১০. সভায় পূর্বনির্ধারিত আলোচ্যসূচির ধারাবাহিকতা অনুসারে আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হবে;
১১. কোন ক্ষেত্রে পূর্ববর্তী সভায় গৃহীত কোন সিদ্ধান্ত বাস্তবায়িত না হলে সভাপতি উক্ত বিষয়ে পরবর্তী সভায় তার ব্যাখ্যা প্রদান করবেন;
১২. একটি বাঁধাই করা বইয়ে/ রেজিস্টারে নির্ধারিত ফরম্যাট অনুসারে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা হবে; যার মধ্যে উপস্থিত সকল সদস্যগণের নাম অন্তর্ভুক্ত থাকবে; এবং
১৩. প্রতিটি কার্যবিবরণী সভা অনুষ্ঠানের ১৪ দিনের মধ্যে তা টিএলসিসি'র সকল সদস্যের মধ্যে বিতরণ করতে হবে এবং পরবর্তী টিএলসিসি সভায় অনুমোদন নিতে হবে। সভার কার্যবিবরণী সদস্যের মধ্যে বিতরণের পাশাপাশি পৌরসভার নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।

৪.২.৫ সভা চলাকালীন সদস্যদের কাছে প্রত্যাশিত আচরণ

- অন্য সদস্যদের বক্তব্য ও আলোচনা মনোযোগ সহকারে শোনা (টিএলসিসি'র সদস্যগণ কর্তৃক) এবং ক্রমানুসারে আলোচনায় অংশগ্রহণ করা;
- বিদ্যমান সমস্যা নিয়ে শুধুমাত্র সমালোচনা না করে ভিন্ন আঙ্গিকে সমস্যা সমাধানের জন্য বিকল্প চিন্তা-ভাবনা করা এবং সম্মিলিতভাবে সীমিত সামর্থ্যের মধ্যে সমাধানের উপায় সম্পর্কে পরামর্শ প্রদান করা ; এবং
- সদস্যগণ যাতে আলোচনা মনোযোগ সহকারে শোনে এবং চলমান আলোচনার সার-সংক্ষেপের পূর্বে যাতে কোন অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা না হয় টিএলসিসি সভাপতি তা নিশ্চিত করবেন। অন্য কোন বিষয়ে যাওয়ার পূর্বে সভাপতি আলোচনায় সারমর্ম উপস্থাপন করবেন।

৪.২.৬ টিএলসিসি'র সভার আলোচ্যসূচি

সময়মত সফলভাবে সভা অনুষ্ঠানের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হলো পূর্বনির্ধারিত কার্যসূচি অনুসারে আলোচনা করা। এজন্য টিএলসিসি'র সভা আয়োজনের পূর্বেই আলোচ্যসূচি নির্ধারণ করা অতি গুরুত্বপূর্ণ বিষয়। একটি নমুনা আলোচ্যসূচি নিচে প্রদান করা হলোঃ

- আলোচ্যসূচি- ১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ;
- আলোচ্যসূচি- ২ঃ পূর্ববর্তী সভার সিদ্ধান্তগুলো বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- আলোচ্যসূচি- ৩ঃ পূর্ব নির্ধারিত আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ; এবং
- আলোচ্যসূচি- ৪ঃ বিবিধ/অন্যান্য ইস্যু।

৪.২.৭ টিএলসিসি সভার কার্যপত্র, কার্য-বিবরণী ফরম্যাট

টিএলসিসি সভার কার্যপত্রে নির্ধারিত আলোচ্যসূচি এবং আলোচ্যসূচির বিভিন্ন বিষয় ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করা হয়ে থাকে। কার্যপত্র সভার আলোচনার বিষয়ের সংগে পটভূমিসহ আলোচ্যসূচির ব্যাপারে সদস্যদের সম্যক ধারণা সৃষ্টিতে সহায়তা করতে পারে। কার্যপত্র অনুসারে সভাপতি একটি নিদিষ্ট ধারাবাহিকতায় সভা পরিচালনা করতে এবং অপ্রাসঙ্গিক আলোচনা এড়িয়ে চলতে পারেন। সুতরাং, সদস্য-সচিব আলোচনা ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করতে সক্ষম হন।

টিএলসিসি'র কার্যপত্র তৈরি ও এর কার্য-বিবরণী লিপিবদ্ধ করার জন্য একই আকৃতির ফরম্যাট ব্যবহার করা গেলে কাজের


প্রক্রিয়াটি সহজ হয়, এবং উভয় কাজের ক্ষেত্রে সময়ও বাঁচবে। একই আকৃতির ফরম্যাট ব্যবহার ক’রে সেটি কিভাবে পূরণ করা যায় তার বিস্তারিত নির্দেশনাসহ একটি নমুনা ফরম্যাট এই হ্যান্ড-বুকের শেষে সংযুক্তি-২ এ সংযোজন করা হলো। এছাড়াও কার্যপত্র তৈরি ও কার্য-বিবরণী লিপিবদ্ধ করার আরও কিছু সাধারণ পদ্ধতি নিচে বর্ণনা করা হলোঃ

- ১) টিএলসিসি’র সদস্য-সচিব পূর্ব নির্ধারিত আলোচ্যসূচির আলোকে কার্যপত্রের প্রথম কলামটি পূরণ করবেন এবং অন্য কলামসমূহ খালি রাখবেন;
- ২) সদস্য-সচিব টিএলসিসি’র সভার নোটিশের সাথে একটি ক’রে কার্যপত্র সংযুক্তি হিসেবে সদস্যদের মাঝে বিতরণ করবেন;
- ৩) সভা চলাকালীন প্রতিটি আলোচ্যসূচির সাথে সংশ্লিষ্ট আলোচনা, অগ্রগতি পর্যালোচনা, সিদ্ধান্ত, সুপারিশ, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, কার্য সম্পাদনের জন্য নির্ধারিত সময়সীমা ইত্যাদি সম্পর্কিত বিষয় দ্বারা কার্য-পত্রের খালি কলামগুলো পূরণ করতে হবে। এভাবে টিএলসিসি সভার কার্যপত্র, কার্য-বিবরণীতে পরিণত হবে;
- ৪) এ ভাবে তৈরি কার্য-বিবরণী টিএলসিসি’র সভাপতি ও সদস্য-সচিব পুণরায় পরীক্ষা ক’রে স্বাক্ষর করবেন এবং তা সদস্যদের মাঝে বিতরণ করবেন;
- ৫) খসড়া কার্য-বিবরণী টিএলসিসি ’র পরবর্তী সভায় পর্যালোচনার পর অনুমোদিত হবে।

৪.২.৮ টিএলসিসি সভার কার্য-চক্র

পূর্বের আলোচনা অনুসারে প্রতি তিন মাস অন্তর টিএলসিসি’র সভা অনুষ্ঠান করতে হয়। একইভাবে সকল সভাকে কার্যকর করার জন্য কার্য সম্পাদনের সময়সীমা নির্ধারণ করাও জরুরী। সভাকে কার্যকর ক’রে তোলা সকল সদস্যেরই দায়িত্ব, তবে কিছু কিছু সদস্যকে সুনির্দিষ্ট কার্যভার গ্রহণ করতে হয়।

নিচের চিত্র-৩ এর কার্য-চক্রটি সুষ্ঠুভাবে সভা আয়োজনের বিষয়ে টিএলসিসি-সংশ্লিষ্ট সদস্যদের জন্য সহায়ক হতে পারেঃ




৪.৩ টিএলসিসি ও ডাব্লিউসি'র মাধ্যমে তথ্য সরবরাহ ও সিদ্ধান্ত গ্রহণ প্রবাহ

টিএলসিসি ও ডাব্লিউসি পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অংশ, ওয়ার্ড পর্যায়ে থেকে যার যাত্রা শুরু হয়ে নিম্নোক্ত প্রক্রিয়ায় পৌর-পরিষদ পর্যন্ত সঞ্চালিত হয়ঃ

- (১) ওয়ার্ডে বসবাসরত নাগরিকদের একক বা যৌথ চাহিদা/দাবীসমূহ ওয়ার্ডের সদস্যদের মাধ্যমে ওয়ার্ড কমিটিতে আসে;
- (২) পৌরবাসীর বিভিন্ন চাহিদার সংগে অন্যান্য ইস্যুগুলো ওয়ার্ড কমিটির সভায় আলোচনা হয় এবং সভার কার্য-বিবরণী টিএলসিসি সভায় উত্থাপনের জন্য মেয়রের কাছে অনুরোধ আকারে প্রেরণ করা হয়;
- (৩) টিএলসিসি, চাহিদা/প্রস্তাবনাসমূহ যাচাই-বাছাই করে সুপারিশ প্রদান করে অথবা অধিকতর পরীক্ষা-নীরিক্ষার জন্য সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে প্রেরণ করে;
- (৪) টিএলসিসি এবং স্থায়ী কমিটির সুপারিশমালা পরবর্তীতে পৌর-পরিষদে পাঠানো হয়;
- (৫) চাহিদাসমূহ অনুমোদনের পর পৌর-পরিষদ তা সমাধানের জন্য বা প্রতিকারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে;
- (৬) পৌর-পরিষদ কর্তৃক গৃহীত সমাধানের পথ বা প্রতিকারের জন্য গৃহীত পদক্ষেপগুলো মেয়রের মাধ্যমে টিএলসিসি'তে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে ওয়ার্ড কমিটিতে ফিরে আসে;
- (৭) সংশ্লিষ্ট ডাব্লিউসি'র সদস্যগণ পৌর-পরিষদ কর্তৃক গৃহীত সমাধানের উপায়সমূহ কমিউনিটি বা ওয়ার্ডের বাসিন্দাদেরকে অবহিত করে;

উপরের বন্ধনীভুক্ত সংখ্যাসমূহ তথ্য সরবরাহ প্রক্রিয়ায় যুক্ত নিচের বন্ধনীভুক্ত সংখ্যাগুলোর সংগে।

পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ ও তথ্য সরবরাহ প্রক্রিয়ায় নাগরিকগণ ডাব্লিউসি ও টিএলসিসি'র মাধ্যমে যে পদ্ধতিতে অংশগ্রহণ করে তার একটি সাধারণ প্রবাহ চিত্র নিচে প্রদর্শন করা হ'ল। তবে এটা অবশ্যই স্মরণে রাখা দরকার যে, উদ্দেশ্য ও বিষয়বস্তুভেদে এ প্রবাহ চিত্রে সামান্য হলেও তারতম্য হতে পারে।



চিত্র- ৪:ডাব্লিউসি ও টিএলসিসি'র মাধ্যমে পৌরসভার নাগরিকদের অংশগ্রহণে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া প্রবাহ

৫. ডাব্লিউসি ও টিএলসিসি'র সময়ক্রম

ডাব্লিউসি ও টিএলসিসি'র সভা, ত্রৈমাসিক ভিত্তিতে পৌরসভার বিভিন্ন পরিকল্পিত কাজের সংগে সমন্বয়ের মাধ্যমে আয়োজন করা আবশ্যিক। যে কোনো নতুন অর্থ বছরের শুরুতে গুরুত্বপূর্ণ তারিখসমূহ চিহ্নিত করা, নির্দিষ্ট সময়ান্তে তাদের পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে বার্ষিক ক্যালেন্ডার প্রণয়নের জন্য বিষয়টি সহায়ক। এছাড়া একটি ছকবদ্ধ ক্যালেন্ডার থাকার কারণে ডাব্লিউসি ও টিএলসিসি'র সদস্যবৃন্দ পৌরসভার অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ ও সেগুলোর সর্বশেষ সময়সীমার সাথে মিলিয়ে কখন তাদের সভা আয়োজন করা প্রয়োজন, তা সহজেই নির্ধারণ করতে পারে এবং ডাব্লিউসি ও টিএলসিসি'র কর্মকান্ড সময়ের সাথে সাথে সুষ্ঠুভাবে অগ্রসর হ'তে পারে। সঠিক পরিকল্পনা, ডাব্লিউসি ও টিএলসিসি'র সদস্যবৃন্দকে কর্মক্ষেত্রে গঠনমূলক ও কার্যকর অবদান রাখতে সহায়তা করতে পারে।


৬. অর্থ বছরের ক্যালেন্ডার, কর্ম-পরিকল্পনা ভাবনা (জুলাই - জুন)

পৌরসভার অর্থ বছর শুরু হয় প্রতি বছরের জুলাই মাসে এবং শেষ হয় পরবর্তী বছরের জুন মাসে। অর্থ বছর হচ্ছে সেই সময়, যে সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকার তার পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য বাজেট বাস্তবায়ন ক'রে থাকে এবং বাজেটের বরাদ্দকৃত অর্থ ব্যয় করে। উক্ত ১২ মাস সময়ের মধ্যে ডাব্লিউসি ও টিএলসিসি'র সভা ত্রৈমাসিক ভিত্তিতে বা আরও কম সময়ের ব্যবধানে আয়োজন করতে হয়। এ সভার পরিকল্পনা করার সময়, শুধুমাত্র চিহ্নিত তারিখসমূহের ব্যাপারে খেয়াল করলেই চলে না, এর সাথে পৌরসভার অন্যান্য কার্যক্রমের সমন্বয় করার জন্য আরও গভীরভাবে বিষয়গুলোকে পর্যবেক্ষণ করতে হয়। উদাহরণ স্বরূপ বলা যায় যে, যদি নির্ধারিত সময়ে টিএলসিসি'তে দাবী উত্থাপনের জন্য ডাব্লিউসি'র সভা সময়মত অনুষ্ঠিত না হয়, তাহলে তাদের দাবীসমূহ টিএলসিসি সভার আলোচ্যসূচির অন্তর্ভুক্ত হবে না, এবং ফলশ্রুতিতে ঐ নির্দিষ্ট অর্থ বছরে পৌরসভা কর্তৃক অনুমোদন লাভের সুযোগও হাতছাড়া হয়ে যেতে পারে। সে কারণে, এসব সভার তারিখ বা সময়সূচি পৌরসভার আর্থিক বছরের অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মপরিকল্পনার সাথে সঙ্গতি রেখে নির্ধারণ করাও অত্যন্ত কষ্টসাধ্য ব্যাপার হতে পারে। পৌরসভার জন্য নিচের সারণী-৫ এ প্রদর্শিত অর্থ বছরের ক্যালেন্ডার ডাব্লিউসি ও টিএলসিসি'র কাজের সুফল অর্জনে সহায়ক হতে পারে। এটি কিছু গুরুত্বপূর্ণ দিবসের তালিকা ধারণ করে, যা ডাব্লিউসি ও টিএলসিসি'র সভা আয়োজনের সম্ভাব্য দিনগুলো সংরক্ষণ করে। অর্থ বছরের শুরুতেই এ ধরনের ক্যালেন্ডার প্রণয়ন ও প্রয়োজন অনুসারে তা সংশোধন করা পৌরসভাসমূহের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ। নিচে একটি ক্যালেন্ডার প্রস্তুত ও তা অনুসরণের পদ্ধতি ব্যাখ্যা করা হলোঃ

- ১) কোন প্রতিবেদন সরকারের নিকট পেশ করার জন্য ও জনসমক্ষে উত্থাপনের জন্য অথবা কোন কার্যক্রম নির্দিষ্ট কর্মকালের মধ্যে সম্পাদন করার জন্য উপযুক্ত সময়সীমা চিহ্নিত করা;
- ২) প্রতিবেদন প্রস্তুত করার জন্য সময়সীমা নির্ধারণ করা;
- ৩) এ সকল প্রতিবেদন প্রস্তুতের জন্য যে সপ্তাহে সভা আয়োজন করতে হবে সে সপ্তাহগুলোকে চিহ্নিত করা;
- ৪) একটি সভার জন্য চিহ্নিত সময় অন্য কোন সভা বা গুরুত্বপূর্ণ কাজের সাথে সাংঘর্ষিক না হয় তা নিশ্চিত করা; এবং
- ৫) বছরের অগ্রসরতার সাথে সঙ্গতি রেখে প্রয়োজন অনুসারে পরিকল্পনা ও ক্যালেন্ডারের পরিবর্তন/পরিমার্জন করা।

৭. পরিকল্পনা-কার্যকরণ-যাচাই-উদ্যোগ চক্র (PDCA Cycle)

বাজেট প্রণয়ন ও প্রস্তুত প্রক্রিয়ায় পৌরসভার হিসাব রক্ষক ও সচিব অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তারা পরবর্তী অর্থ বছরের সম্ভাব্য রাজস্ব ও সম্ভাব্য ব্যয় নির্ধারণের জন্য বিভিন্ন শাখা থেকে তথ্য সংগ্রহ করে থাকেন এবং প্রাথমিক খসড়া বাজেট প্রস্তুত করেন।

বাজেট প্রণয়নের মূল ফরম্যাট হচ্ছে ফরম “ক” এবং ফরম “খ”, বাজেট প্রণয়ন প্রক্রিয়ার উপাংশ হিসেবে যা এলজিডিতে প্রেরণ করতে হয়।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-৩। বাজেট প্রণয়ন- (১) প্রত্যেক পৌরসভা প্রত্যেক অর্থ বৎসরের জন্য উক্ত বৎসর শুরু হইবার পূর্বে ফরম ‘ক’ এ বাজেটের উপাদান এবং ফরম ‘খ’ এ বাজেট প্রণয়ন করিবে এবং উহাদের অনুলিপি নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।



বাজেটের ফরম্যাট সমূহ এই হ্যান্ডবুকের ‘৪’ নং অধ্যায়- বাজেট দলীলসমূহে আলোচনা করা হয়েছে।

(২) টিএলসি সভায় বাজেট বিষয়ক আলোচনা এবং বাজেট বিষয়ে নাগরিকবৃন্দের মতামতের প্রতিফলন: এপ্রিল - মে

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৯২ (২) নং ধারা অনুসারে, পৌরসভাসমূহকে বাজেট সম্পর্কে নাগরিকবৃন্দের মতামত সংগ্রহ করতে হয় এবং বাজেটে তার প্রতিফলন ঘটাতে হয়।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

ধারা- ৯২ (২) উপ-ধারা (১) এর অধীন প্রাক্কলিত বাজেট সম্পর্কে জনগণের মন্তব্য ও পরামর্শ বিবেচনাক্রমে পৌরসভা সংশ্লিষ্ট অর্থবৎসর শুরু হইবার ত্রিশ দিন পূর্বে বাজেট অনুমোদন করিয়া উহার একটি অনুলিপি বিভাগীয় কমিশনার অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।



পৌরসভা নাগরিকবৃন্দের মতামত সংগ্রহের উদ্দেশ্যে এপ্রিল - মে মাসে টিএলসি'র সভা আহ্বান করে (এপ্রিল মাসে আহ্বান করা শ্রেয়)। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১১৫ অনুসারে টিএলসিসি'র সদস্য সংখ্যা ৫০ জনের কম হওয়া বাধ্যনীয়। টিএলসিসি'র সভায় খসড়া বাজেট বিশেষত কর মূল্যায়ন, কর আদায়, উন্নয়ন প্রকল্প এবং অন্যান্য বিষয়ে নাগরিকবৃন্দ তাদের মতামত ব্যক্ত করেন।



অনুগ্রহপূর্বক দেখুন, এই নির্দেশিকার সংযোজনী: ৪, টিএলসি মিটিং এর একটি নমুনা কার্যবিবরণী

(৩) বিশেষ সভায় বাজেট অনুমোদন: এপ্রিল - মে, মে মাসের শেষ নাগাদ

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা ৭ অনুসারে চলতি অর্থ বছর শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে পরবর্তী অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করতে হয় (১ লা এপ্রিল থেকে ৩০ জুন সময়কালের মধ্যবর্তী সময়ে)।

একইসাথে, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯২ (২) অনুসারে চলতি অর্থ বছর শেষ হওয়ার অন্তত: ত্রিশ দিন পূর্বে পৌরসভাকে খসড়া বাজেটের একটি অনুলিপি অনুমোদনের জন্য নির্ধারিত কর্তৃপক্ষের (স্থানীয় সরকার বিভাগ) নিকট পেশ করতে হয়।


এই ধারা অনুসারে স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য জমাদানের পূর্বে মে মাসের মধ্যে পৌরসভাকে উক্ত বাজেট অনুমোদন করতে হয়।

<p>পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ বিধি-৭। বাজেট অনুমোদন: কোন অর্থ বৎসর শেষ হইবার পূর্ববর্তী তিন মাস মেয়াদের মধ্যে প্রত্যেক পৌরসভা উহার বিশেষ সভায় পরবর্তী অর্থ বৎসরের জন্য প্রণীত বাজেট বিবেচনা ও অনুমোদন করিবে।</p>	
<p>স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ধারা- ৯২ (২) উপ-ধারা (১) এর অধীন প্রাক্কলিত বাজেট সম্পর্কে জনগণের মন্তব্য ও পরামর্শ বিবেচনাক্রমে পৌরসভা সংশ্লিষ্ট অর্থবৎসর শুরু হইবার ত্রিশ দিন পূর্বে বাজেট অনুমোদন করিয়া উহার একটি অনুলিপি বিভাগীয় কমিশনার অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।</p>	

(৪) এলজিডিতে বাজেট প্রেরণ: মে মাসের শেষ নাগাদ

পৌরসভার বিশেষ সভায় খসড়া বাজেট অনুমোদিত হওয়ার পর, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯২ (২) অনুসারে মে মাসের শেষ নাগাদ (চলতি অর্থ বছর সমাপ্ত হইবার অন্তত: ত্রিশ দিন পূর্বে) উক্ত বাজেট বিভাগীয় কমিশনার অথবা স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) তে প্রেরণ করা হয়।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ফরম “ক” এবং ফরম “খ” অনুসারে অনুমোদনের জন্য প্রেরিত বাজেট প্রস্তুত করতে হয়। এ সম্পর্কে এই নির্দেশিকার অধ্যায় ৪- বাজেটের দলীলপত্র শিরোনামে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

<p>পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ বিধি-৩। বাজেট প্রণয়ন- (১) প্রত্যেক পৌরসভা প্রত্যেক অর্থ বৎসরের জন্য উক্ত বৎসর শুরু হইবার পূর্বে ফরম ‘ক’ এ বাজেটের উপাদান এবং ফরম ‘খ’ এ বাজেট প্রণয়ন করিবে এবং উহাদের অনুলিপি নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।</p>	
---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------

এটা পরিলক্ষিত হয়েছে যে, অনেক ছোট আকারের পৌরসভা ফরম ‘ক’ এবং ফরম ‘খ’ এর ফরম্যাট পরিবর্তনের চেষ্টা করে থাকে। এ বিষয়ে পৌরসভাসমূহকে কোনরূপ পরিবর্তন বা পরিমার্জন না করার জন্য অনুরোধ করা হচ্ছে।

(৫) উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে জনগণের কাছে বাজেট উপস্থাপন: জুন

পৌরসভার বিশেষ সভায় বাজেট অনুমোদনের পর, এই বাজেট বিভিন্ন সময়ে ‘উন্মুক্ত বাজেট সভা’য় নাগরিকবৃন্দকে আমন্ত্রণ জানিয়ে জনসম্মুখে উপস্থাপন করা হয় এবং বাজেটের প্রধান দিকসমূহ ব্যাখ্যা করা হয়।

(৬) প্রস্তাবিত বাজেট অনুমোদন

পৌরসভা কর্তৃক প্রেরণকৃত বাজেট বিভাগীয় কমিশনার অথবা স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) সংশোধন করতে পারে, এবং এই সংশোধিত বাজেটই চূড়ান্ত বাজেট হিসেবে বিবেচিত হবে। যদি বিভাগীয় কমিশনার অথবা স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) উক্ত জমাকৃত বাজেট জমাদানের ত্রিশ দিনের মধ্যে সংশোধন না করেন, তাহলেও উক্ত প্রস্তাবিত বাজেট অনুমোদিত বাজেট চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

ধারা-৯২। বাজেট:

(৪) উপ-ধারা (১) এর অধীন বাজেটের অনুলিপি প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সরকার, আদেশ দ্বারা, বাজেটটি সংশোধন করিতে পারিবে এবং অনুরূপ সংশোধিত বাজেটই পৌরসভার অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।



(৭) পৌরসভা বাজেট বাস্তবায়ন আরম্ভ করে: ১ জুলাই

জুলাই মাসের ১ তারিখে নতুন অর্থ বছর আরম্ভ হওয়ার পর, প্রত্যেক পৌরসভা নতুন অর্থ বছরের বাজেট বাস্তবায়নের কাজ আরম্ভ করে।

নতুন অর্থ বছরের বাজেট বাস্তবায়ন আরম্ভ করার পূর্বে, পৌরসভার নতুন নগদান বহি ও রেজিস্টার প্রস্তুত করতে হয়।

একই সাথে, পৌরসভা তার বিগত অর্থ বছরের পুরাতন নগদান বহি ও রেজিস্টার এর ব্যবহার বন্ধ করে দেয়। পৌরসভা তখন পূর্ববর্তী অর্থ বছরের নগদান বহির সমাপ্তি জের টানে এবং সমাপ্তি জের নতুন অর্থ বছরের নগদান বহির প্রারম্ভিক স্থিতি হিসেবে অর্ন্তভুক্ত করে। পৌরসভার বার্ষিক বিবরণী প্রণয়নের জন্য পূর্ববর্তী অর্থ বছরের বাজেটের সময়সীমা করতে হয়।

হিসাব সমাপ্তকরণ ও নগদান বহির সময়সীমা হিসাব বিষয়ে জানার জন্য “পৌরসভার হিসাব রক্ষণ ও বাজেট বিবরণী বিষয়ক নির্দেশিকা” দেখুন।

(৮) বাজেট বাস্তবায়ন ও মনিটরিং : সমস্ত অর্থ বছর ব্যাপী

সমস্ত অর্থ বছর জুড়েই পৌরসভাকে বাজেট বাস্তবায়নের তথ্য (আয় ও ব্যয়) সংরক্ষণ এবং বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং করতে হয়। এই হ্যান্ডবুকের ৫ম অধ্যায়ে “বাজেট বাস্তবায়ন, মনিটরিং ও প্রতিবেদন” শিরোনামে বাজেট বাস্তবায়নের নিয়ম-কানুন আলোচনা করা হয়েছে।

প্রত্যেক পৌরসভা মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং করে এবং ত্রৈমাসিক ও বাৎসরিক আয় ও ব্যয়ের হিসাব প্রস্তুত করার মাধ্যমে বাজেটের প্রত্যেকটি খাত ও উপ-খাত এর আয় ও ব্যয় অনুমোদিত বাজেটের সাথে সঙ্গতিপূর্ণ ভাবে হচ্ছে কিনা তা তদারকি করে। কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা করাও আর একটি গুরুত্বপূর্ণ কাজ এবং পৌরসভাকে নিশ্চিত করতে হয় যে, তার কাজক্ষিত কর আদায়ের লক্ষ্যমাত্রা অনুসারে কর আদায় হচ্ছে। প্রত্যেক অর্থ বছর শেষে পৌরসভা একটি আর্থিক বিবরণী প্রস্তুত ও প্রকাশ করে থাকে।

বাজেট মনিটরিং মূলত হিসাব রক্ষণ ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির দায়িত্ব, মেয়র এবং চার জন কাউন্সিলরের সমন্বয়ে এ কমিটি গঠিত, নিম্নের প্রজ্ঞাপনে এ বিষয়ে আলোচনা করা হয়েছে।

হিসাব ও নিরীক্ষা বিষয়ক কমিটি (স্টাডিং কমিটি)

হিসাব ও নিরীক্ষা বিষয়ক কমিটির গঠন নিম্নরূপ হইবে।

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং	সভাপতি
০২		মেয়র, পদাধিকার বলে	সদস্য
০৩		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং	সদস্য
০৪		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং	সদস্য
০৫		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং	সদস্য

- পৌরসভার স্থায়ী কমিটি গঠন ও স্থায়ী কমিটির কার্যাবলী সম্পর্কিত উপ-বিধিমালার অনুলিপি প্রেরণ প্রসঙ্গে প্রজ্ঞাপন, তারিখ: ০২.০১.২০১৩
- গ. হিসাব ও নিরীক্ষা বিষয়ক কমিটি
- কমিটির কার্যপরিধি:
১. পৌরসভার সকল আয়ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করিতে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;
 ২. সকল প্রকার আদায় ও জমার হিসাব নিয়মিত যাচাই বাছাই করা;
 ৩. সরকারী বিধি বিধান (নির্ধারিত ফরম ও পদ্ধতি অনুসরণে) অবলম্বনে পৌরসভার যবাতীয় হিসাব ও কর্মকাণ্ড পরিচালনা করা হয় কিনা যাচাই করা;
 ৪. স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পৌরসভার সকল প্রকার আয়ব্যয়ের হিসাব জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের সহায়তা করা;
 ৫. আয়ব্যয়ের হিসাব বৎসরে একবার নিরীক্ষা করা এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌরসভার সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা করা;
 ৬. হিসাব শাখাকে পরিপূর্ণভাবে কম্পিউটারাইজড করিতে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা করা;
 ৭. নির্ধারিত সময় পরপর পৌরসভার যাবতীয় আয়ব্যয় অভ্যন্তরীণ নিরীক্ষা করা;
 ৮. হিসাব সংক্রান্ত কম্পিউটার সফটওয়্যার চালু থাকিলে পৌরসভার হিসাব ব্যবস্থাপনায় তা ব্যবহার অব্যাহত রাখা;
 ৯. জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে কমিটির বিশেষজ্ঞ সদস্য হিসাবে কোঅপট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);
 ১০. অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

অর্থ বছর চলাকালীন সময়ে বিভিন্ন পৌরসভা কোন কোন প্রকল্প বাস্তবায়ন করবে সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করে থাকে। অর্থ বছর চলাকালীন সময়ে পৌরসভায় প্রকল্প বাস্তবায়নের বিষয়ে পৌর পরিষদে আলোচনা ও সে সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হয়, প্রথম তিন মাস (৩০ সেপ্টেম্বর) সমাপ্ত হওয়ার পর, যখন পৌরসভাসমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বরাদ্দকৃত অর্থের প্রথম কিস্তি গ্রহণ করে।

প্রকল্প গ্রহণকালে প্রকল্পের অগ্রাধিকার আলোচনা ও নির্ধারণের জন্য ওয়ার্ড সমন্বয় কমিটির সভা আহ্বান করার জন্য পৌরসভাসমূহকে উৎসাহিত করা হয়। কোন প্রকল্প বাস্তবায়ন করা হবে তা আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য পুনরায় টিএলসি'র সভা আহ্বান করতে হবে।

কোন প্রকল্প বাস্তবায়ন করা হবে এ প্রসঙ্গে আলোচনা করার সময় পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ অনুসারে পৌরসভাকে এডিপি'র নির্দেশনা অনুসরণ করতে হবে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-৬। বাজেট প্রণয়ন পদ্ধতি: প্রত্যেক পৌরসভা-

(ঘ) উন্নয়ন সহায়তা মঞ্জুরির অর্থ ব্যয়ের ক্ষেত্রে, সরকার কর্তৃক উক্ত বিষয়ে সময় সময় জারীকৃত নীতিমালা অনুসরণ করিবে।



বর্তমান এডিপি নির্দেশনা হচ্ছে, ২০০১ সালে প্রণীত “পৌরসভা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কিত নির্দেশিকা”। এই নির্দেশিকায় খাতওয়ারী উন্নয়ন বাজেট বরাদ্দের নিম্নরূপ হার নির্ধারণ করে দেয়া হয়েছে (যেমন; স্বাস্থ্য, পানি ও বাজার নির্মাণ, ইত্যাদি)।

পৌরসভা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা এবং পৌরসভা (চুক্তি) বিধিমালা, ২০০১

(১) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সরকারের উন্নয়ন সহায়তা মঞ্জুরীর অর্থে কেবল নিম্নবর্ণিতখাতে প্রকল্প গ্রহণ করা যাবে:

(ক) জনস্বাস্থ্য (মোট বরাদ্দের ৫% হতে ১৫%)

(খ) পানীয় জল ও পয়ঃপ্রণালী (মোট বরাদ্দের ১০% হতে ২৫%)

(গ) মার্কেট ও বাস-টার্মিনাল নির্মাণ ও রক্ষণাবেক্ষণ (মোট বরাদ্দের ১০% থেকে ১৫%)

(ঘ) রাস্তা-ঘাট উন্নয়ন (মোট বরাদ্দের ২০% হতে ৪৫%)

(ঙ) রাস্তা আলোকিতকরণ (মোট বরাদ্দের ৫% হতে ১০%)

(চ) পৌর অডিটরিয়াম/কমিউনিটি সেন্টার এবং পার্ক নির্মাণ এবং বনায়ন (মোট বরাদ্দের ৫% হতে ১০%)

(ছ) পৌরসভার অফিস ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ (মোট বরাদ্দের ১৫% হতে ২০%)



নতুন নির্দেশিকা প্রণয়ন করা হলে পৌরসভাকে তা পর্যালোচনা ও অনুসরণ করতে হয়।

৪. বাজেট সম্পর্কিত দলিল

৪.১. বাজেট এর ফরম্যাটসমূহ

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এ বাজেট প্রণয়নের ফরম্যাটসমূহ নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। বাজেট প্রণয়নের প্রধান ফরম্যাট হচ্ছে ফরম 'ক' ও ফরম 'খ', যা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে জমা দিতে হয়।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-৩। বাজেট প্রণয়ন- (১) প্রত্যেক পৌরসভা প্রত্যেক অর্থ বৎসরের জন্য উক্ত বৎসর শুরু হইবার পূর্বে ফরম 'ক' এ বাজেটের উপাদান এবং ফরম 'খ' এ বাজেট প্রণয়ন করিবে এবং উহাদের অনুলিপি নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।



ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ, যা (i) রাজস্ব বাজেট (ii) উন্নয়ন বাজেট ও (iii) মূলধন বাজেটের আয় ও ব্যয়ের সংক্ষেপিত করে, এবং ফরম 'খ' হচ্ছে প্রত্যেকটি বাজেটের বিস্তারিত বিবরণ।

পৌরসভার বাজেটের সার্বিক পরিস্থিতি বোঝার জন্য ফরম 'ক' অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপরের আলোচনা অনুসারে, রাজস্ব উদ্বৃত্ত (রাজস্ব আয় - রাজস্ব ব্যয়) উন্নয়ন বাজেটে স্থানান্তর করা হয়ে থাকে, এবং অবকাঠামো উন্নয়নের জন্য ব্যয় করা হয়ে থাকে। পৌরসভাসমূহকে প্রতি মাসে তার আয় ও ব্যয়ের অগ্রগতি মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করা হয়, যাতে করে পৌরসভা তার রাজস্ব বাজেট থেকে কি পরিমাণ উদ্বৃত্ত উন্নয়ন বাজেটে স্থানান্তর করতে পারবে তা নির্ধারণ করতে পারে।

ফরম- ক
(সেকশন- ৩)

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
(ক) রাজস্ব হিসাব উপাংশ- ১ এর আয় উপাংশ- ২ এর আয়			
মোট আয় :			
বাদ: রাজস্ব ব্যয় উপাংশ- ১ উপাংশ- ২			
মোট ব্যয়:			
সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত:			
(খ) উন্নয়ন হিসাব সরকারি অনুদান রাজস্ব উদ্বৃত্ত অন্যান্য			
মোট :			
বাদ: উন্নয়ন ব্যয়			
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি যোগ: প্রারম্ভিক জের			
সমাপ্তি জের :			
(গ) মূলধন হিসাব মোট আয় :			
মোট ব্যয় :			
মূলধন হিসাবের সমাপ্তি জের:			

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ, যা (i) রাজস্ব বাজেট (ii) উন্নয়ন বাজেট ও (iii) মূলধন বাজেটের আয় ও ব্যয়ের সংক্ষেপিত করে প্রকাশ করে।

ফরম 'খ' হচ্ছে প্রত্যেকটি বাজেটের বিস্তারিত বিবরণ, যেমন; খ (ক) উপাংশ- ১ এবং উপাংশ- ২, খ (খ) এবং ফরম খ (গ) নিম্নরূপঃ

• এটা একটা সরলীকৃত ফরম্যাট। বিস্তারিত বাজেট উপাদানসহ পূর্ণাঙ্গ ফরম্যাট এর জন্য সংযুক্তি- ১ দেখুন।

ফরম - খ
(সেকশন - ৩)

..... পৌরসভার বাজেট

অর্থ বছর:.....

(ক) রাজস্ব হিসাব

উপাংশ - ১

আয়ের খাত	আয়			ব্যয়ের খাত	ব্যয়		
	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট		পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
করসমূহ				সাধারণ সংস্থাপন			
গৃহ ও ভূমির উপর কর				শিক্ষা ব্যয়			
...				...			
উপ-মোট				উপ-মোট			

উপাংশ- ২

আয়ের খাত	আয়			ব্যয়ের খাত	ব্যয়		
	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট		পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
পানির বিল সংযোগ ফি ...				পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা -কর্মচারীদের বেতনভাতা পানি সরবরাহের জন্য বিদ্যুৎ বিল- অন্যান্য- অবচয় তহবিল-			
উপ - মোট				উপ - মোট			
সর্বমোট আয় (উপাংশ ১ + ২)				সর্বমোট ব্যয় (উপাংশ ১ + ২)			
প্রারম্ভিক জের				সর্বমোট উন্নয়ন হিসাবে স্থানান্তর (উপাংশ ১+২) সর্বমোট সমাপ্তি জের (উপাংশ ১+২)			
সর্বমোট :				সর্বমোট:			

(খ) উন্নয়ন হিসাব

আয়ের খাত	আয়			ব্যয়ের খাত	ব্যয়		
	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট		পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
সরকারি মঞ্জুরি				অবকাঠামো			
				সড়ক নির্মাণ সড়ক রক্ষণাবেক্ষণ ব্রিজ/ কালভার্ট নির্মাণ ...			
রাজস্ব উদ্বৃত্ত				হাট/ বাজার উন্নয়ন			
উপাংশ- ১ হইতে				বাস টার্মিনাল উন্নয়ন			
উপাংশ- ২ হইতে				বাস টার্মিনাল রক্ষণাবেক্ষণ			
অনুদান				...			
...				অন্যান্য			
প্রারম্ভিক স্থিতি				সমাপ্তি জের			
মোট				মোট			

(গ) মূলধন হিসাব

আয়ের খাত	আয়			ব্যয়ের খাত	ব্যয়		
	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট		পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
গৃহীত ঋণ				ঋণ ফেরৎ			
ঋণ পরিশোধ				ঋণ			
বিনিয়োগ হতে আয়				বিবিধ			
...				...			
মোট আয়				মোট ব্যয়			
প্রারম্ভিক জের				সমাপ্তি জের			
সর্বমোট:				সর্বমোট:			

প্রসঙ্গত উল্লেখ্য যে, আরও কিছু বাজেট ফরম্যাট রয়েছে, যা নিম্নরূপ (সংযুক্তি- ১ দেখুন);

- ফরম 'গ'- নাম, পদবি, বেতন কাঠামো এবং বোনাস এর জন্য প্রয়োজনীয় অর্থেও পরিমাণসহ নিয়মিত কর্মকর্তা - কর্মচারীদের পূর্ণাঙ্গ তালিকা
 - ফরম 'ঘ'- চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা - কর্মচারীদের নামের তালিকা এবং তাদের সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য
 - ফরম 'ঙ'- কোন বিশেষ প্রকল্পের জন্য সরকার থেকে প্রাপ্ত অর্থের বিবরণ
- ফরম্যাট সমূহের তালিকা ও সংশ্লিষ্ট বিধিমালা নিচে সংক্ষেপে উপস্থাপন করা হলো;

ফরম নং	ফরম এর নাম	বিধি নং
ফরম 'ক'	বাজেটের উপাদান	বিধি - ৩
ফরম 'খ' (ক)	রাজস্ব হিসাব (উপাংশ - ১)	বিধি - ৩
ফরম 'খ' (খ)	রাজস্ব হিসাব (উপাংশ - ২)	বিধি - ৩
ফরম 'খ' (গ)	উন্নয়ন হিসাব	বিধি - ৩
ফরম 'খ' (ঘ)	মূলধন হিসাব	বিধি - ৩
ফরম 'গ'-	নিয়মিত কর্মকর্তা - কর্মচারীদের পূর্ণাঙ্গ তালিকা	বিধি - ৫
ফরম 'ঘ'	চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা - কর্মচারীদের বিবরণ	বিধি - ৫
ফরম 'ঙ'	কোন বিশেষ প্রকল্পের জন্য সরকার থেকে প্রাপ্ত অর্থের বিবরণ	বিধি - ৫

প্রতিটি ফরম্যাট দেখার জন্য সংযুক্তি- ১ দেখুন। বিধিমালাসমূহ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধিমালা।

৪.২. বাজেট দলীলের হিসাবসমূহ

পৌরসভার বাজেট তিনটি বাজেটের সমন্বয়ে গঠিত যথা; ১) রাজস্ব বাজেট ২) উন্নয়ন বাজেট এবং ৩) মূলধন বাজেট, যা পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এ নির্দিষ্ট করে দেয়া হয়েছে।

রাজস্ব বাজেট:

রাজস্ব বাজেট হচ্ছে সেই বাজেট যা পৌরসভা তাদের নিজস্ব তহবিল এর মাধ্যমে নিয়মিত ব্যয় সংকুলানের জন্য প্রস্তুত করে থাকে।

রাজস্ব বাজেটের মূল আয়ের উৎস হচ্ছে কর (যেমন; হোল্ডিং কর), ভূমি হস্তান্তর কর, ফি (যেমন; ব্যবসায়িক লাইসেন্স ফি ও অন্যান্য ফি, ইত্যাদি)। পানি সরবরাহের সংযোগ ফিও রাজস্ব এর অন্তর্ভুক্ত।

সংস্থাপন ব্যয়, শিক্ষা ব্যয়, স্বাস্থ্য ব্যয়, স্যানিটেশন ব্যয় এবং পানি সরবরাহ শাখার কর্মকর্তা - কর্মচারীদের বেতনভাতা ইত্যাদি রাজস্ব ব্যয়ের অন্তর্ভুক্ত।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ অনুসারে মেয়র বা কাউন্সিলরগণের সম্মানী, পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা, যানবাহন ব্যয়, টেলিফোন বিল, বিদ্যুৎ বিল, ইত্যাদিসহ সংস্থাপন ব্যয় রাজস্ব আয়ের ৫০% এর বেশি হতে পারবে না।

উন্নয়ন বাজেট:

উন্নয়ন বাজেট হচ্ছে সেই বাজেট যা সরকার, উন্নয়ন সহযোগী বা অন্যান্য এর অর্থায়নের মাধ্যমে উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য প্রণয়ন করা হয়।

রাজস্ব তহবিল থেকে স্থানান্তরিত রাজস্ব উদ্বৃত্তও উন্নয়ন বাজেটে আয়ের একটি উৎস।

মূলধন বাজেট:

মূলধন বাজেট নিম্নোক্ত আয় ও ব্যয়ের লেনদেনের সমন্বয়ে প্রস্তুত করা হয়ে থাকে। যেমন; নিম্নলিখিত লেনদেনসমূহ মূলধন বাজেটের অন্তর্ভুক্ত-

আয়:

- পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ
- পৌরসভা কর্তৃক প্রদত্ত ঋণ আদায়
- বিনিয়োগ ও সিকিউরিটিজ থেকে আয়
- পৌরসভার কর্মকর্তা - কর্মচারীদের আনুতোষিক তহবিলে স্থানান্তরিত তহবিল
- পৌরসভার অবচয় তহবিলে স্থানান্তর

ব্যয়:

- পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ পরিশোধ
- পৌরসভা কর্তৃক প্রদেয় ঋণ
- সিকিউরিটিজ ও অন্যান্য বিনিয়োগ দলীল ক্রয়
- অবচয় তহবিল থেকে যে কোন প্রকার ব্যয়
- পৌরসভার কর্মকর্তা - কর্মচারীদের আনুতোষিক বাবদ প্রকৃত ব্যয়

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ অনুসারে পৌরসভার তিনটি হিসাবের বাজেটের সার-সংক্ষেপ ফরম ক তে উল্লেখ করা হয়ে থাকে। পৌরসভার বাজেটের সার্বিক পরিস্থিতি দেখার জন্য এই ফরম্যাটটি খুবই কার্যকর।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ অনুসারে ফরম 'ক' এর একটি নমুনা নিচে উল্লেখ করা হলো;

ফরম- ক (সেকশন- ৩)			
বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
(ক) রাজস্ব হিসাব উপাংশ- ১ এর আয় উপাংশ- ২ এর আয়			
মোট আয়			
বাদ: রাজস্ব ব্যয় উপাংশ- ১ উপাংশ- ২			
মোট ব্যয়:			
সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত:			
(খ) উন্নয়ন হিসাব সরকারি অনুদান রাজস্ব উদ্বৃত্ত অন্যান্য			
মোট :			
বাদ: উন্নয়ন ব্যয়			
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি যোগ: প্রারম্ভিক জের			
সমাপ্তি জের :			
(গ) মূলধন হিসাব মোট আয় : মোট ব্যয় :			
মূলধন হিসাবের সমাপ্তি জের:			

তিনটি হিসাব যথাক্রমে (ক) রাজস্ব হিসাব (খ) উন্নয়ন হিসাব ও (গ) মূলধন হিসাব পরস্পরের সাথে সম্পর্কিত, যেমন;

- রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তর
রাজস্ব উদ্বৃত্ত (রাজস্ব আয় - রাজস্ব ব্যয়) (ক) রাজস্ব হিসাব থেকে (খ) উন্নয়ন হিসাবে স্থানান্তর করা হয়।
- রাজস্ব হিসাব থেকে মূলধন হিসাবে স্থানান্তর
 - যখন পৌরসভা ঋণ পরিশোধ করে, তখন তহবিল পুন:পরিশোধ এর টাকা রাজস্ব হিসাব থেকে মূলধন হিসাবে স্থানান্তর করা হয়। ঋণ পরিশোধ মূলধন ব্যয় হিসাবে ধরা হয়।

- যখন কোন পৌরসভা তার কর্মকর্তা - কর্মচারীদের আনুতোষিক হিসাবে কোন পরিমাণ টাকা জমা করে, তখন পৌরসভা ঐ টাকা (ক) রাজস্ব হিসাবের উপাংশ- ১ থেকে (গ) মূলধন হিসাবে স্থানান্তর করে থাকে এবং তা আনুতোষিক হিসাবে সংরক্ষণ করে।
- যে সকল পৌরসভা পানি সরবরাহ করে থাকে, তাদের একটি আলাদা বা পৃথক হিসাবে (অবচয় তহবিল) পানির ফি এর ২.৫% সংরক্ষণ করতে হয়। এটাকেও রাজস্ব হিসাব এর উপাংশ- ২ (পানি সরবরাহ শাখা) থেকে মূলধন হিসাবে স্থানান্তর হিসেবে ধরা হয়।

ফরম 'ক' এর মধ্যে তিনটি হিসাবের আন্তঃসম্পর্ক

(ক) রাজস্ব হিসাব	
রাজস্ব আয়	
উপাংশ- ১ এর আয়	কর, রেইট এবং ফি থেকে রাজস্ব
উপাংশ- ২ এর আয়	পানি সরবরাহ ও সংযোগ বাবদ রাজস্ব
মোট আয় :	মোট রাজস্ব আয় (উপাংশ- ১ এবং উপাংশ- ২ এর)
বাদ: রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	সংস্থাপন, শিক্ষা, স্বাস্থ্য ও স্যানিটেশন ইত্যাদি বাবদ ব্যয়
উপাংশ- ২	পানি সরবরাহ শাখার কর্মকর্তা - কর্মচারীদের বেতনভাতা ও অন্যান্য বাবদ ব্যয়
মোট ব্যয় :	মোট রাজস্ব ব্যয় (উপাংশ- ১ এবং উপাংশ- ২ এর)
সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত:	= [মোট রাজস্ব আয়] - [মোট রাজস্ব ব্যয়]
(খ) উন্নয়ন হিসাব	
সরকারি মঞ্জুরি	(i) (ক) রাজস্ব হিসাব থেকে (খ) উন্নয়ন হিসাবে স্থানান্তর
রাজস্ব উদ্বৃত্ত	
অন্যান্য	
মোট :	
বাদ : উন্নয়ন ব্যয়	
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	মোট উন্নয়ন ব্যয়
যোগ: প্রারম্ভিক জের	= [মোট উন্নয়ন আয়] - [মোট উন্নয়ন ব্যয়]
সমাপ্তি জের :	রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাবের প্রারম্ভিক জের
	রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাবের সমাপ্তি জের
(গ) মূলধন হিসাব	
মোট আয় :	(ii) রাজস্ব হিসাব থেকে মূলধন হিসাবে স্থানান্তর
মোট ব্যয় :	
মূলধন হিসাবের সমাপ্তি জের :	

ফরম 'ক' এর একটি নমুনা নিম্নরূপ;

ফরম 'ক' এর একটি নমুনা

বিবরণ	পরবর্তী বছরের বাজেট, টাকা
ক. প্রাপ্ত টাকা	
উপাংশ-১ এর আয়	১,২৫০,০০০
উপাংশ-২ এর আয়	৮০০,০০০
মোট আয় :	২,০৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	৭৫০,০০০
উপাংশ- ২	৬২৬,০০০
মোট ব্যয় :	১,৩৭৬,০০০
মোট রাজস্ব উদ্বৃত্ত :	৬৭৪,০০০
খ. উন্নয়ন হিসাব	
সরকারি মঞ্জুরি	১,০০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত	৬৭৪,০০০
অন্যান্য	-
মোট :	১,৬৭৪,০০০
বাদ: উন্নয়ন ব্যয় :	১,৫২০,০০০
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১৫৪,০০০
যোগ: প্রারম্ভিক জের	৩৬,০০০
সমাপ্তি জের :	১৯০,০০০
গ. মূলধন হিসাব	
মোট আয় :	৫০,০০০
মোট ব্যয় :	৪০,০০০
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০

এই উদাহরণে [মোট (রাজস্ব) আয়] হচ্ছে ২০,৫০,০০০ টাকা এবং [মোট (রাজস্ব) ব্যয়] হচ্ছে ১৩,৭৬,০০০ টাকা, এক্ষেত্রে [মোট রাজস্ব উদ্বৃত্ত] হচ্ছে ৬৭৪,০০০ টাকা।

সাধারণত নিম্নলিখিত উপায়ে রাজস্ব উদ্বৃত্ত হিসাব করা হয়;

$$[\text{রাজস্ব আয়}] - [\text{রাজস্ব ব্যয়}] = [\text{রাজস্ব উদ্বৃত্ত}]$$

এর পর রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসাবে স্থানান্তর করা হয়। অন্য ভাবে বললে, যদি কোন পৌরসভা রাজস্ব উদ্বৃত্ত বৃদ্ধি করতে পারে তাহলে ঐ পৌরসভা উন্নয়ন ব্যয় বৃদ্ধি করতে পারে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা/বিধিমালা- ১১ অনুসারে, কোন পৌরসভা তার রাজস্ব আয়ের ৫০% এর অধিক সংস্থাপন খাতে ব্যয় করতে পারবে না। যদিও বাস্তবে পৌরসভাসমূহের জন্য উন্নয়ন বাজেটে স্থানান্তরের নিমিত্ত রাজস্ব উদ্বৃত্ত মোট রাজস্ব আয়ের ৫০% এর অধিক প্রয়োজন হয়ে থাকে।

এই উদাহরণে সরকারি মঞ্জুরি হচ্ছে ১০,০০,০০০ টাকা এবং স্থানান্তরিত রাজস্ব উদ্বৃত্ত যা রাজস্ব বাজেট থেকে উন্নয়ন বাজেটে স্থানান্তর করা হয়েছে তার পরিমাণ হচ্ছে ৬,৭৪,০০০ টাকা এবং এক্ষেত্রে মোট উন্নয়ন আয়ের পরিমাণ হচ্ছে- ১৬,৭৪,০০০ টাকা। যেহেতু উন্নয়ন ব্যয়ের পরিমাণ হচ্ছে- ১৫,২০,০০০ টাকা, সেহেতু মোট উদ্বৃত্ত বা ঘাটতি হচ্ছে- ১,৫৪,০০০ টাকা।

নিম্নলিখিত উপায়ে মোট উদ্বৃত্ত বা ঘাটতি হিসাব করা হয়;

$$[\text{উন্নয়ন আয় (রাজস্ব উদ্বৃত্তসহ)}] - [\text{উন্নয়ন ব্যয়}] = [\text{মোট উদ্বৃত্ত}]$$

বিশেষ দৃষ্টব্য: এই সারণীতে এক বছরের নমুনা বাজেট (পরবর্তী বছরের জন্য বাজেট) প্রদর্শিত হয়েছে। যদিও, ফরম 'ক' তে তিন বছরের বাজেট প্রদর্শন করা হয়েছে ১) পূর্ববর্তী বছরের প্রকৃত বাজেট ২) চলতি বছরের সংশোধিত বাজেট এবং ৩) পরবর্তী বছরের বাজেট।

এখানে মোট উদ্ধৃত হিসেবে উল্লেখ করা হয়েছে, কারণ এখানে রাজস্ব ও উন্নয়ন উভয় হিসাবের উদ্ধৃত অন্তর্ভুক্ত রয়েছে।

[মোট উদ্ধৃত] ও [প্রারম্ভিক জের] থেকে [সমাপ্তি জের] হিসাব করা হয়েছে।

প্রারম্ভিক জের হচ্ছে অর্থ বছরের শুরুতে সকল হিসাবের জের (রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাব) এবং সমাপ্তি জের হচ্ছে অর্থ বছরের শেষে সকল হিসাবের (রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাব) সমাপ্তি জের।

আরও উল্লেখ্য যে, [প্রারম্ভিক জের] ও [সমাপ্তি জের] এর [মোট উদ্ধৃত]। যা নিম্নে আলোচনা করা হলো;

মোট উদ্ধৃত
+ প্রারম্ভিক জের (রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাবের মোট)
= সমাপ্তি জের (রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাবের মোট)

প্রারম্ভিক জের হচ্ছে তিনটি হিসাবের যোগফল (রাজস্ব হিসাব উপাংশ- ১, রাজস্ব হিসাব উপাংশ- ২ এবং উন্নয়ন হিসাব), যা নিচে দেখানো হলো;

হিসাব	প্রারম্ভিক জের টাকা
রাজস্ব হিসাব উপাংশ- ১	১০,০০০
রাজস্ব হিসাব উপাংশ- ২	৬,০০০
উন্নয়ন হিসাব	২০,০০০
মোট প্রারম্ভিক জের	৩৬,০০০

এই উদাহরণে, [মোট উদ্ধৃত] হচ্ছে ১,৫৪,০০০ টাকা এবং [প্রারম্ভিক জের] হচ্ছে ৩৬,০০০ টাকা, সুতরাং [সমাপ্তি জের] হচ্ছে ১,৯০,০০০ টাকা।

উপরোল্লিখিত হিসাবকৃত প্রারম্ভিক জের তিনটি হিসাবের [রাজস্ব হিসাব, উপাংশ- ১, রাজস্ব হিসাব উপাংশ- ২ এবং উন্নয়ন হিসাব] এর যোগফলের সমান হবে।

এই উদাহরণের তিনটি হিসাবের সমাপ্তি জের যোগফল অর্থাৎ সমাপ্তি জের নিচের সারণীতে প্রদর্শন করা হলো।

হিসাব	সমাপ্তি জের টাকা
রাজস্ব হিসাব উপাংশ- ১	৫০,০০০
রাজস্ব হিসাব উপাংশ- ২	৩০,০০০
উন্নয়ন হিসাব	১১০,০০০
মোট সমাপ্তি জের	১৯০,০০০

মনে রাখতে হবে যে, রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তরিত প্রকৃত অর্থের পরিমাণ সবসময় ফরম 'ক' তে প্রদর্শিত রাজস্ব উদ্ধৃতির সমান নাও হতে পারে (যা রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তরিত হয়ে থাকে)। যদিও, ফরম 'ক' তে প্রকৃত স্থানান্তর ও হিসাবকৃত স্থানান্তরের মধ্যে কিছুটা কারিগরি তারতম্য থাকতে পারে। এ প্রসঙ্গে বিস্তারিত জানার জন্য সংযুক্তি- ২ দেখুন।

৪.৩. ফরম 'ক' ও ফরম 'খ' এর মধ্যে আন্তঃসম্পর্ক

৪.৩.১. পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ফরম 'খ'

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ফরম 'খ' তে ফরম 'ক' এর (ক) রাজস্ব হিসাব (খ) উন্নয়ন হিসাব ও (গ) মূলধন হিসাবের যে বিবরণ এর সার-সংক্ষেপ উপস্থাপন করা হয়ে থাকে তার বিস্তারিত প্রদর্শন করা হলো।

ফরম 'খ' এর নিম্নলিখিত তিনটি ফরম্যাট রয়েছে, যথা;

ফরম 'খ' ফরম্যাট সমূহ

ফরম্যাট	সংশ্লিষ্ট হিসাব
ফরম 'খ'- (ক)	রাজস্ব হিসাব উপাংশ- ১
ফরম 'খ'- (খ)	রাজস্ব হিসাব উপাংশ- ২
ফরম 'খ'- (গ)	উন্নয়ন হিসাব
ফরম 'খ'- (ঘ)	মূলধন হিসাব

ফরম 'খ'- (খ), যা উন্নয়ন হিসাবের জন্য প্রস্তুত করা হয়, তা নিম্নরূপ;

ফরম খ (সেকশন- ৩) পৌরসভার বাজেট অর্থ বছর:							
আয়				ব্যয়			
আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
সরকারি মঞ্জুরি				অবকাঠামো			
				সড়ক নির্মাণ			
				সড়ক রক্ষণাবেক্ষন			
				ব্রিজ/ কালভার্ট নির্মাণ			
						
রাজস্ব উদ্বৃত্ত				হাট/ বাজার উন্নয়ন			
উপাংশ- ১				বাস টার্মিনাল উন্নয়ন			
উপাংশ- ২				বাস টার্মিনাল			
				রক্ষণাবেক্ষণ			
অনুদান				...			
...				অন্যান্য			
প্রারম্ভিক জের				সমাপ্তি জের			
মোট				মোট			

ফরম 'খ' এর বাম পাশে আয় প্রদর্শন করা হয়েছে এবং ডান পাশে ব্যয় প্রদর্শন করা হয়েছে। একইসাথে, ফরম 'খ' এর বাম পাশে প্রারম্ভিক জের প্রদর্শন করা হয়েছে এবং ডান পাশে সমাপনি জের প্রদর্শন করা হয়েছে। [আয়] [ব্যয়] [প্রারম্ভিক জের] এবং [সমাপ্তি জের] এর মধ্যে আন্তঃসম্পর্ক নিচের সারণীর মাধ্যমে প্রকাশ করা বা ব্যাখ্যা করা যায়;

আয়, ব্যয়, প্রারম্ভিক জের ও সমাপনি জের এর মধ্যে আন্তঃসম্পর্ক

[আয়]	১,০০০	[ব্যয়]	৯৫০
[প্রারম্ভিক জের]	১০০	[সমাপ্তি জের]	১৫০
মোট	১,১০০	মোট	১,১০০

উন্নয়ন হিসাবের প্রারম্ভিক জের হচ্ছে উন্নয়ন খাতে ব্যাংক হিসাবের অর্থ বছর শুরু সময়কার জের। একইভাবে সমাপনি জের হচ্ছে অর্থ বছর শেষে ব্যাংক হিসাবের জের।

মনেকরি, একটি পৌরসভার প্রারম্ভিক জের হচ্ছে ১০০ টাকা, পৌরসভাটি ঐ অর্থ বছরে ১,০০০ টাকা আয় ও ৯৫০ টাকা ব্যয় করে। তাহলে অর্থ বছরের সমাপ্তিতে ঐ পৌরসভার হিসাবে অবশিষ্ট থাকবে ১৫০ টাকা। এ বিষয়টি নিম্নলিখিতভাবে ব্যাখ্যা করা যায়;

$$[\text{প্রারম্ভিক জের} : ১০০ \text{ টাকা}] + [\text{আয়} : ১০০০ \text{ টাকা}] - [\text{ব্যয় টাকা}] = [\text{সমাপ্তি জের} : ১৫০ : ৯৫০ \text{ টাকা}]$$

যা পরবর্তীতে নিম্নলিখিত ভাবে রূপান্তর করা হয়;

$$[\text{প্রারম্ভিক জের} : ১০০ \text{ টাকা}] + [\text{আয়} : ১০০০ \text{ টাকা}] = [\text{ব্যয় টাকা}] + [\text{সমাপ্তি জের} : ১৫০ : ৯৫০ \text{ টাকা}]$$

সুতরাং, ফরম 'খ' এর বাম ও ডান পাশ সম সময় সমপরিমান জের প্রদর্শন করবে।

৪.৩.২. ফরম ক ও ফরম খ এর মধ্যে সম্পর্ক

এই অধ্যায়ে ফরম 'ক' ও ফরম 'খ' এর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করা হয়েছে। সংশ্লিষ্ট হিসাবে তিনটি ফরম 'খ' রয়েছে, এগুলো হচ্ছে;

- রাজস্ব হিসাব উপাংশ- ১ এবং রাজস্ব হিসাব উপাংশ- ২ এর জন্য ফরম খ (ক)
- উন্নয়ন হিসাবের জন্য ফরম খ (খ) এবং
- মূলধন হিসাবের জন্য ফরম খ (গ)

ফরম খ বিস্তারিত আলোচনা বা বিবরণ প্রদর্শন করে অন্যদিকে ফরম ক সার-সংক্ষেপ উপস্থাপন করে থাকে। বাস্তবে পৌরসভাসমূহ প্রথমে ফরম খ প্রস্তুত করে এবং সেখান থেকে সার-সংক্ষেপ ফরম ক তে উপস্থাপন করে।

নিচের সারণীতে ফরম 'ক' এবং ফরম 'খ' এর সম্পর্ক ব্যাখ্যা করা হলো।

ফরম 'ক' এবং ফরম 'খ' এর সম্পর্ক

বিবরণ	পরবর্তী বছরের বাজেট	
ক. রাজস্ব হিসাব		
উপাংশ- ১ এর আয়	১,২৫০,০০০	(১)
উপাংশ- ২ এর আয়	৮০০,০০০	
মোট আয় :	২,০৫০,০০০	
বাদ: রাজস্ব ব্যয়		(২)
উপাংশ- ১	৭৫০,০০০	
উপাংশ- ২	৬২৬,০০০	
মোট ব্যয় :	১,৩৭৬,০০০	
মোট রাজস্ব উদ্বৃত্ত : ৬৭৪,০০০	
খ. উন্নয়ন হিসাব		
সরকারি মঞ্জুরি	১,০০০,০০০	(৩)
রাজস্ব উদ্বৃত্ত	৬৭৪,০০০	
অন্যান্য	-	
মোট :	১,৬৭৪,০০০	
বাদ: উন্নয়ন ব্যয়	১,৫২০,০০০	
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১৫৪,০০০	
যোগ: প্রারম্ভিক জের	৩৬,০০০	
সমাপ্তি জের :	১৯০,০০০	
গ. মূলধন হিসাব		
মোট আয় :	৫০,০০০	(৪)
মোট ব্যয় :	৪০,০০০	
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০	

ফরম খ (ক) অংশ- ১

আয়: ১,২৫০,০০০

ব্যয়: ৭৫০,০০০

ফরম খ (ক) অংশ- ২

আয়: ৮০০,০০০

ব্যয়: ৬২৬,০০০

ফরম খ (খ)

আয়

- সরকারি মঞ্জুরি: ১,০০০,০০০
- রাজস্ব উদ্বৃত্ত: ৬৭৪,০০০

ব্যয়: ১,৫২০,০০০

ফরম খ (গ)

আয় ৫০,০০০

ব্যয়: ৪০,০০০

সংশ্লিষ্ট অধ্যায়ে (১) রাজস্ব হিসাব উপাংশ- ১ (২) রাজস্ব হিসাব উপাংশ- ২ (৩) উন্নয়ন হিসাব এবং (৪) মূলধন হিসাবের জন্য ব্যবহৃত ফরম 'ক' এবং ফরম 'খ' এর মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করা হয়েছে।

(১) ফরম 'ক' এবং ফরম খ (ক) উপাংশ- ১: রাজস্ব হিসাব উপাংশ- ১ এর মধ্যে সম্পর্ক

উপরের আলোচনা অনুসারে, রাজস্ব হিসাব উপাংশ- ১ এর জন্য প্রণীত ফরম 'ক' এর বিস্তারিত বিবরণ হচ্ছে ফরম- 'খ' (ক) উপাংশ- ১। রাজস্ব হিসাব উপাংশ- ১ এর জন্য প্রণীত ফরম 'ক' এবং ফরম- 'খ' (ক) উপাংশ- ১ এর মধ্যে সম্পর্ক নিচে উল্লেখ করা হলো;

ফরম ক [সংক্ষিপ্ত]

বিবরণ	পরবর্তী অর্থ বছরের বাজেট, টাকা: অর্থ বছর: ২০১৩ - ২০১৪
ক. রাজস্ব হিসাব	
উপাংশ- ১ এর আয়	১,২৫০,০০০
উপাংশ- ২ এর আয়	৮০০,০০০
মোট আয় :	২,০৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	৭৫০,০০০
উপাংশ- ২	৬২৬,০০০
মোট ব্যয় :	১,৩৭৬,০০০
সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত :	৬৭৪,০০০

ফরম খ (ক): রাজস্ব হিসাব উপাংশ- ১

আয়ের খাত	পরবর্তী বছরের বাজেট		ব্যয়ের খাত	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩	২০১৪		
কর	৬০০,০০০		সাধারণ সংস্থাপন	
			মেয়র ও কাউন্সিলরদের সম্মানী ভাতা	২০০,০০০
রেইট	৪০০,০০০		কর্মকর্তা - কর্মচারীদের বেতন (পানি সরবরাহ শাখা ব্যতিত)	৪০০,০০০
			আনুতোমিক তহবিলে স্থানান্তর (মূলধন হিসাব)	১০,০০০
ফি	১৫০,০০০		উপ-মোট	৬১০,০০০
			শিক্ষা খাতে ব্যয়	৫০,০০০
			স্বাস্থ্য খাতে ব্যয়	৮০,০০০
			কর আদায় বাবদ খরচ	১০,০০০
অন্যান্য	১০০,০০০		নিরীক্ষা ফি	
উপ-মোট	১,২৫০,০০০		উপ-মোট	৭৫০,০০০
			উন্নয়ন হিসাবে স্থানান্তর	৪৬০,০০০
প্রারম্ভিক জের	১০,০০০		সমাপ্তি জের	৫০,০০০
মোট	১,২৬০,০০০		মোট	১,২৬০,০০০

রাজস্ব হিসাব উপাংশ-১
এর মোট আয়

রাজস্ব হিসাব উপাংশ-১
এর মোট ব্যয়

রাজস্ব হিসাব উপাংশ- ১ এর আয়

ফরম খ (ক) উপাংশ- ১ এর বাম পাশে রাজস্ব হিসাব উপাংশ- ১ এর আয় প্রদর্শন করা হয়েছে। রাজস্ব হিসাব উপাংশ- ১ এর আয়ের উৎস হচ্ছে বিভিন্ন প্রকার কর, যেমন; হোল্ডিং কর, স্থাবর সম্পত্তি হস্তান্তর কর, ভবন বা দালান নির্মাণ ও পূর্ণ:নির্মাণ এর উপর কর, কনজারভেন্সি রেইট, লাইটিং রেইট, লাইসেন্স ফি, পৌরসভা মার্কেট ফি, অন্যান্য কর, ফি, রেইট, ইত্যাদি।

এই উদাহরণে, রাজস্ব হিসাবের উপাংশ- ১ এর মোট আয়, যা পরবর্তীতে ফরম 'ক' তে অন্তর্ভুক্ত করা হয়েছে তার পরিমাণ হচ্ছে- ১২,৫০,০০০ টাকা। অরণ রাখতে হবে যে, এর মধ্যে প্রারম্ভিক জের যুক্ত করা হয়নি।

যেহেতু রাজস্ব হিসাব এর উপাংশ- ১ এর প্রারম্ভিক জের ১০,০০০ টাকা, সেহেতু বাম পার্শ্বের মোট হচ্ছে ১২,৬০,০০০ টাকা।

রাজস্ব হিসাব উপাংশ- ১ এর ব্যয়

ফরম খ (ক) উপাংশ- ১ এর ডান পার্শ্ব রাজস্ব হিসাব উপাংশ- ১ এর ব্যয় প্রদর্শন করা হয়েছে। রাজস্ব হিসাব উপাংশ- ১ এর মধ্যে মেয়র ও কাউন্সিলরগণের বেতনভাতা, কর্মকর্তাকর্মচারীদের বেতনভাতা (পানি সরবরাহ শাখা ব্যতিত), আনুতোষিক তহবিলে স্থানান্তর, শিক্ষা খাতে ব্যয়, স্বাস্থ্য খাতে ব্যয়, পয়ঃনিষ্কাশন খাতে ব্যয়, কর আদায় বাবদ খরচ ইত্যাদি যুক্ত করা হয়েছে।

এই উদাহরণে, রাজস্ব হিসাব উপাংশ- ১ এর মোট ব্যয়, যা পরবর্তীতে ফরম ক তে অন্তর্ভুক্ত করা হয়েছে তার পরিমাণ হচ্ছে- ৭,৫০,০০০ টাকা। এর মধ্যে উন্নয়ন তহবিলে স্থানান্তর ও সমাপনি জের এর কোনটাই অন্তর্ভুক্ত করা হয় নাই।

রাজস্ব হিসাব উপাংশ- ১ এ রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তরিত টাকার পরিমাণ হচ্ছে ৪,৬০,০০০ টাকা এবং এক্ষেত্রে সমাপনি জের এর পরিমাণ হচ্ছে ৫০,০০০ টাকা। এ বিষয়টি নিম্ন লিখিত ভাবে সার-সংক্ষেপ করা যেতে পারে।

আয় ১২,৫০,০০০ টাকা + প্রারম্ভিক জের ১০,০০০ টাকা
= ব্যয় ৭,৫০,০০০ টাকা + উন্নয়ন হিসাবে স্থানান্তরিত ৪,৬০,০০০ টাকা + সমাপ্তি জের ৫০,০০০ টাকা

অরণ রাখতে হবে যে, ফরম ক তে নির্দেশিত [উন্নয়ন হিসাবে স্থানান্তরিত] হচ্ছে রাজস্ব হিসাব উপাংশ- ১ থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তরিত প্রকৃত টাকার পরিমাণ। এটার পরিমাণ রাজস্ব হিসাবের উদ্ভূত পরিমাণের সমান নাও হতে পারে, যা ফরম ক এর রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তরিত হওয়ার কথা, এ বিষয়ে বিস্তারিত জানার জন্য অনুগ্রহপূর্বক সংযুক্তি- ২ দেখুন।

(২) ফরম ক এবং ফরম খ (ক) উপাংশ- ২ এর মধ্যে সম্পর্ক: রাজস্ব হিসাব উপাংশ- ২

একই ভাবে রাজস্ব হিসাব উপাংশ- ২ এর জন্য ফরম ক এবং ফরম খ (ক) উপাংশ- ২ এর মধ্যে সম্পর্ক নিচে ব্যাখ্যা করা হলো;

ফরম ক [সার-সংক্ষেপ]

বিবরণ	পরবর্তী অর্থ বছরের জন্য বাজেট অর্থ বছর: ২০১৩-২০১৪
ক. রাজস্ব হিসাব	
উপাংশ- ১ এর আয়	১,২৫০,০০০
উপাংশ- ২ এর আয়	৮০০,০০০
মোট আয়	২,০৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	৭৫০,০০০
উপাংশ- ২	৬২৬,০০০
মোট ব্যয়	১,৩৭৬,০০০
মোট রাজস্ব উদ্বৃত্ত	৬৭৪,০০০

ফরম খ (ক): রাজস্ব হিসাব উপাংশ- ২ (পানি সরবরাহ শাখা)

আয়ের খাত	পরবর্তী অর্থ বছরের বাজেট অর্থ বছর: ২০১৩-২০১৪	ব্যয়ের খাত	পরবর্তী অর্থ বছরের বাজেট অর্থ বছর: ২০১৩- ২০১৪
পানির কর	৬২৫,০০০	পানি সরবরাহ শাখার কর্মকর্তা - কর্মচারীদের বেতন	৩৬০,০০০
সংযোগ ফি	১০০,০০০	পানি সরবরাহের জন্য বিদ্যুৎ বিল	১৬০,০০০
পূর্ণ:সংযোগ ফি	৫০,০০০	পানি সরবরাহের সংযোগ লাইন স্থাপন খরচ	৫০,০০০
সার চার্জ	১০,০০০	পাম্প হাউজ মেরামত এবং রক্ষণাবেক্ষন	২৫,০০০
ফরম বিক্রি	৫,০০০	স্টেশনারি উপকরণ	১১,০০০
অন্যান্য	১০,০০০	ডাক ও টেলিফোন বাবদ খরচ	০
		অবচয় তহবিল স্থানান্তর (মূলধন হিসাব)	২০,০০০
উপ-মোট	৮০০,০০০	উপ - মোট	৬২৬,০০০
উপাংশ-২ এর মোট আয়		উন্নয়ন তহবিলে স্থানান্তর	১৫০,০০০
উপাংশ- ২ এর মোট ব্যয়			
প্রারম্ভিক জের	৬,০০০	সমাপ্তি জের	৩০,০০০
মোট	৮০৬,০০০	মোট	৮০৬,০০০
মোট আয় (১ + ২)	২,০৫০,০০০	মোট ব্যয় (১+২)	১,৩৭৬,০০০
প্রারম্ভিক জের		উন্নয়ন তহবিলে মোট স্থানান্তর	৬১০,০০০
(উপাংশ-১ + ২) =	১৬,০০০	মোট সমাপ্তি জের (উপাংশ-১+২)	৮০,০০০
(১০,০০০ + ৬,০০০)		(৩০,০০০ + ৫০,০০০)	
মোট	২,০৬৬,০০০	মোট	২,০৬৬,০০০

উপাংশ- ১ ও উপাংশ-
২ এর মোট আয়

উপাংশ- ১ ও অংশ-
২ এর মোট ব্যয়

এখানে উপাংশ- ১ ও উপাংশ-
২ এর মোট পরিমাণ প্রদর্শিত

রাজস্ব হিসাব উপাংশ- ২ এর আয় (পানি সরবরাহ শাখা)

ফরম খ উপাংশ - ২ এর বাম পার্শ্বে রাজস্ব হিসাবের উপাংশ- ২ এর আয় প্রদর্শন করা হয়েছে। রাজস্ব হিসাবের উপাংশ- ২ এর আয়ের বিভিন্ন উৎস রয়েছে যেমন; পানির বিল ও রেইট, সংযোগ ফি, পূর্ণ:সংযোগ ফি, সার চার্জ, ইত্যাদি।

এই উদাহরণে, রাজস্ব হিসাবের উপাংশ- ২ এর মোট আয় যার মধ্যে প্রারম্ভিক জের অন্তর্ভুক্ত করা হয়নি, তার পরিমাণ হচ্ছে- ৮,০০,০০০ টাকা। এর পর এটা ফরম ক তে অন্তর্ভুক্ত করা হয়েছে।

যেহেতু, রাজস্ব হিসাব উপাংশ- ২ এর প্রারম্ভিক জের হচ্ছে- ৬,০০০ টাকা, সেহেতু প্রারম্ভিক জেরসহ রাজস্ব হিসাবের উপাংশ- ২ এর মোট আয় হবে- ৮,০৬,০০০ টাকা।

রাজস্ব হিসাব উপাংশ- ২ এর ব্যয় (পানি সরবরাহ শাখা)

ফরম খ (ক) উপাংশ- ২ এর ডান পার্শ্বে রাজস্ব হিসাবের ব্যয় প্রদর্শন করা হয়েছে। রাজস্ব হিসাব উপাংশ- ২ এর মধ্যে পানি সরবরাহ শাখার কর্মকর্তা - কর্মচারীদের বেতনভাতা, বিদ্যুৎ বিল (পানি সরবরাহ সংশ্লিষ্ট), পানি সরবরাহের সংযোগ লাইন স্থাপন, পাম্প হাউজ মেরামত ও রক্ষনাবেক্ষণ খরচ অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই উদাহরণে, রাজস্ব হিসাব উপাংশ- ২ এর মোট ব্যয় যার মধ্যে উন্নয়ন হিসাবের সমাপনি জের ও উন্নয়ন হিসাবে স্থানান্তরিত ৬,২৬,০০০ টাকা অন্তর্ভুক্ত করা হয়নি। এরপর এটা ফরম ক এর অন্তর্ভুক্ত করা হয়েছে।

রাজস্ব হিসাব উপাংশ- ২ থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তর এর পরিমাণ- ১,৫০,০০০ টাকা এবং এ ভাবে সমাপনি জের এর পরিমাণ হচ্ছে- ৩০,০০০ টাকা। এ হিসাবটি নিম্নলিখিত ভাবে সার-সংক্ষেপ করা যেতে পারে।

আয়ের পরিমাণ = ৮,০০,০০০ টাকা + প্রারম্ভিক জের এর পরিমাণ ৬,০০০ টাকা
= ব্যয় ৬,২৬,০০০ টাকা + উন্নয়ন হিসাবে স্থানান্তর এর পরিমাণ ১,৫০,০০০ টাকা + সমাপ্তি জের এর পরিমাণ ৩০,০০০ টাকা

রাজস্ব হিসাব উপাংশ- ১ ও উপাংশ- ২ এর আয় ও ব্যয়ের সার-সংক্ষেপ

ফরম খ (ক) উপাংশ- ২ এর মধ্যম অংশে রাজস্ব হিসাব উপাংশ- ১ ও উপাংশ- ২ এর আয় ও ব্যয়ের চিত্র প্রদর্শিত হয়েছে।

বাম পার্শ্বে রাজস্ব আয় (উপাংশ- ১ ও উপাংশ- ২ এর) ও প্রারম্ভিক জের, উন্নয়ন হিসাবে স্থানান্তর, ও সমাপ্তি জের প্রদর্শিত হচ্ছে।

উদাহরণ স্বরূপ বলা যেতে পারে যে, উপাংশ- ১ এর মোট রাজস্ব আয় এর পরিমাণ হচ্ছে ১২,৫০,০০০ টাকা এবং উপাংশ- ২ এর আয়ের পরিমাণ হচ্ছে ৮,০০,০০০ টাকা, সুতরাং উপাংশ- ১ ও উপাংশ- ২ এর মোট আয়ের পরিমাণ হচ্ছে ২০,৫০,০০০ টাকা। একইভাবে, উপাংশ- ১ ও উপাংশ-২ এর মোট প্রারম্ভিক জের এর পরিমাণ হচ্ছে ১৬,০০০ টাকা এবং বাম পার্শ্বের মোট হচ্ছে ২০,৬৬,০০০ টাকা (সমাপ্তি জেরসহ রাজস্ব আয়)।

ডান পার্শ্বে মোট ব্যয় প্রদর্শন করা হয়েছে (১৩,৭৬,০০০ টাকা), উন্নয়ন হিসাবে স্থানান্তর (৮০,০০০ টাকা)। সুতরাং উন্নয়ন হিসাবে স্থানান্তর ও সমাপনি জেরসহ মোট ব্যয়ের পরিমাণ হচ্ছে ২০,৬৬,০০০ টাকা, যা প্রারম্ভিক জেরসহ মোট পরিমাণের সমান হবে।

[আয়]	২,০৫০,০০০	[ব্যয়]	১,৩৭৬,০০০
উপাংশ: ১	১,২৫০,০০০	উপাংশ: ১	৭৫০,০০০
উপাংশ: ২	৮০০,০০০	উপাংশ: ২	৬২৬,০০০
		[উন্নয়ন হিসাবে স্থানান্তর]	৬১০,০০০
		উপাংশ: ১	৪৬০,০০০
		উপাংশ: ২	২৫০,০০০
[প্রারম্ভিক জের]	১৬,০০০	[সমাপ্তি জের]	৮০,০০০
উপাংশ: ১	১০,০০০	উপাংশ: ১	৩০,০০০
উপাংশ: ২	৬,০০০	উপাংশ: ২	৫০,০০০
মোট	২,০৬৬,০০০	মোট	২,০৬৬,০০০

(৩) ফরম ক ও ফরম খ (খ) এর মধ্যে সম্পর্ক: উন্নয়ন হিসাব

উন্নয়ন হিসাবে, ফরম ক তে উল্লেখিত আয় ও ব্যয়ের বিস্তারিত ফরম খ (খ) প্রদর্শন করা হয়ে থাকে। উন্নয়ন হিসাবে ফরম ক ও ফরম খ (খ) এর মধ্যে সম্পর্ক নিম্নরূপ;

ফরম ক [সার-সংক্ষেপ]

বিবরণ	পরবর্তী অর্থ বছরের বাজেট অর্থ বছর: ২০১৩ - ২০১৪
ক. রাজস্ব আয়	
উপাংশ- ১ থেকে আয়	১২,৫০,০০০
উপাংশ- ২ থেকে আয়	৮০০,০০০
মোট আয়	২০,৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	৭৫০,০০০
উপাংশ- ২	৬,২৬,০০০
মোট ব্যয় :	১৩,৭৬,০০০
সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত :	৬,৭৪,০০০

খ. উন্নয়ন হিসাব	অর্থ বছর: ২০১৩ - ১৪
সরকারি মঞ্জুরি	১০,০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত	৬,৭৪,০০০
অন্যান্য	-
মোট :	১৬,৭৪,০০০
বাদ: উন্নয়ন ব্যয়	১৫,২০,০০০
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১,৫৪,০০০
যোগ: প্রারম্ভিক জের	৩৬,০০০
সমাপ্তি জের :	১,৯০,০০০

উন্নয়ন খ (খ): উন্নয়ন হিসাব

আয়ের খাত	পরবর্তী বছরের বাজেট		ব্যয়ের খাত	পরবর্তী বছরের বাজেট	
	অর্থ বছর: ২০১৩	২০১৪		অর্থ বছর: ২০১৩	২০১৪
সরকারি মঞ্জুরি	১০,০০,০০০		অবকাঠামো নির্মাণ		
			সড়ক/ রাস্তা		১০,০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত			সেতু		৩,০০,০০০
উপাংশ- ১ হইতে	৪,৬০,০০০		কালভার্ট		১,০০,০০০
উপাংশ- ২ হইতে	১,৫০,০০০		ড্রেইন/ নর্দমা		১,০০,০০০
			পানির লাইন		
স্বেচ্ছা অনুদান	০		হাট - বাজার		২০,০০০
অন্যান্য			বাস টার্মিনাল		
উপ-মোট	১৬,১০,০০০		উপ-মোট		১৫,২০,০০০
প্রারম্ভিক স্থিতি		২০,০০০			
			সমাপ্তি জের		১,১০,০০০
মোট		১৬,৩০,০০০	মোট		১৬,৩০,০০০

উন্নয়ন হিসাবের আয়

উন্নয়ন হিসাবের আয়, যা সরকারি মঞ্জুরি ও রাজস্ব হিসাব থেকে স্থানান্তরিত অর্থের প্রতিনিধিত্ব করে তা ফরম খ (খ) এর বাম পার্শ্বে প্রদর্শিত হয়ে থাকে। এই উদাহরণে, সরকারি মঞ্জুরির পরিমাণ হচ্ছে ১০,০০,০০০ টাকা এবং ফরম ক তে এটা অর্ন্তভুক্ত করা হয়েছে।

ফরম ক তে নির্দেশিত রাজস্ব হিসাব থেকে স্থানান্তরিত টাকার পরিমাণ হচ্ছে ৬, ৭৪, ০০০ টাকা। ফরম ক এর রাজস্ব হিসাব সেকশন থেকে যা আগত হয়েছে (ফরম খ (খ) থেকে নয়)। ফরম ক তে মোট হিসাবকৃত উদ্বৃত্তের পরিমাণ হচ্ছে ৬, ৭৪, ০০০ টাকা মোট রাজস্ব আয় ২০, ৫০, ০০০ টাকা- মোট রাজস্ব ব্যয় ১৩, ৭৬, ০০০ টাকা। উপরের বর্ণনা অনুসারে, রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তরিত প্রকৃত অর্থের পরিমাণ সবসময় ফরম ক তে হিসাবকৃত মোট রাজস্ব আয়ের সমান নাও হতে পারে। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য সংযুক্তি - ২ দেখুন।

মোট উন্নয়ন আয়ের (১৬, ১০, ০০০ টাকা) সাথে উন্নয়ন হিসাবের প্রারম্ভিক জের (২০, ০০০ টাকা) যোগ করে প্রারম্ভিক জেরসহ মোট উন্নয়ন আয়ের পরিমাণ হচ্ছে ১৬, ৩০, ০০০ টাকা।

উন্নয়ন হিসাবের ব্যয়

উন্নয়ন হিসাবের ব্যয়, যা মূলত অবকাঠামো উন্নয়ন, এ খরচটি পরম খ (খ) এর বাম পার্শ্বে প্রদর্শন করা হয়ে থাকে। এই উদাহরণে, মোট উন্নয়ন ব্যয়ের পরিমাণ হচ্ছে ১৫, ২০,০০০ টাকা। যা ফরম ক তেও প্রদর্শন করা হয়েছে।

মোট উন্নয়ন ব্যয় (১৫, ২০,০০০ টাকা) এর সাথে উন্নয়ন হিসাবের সমাপ্তি জের (১, ১০,০০০ টাকা) যোগ করে মোট উন্নয়ন ব্যয়ের পরিমাণ হচ্ছে ১৬,৩০, ০০০ টাকা।

(৪) ফরম ক এবং ফরম খ (গ) এর মধ্যে সম্পর্ক: মূলধন হিসাব

মূলধন হিসাবে ফরম ক তে আয় ও ব্যয়ের বিস্তারিত ফরম খ (গ) তে প্রদর্শিত হয়ে থাকে। ফরম ক এবং ফরম খ (গ) এর আন্তঃসম্পর্ক নিচে আলোচনা করা হলো;

ফরম ক (সার-সংক্ষেপ)

গ. মূলধন হিসাব	অর্থ বছর: ২০১৩ - ২০১৪
মোট আয় :	৫০, ০০০
মোট ব্যয় :	৪০, ০০০
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০, ০০০

ফরম খ (গ): মূলধন হিসাব

আয়ের খাত	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩ - ২০১৪		অর্থ বছর: ২০১৩ - ২০১৪
ঋণ গ্রহণ		ঋণ পরিশোধ (বিএমডিএফ)	২৫, ০০০
ঋণ পরিশোধ		ঋণ বিতরণ	১৫, ০০০
বিভিন্ন প্রকার বিনিয়োগ থেকে আয়		বিবিধ বিনিয়োগ	
অবচয় তহবিল - উপাংশ- ২	২৫, ০০০	অবচয় তহবিল থেকে ব্যয়	
আনুতোষিক তহবিল, উপাংশ- ১	১৫, ০০০	আনুতোষিক তহবিল থেকে ব্যয়	
অন্যান্য			
উপ-মোট	৩৫, ০০০	উপ-মোট	৪০, ০০০
প্রারম্ভিক জের	২৫, ০০০		
		সমাপ্তি জের	১০, ০০০
সর্বমোট	৫০, ০০০	সর্বমোট	৫০, ০০০

মূলধন হিসাবের আয়ের মধ্যে গৃহীত ঋণ, বিভিন্ন প্রকার বিনিয়োগ থেকে আয়, অবচয় তহবিল, এবং আনুতোষিক তহবিল ইত্যাদি অর্ন্তভুক্ত থাকে।

অবচয় তহবিল পৌরসভার পানি সরবরাহ সুবিধাদি রক্ষণাবেক্ষণের জন্য একটি জমা হিসাব। পৌরসভাসমূহকে সাধারণত মূলধন হিসাবে তার পানি বাবদ আদায়কৃত রাজস্বের ২.৫% একটি আলাদা হিসাবে (অবচয় হিসাব) সংরক্ষণ করতে হয়। এটা রাজস্ব হিসাব উপাংশ- ২ থেকে মূলধন হিসাবে স্থানান্তর জনিত একটি হিসাব। যদিও, অবচয় তহবিলের প্রাপ্তি (২০, ০০০ টাকা) এর পরিমাণ রাজস্ব হিসাব উপাংশ- ২ (পানি সরবরাহ শাখা) থেকে স্থানান্তরিত টাকার পরিমাণের সমান হওয়া বাঞ্ছনীয়।

একই ভাবে, পৌরসভা তার কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আনুতোষিক তহবিলেও সঞ্চয় করে থাকে। এই সঞ্চয় রাজস্ব হিসাব উপাংশ- ১ থেকে মূলধন হিসাবে স্থানান্তরের সাথে সম্পর্কিত। এরপর গৃহীত আনুতোষিক তহবিল (১০, ০০০ টাকা) এর পরিমাণ রাজস্ব হিসাব উপাংশ- ১ থেকে স্থানান্তরিত (সাধারণ সংস্থাপন খাতের অন্তর্ভুক্ত) টাকার পরিমাণের সমান হওয়া বাঞ্ছনীয়।

প্রারম্ভিক জেরসহ মূলধন হিসাবে মোট আয়ের পরিমাণ হচ্ছে ৫০, ০০০ টাকা। এটা হচ্ছে রাজস্ব হিসাব উপাংশ- ১ এর থেকে স্থানান্তরিত আনুতোষিক তহবিল (১০, ০০০ টাকা), রাজস্ব হিসাব উপাংশ- ২ থেকে স্থানান্তরিত অবচয় তহবিল (২০, ০০০ টাকা) এবং প্রারম্ভিক জের (২০, ০০০ টাকা) যোগফল।

মূলধন হিসাবের ব্যয়ের মধ্যে ঋণ পরিশোধ, ঋণ বিতরণ, বিনিয়োগ, অবচয় তহবিল থেকে ব্যয়, আনুতোষিক তহবিল থেকে ব্যয় (পরিশোধ) ইত্যাদি অন্তর্ভুক্ত।

মূলধন হিসাবের মোট ব্যয়ের পরিমাণ হচ্ছে ৪০, ০০০ টাকা। এই উদাহরণে, মূলধন ব্যয় হচ্ছে ঋণ পরিশোধ (বিএমডিএফ এর ঋণ পরিশোধ, ২৫, ০০০ টাকা) এবং ঋণ বিতরণ (কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ঋণ বিতরণ, ১৫, ০০০ টাকা)।

সমাপ্তি জের এর পরিমাণ ১০, ০০০ টাকা যোগ করে সমাপ্তি জেরসহ মোট ব্যয়ের পরিমাণ হচ্ছে ৫০, ০০০ টাকা।

৫. বাজেট বাস্তবায়ন, মনিটরিং ও প্রতিবেদন

৫.১. বাজেট বাস্তবায়ন

৫.১.১. বাজেট বাস্তবায়ন সম্পর্কিত বিধিমালা

বাজেট বাস্তবায়ন সম্পর্কিত নানাবিধ বিধিমালা নিষেধ রয়েছে, যে সম্পর্কে পৌরসভাসমূহকে সজাগ ও সচেতন থাকতে হয়। এরকম বিধিমালা নিষেধসমূহ হচ্ছে-

- (১) সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা
- (২) অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর নিষেধাজ্ঞা
- (৩) সর্বনিম্ন সমাপনি জের সম্পর্কিত বিধিমালা
- (৪) চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতনভাতা বৃদ্ধি বিষয়ক বিধিমালা

(১) সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধিমালা- ১১ (১) অনুসারে পৌরসভা তার রাজস্ব আয়ের ৫০% এর অধিক সংস্থাপন বাবদ ব্যয় করতে পারবে না।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১১। ব্যয় সীমিতকরণ: (১) কোন পৌরসভা কোন অর্থ বৎসরে আদায়কৃত রাজস্বের ৫০% এর অধিক অর্থ উক্ত অর্থ বৎসরে উক্ত পৌরসভার সংস্থাপন খাতে ব্যয় করিতে পারিবে না;



পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর আওতায় প্রণীত ফরম 'খ' তে সাধারণ সংস্থাপন খরচ হিসাবে সংস্থাপন ব্যয় প্রদর্শন করা হয়ে থাকে।

সাধারণ সংস্থাপন ব্যয়ের মধ্যে নিম্নলিখিত খরচসমূহ অন্তর্ভুক্ত থাকে, যথা;

(১)	পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী ভাতা
(২)	পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা
(৩)	আনুতোষিক তহবিলে স্থানান্তর
(৪)	যানবাহন মেরামত ও জ্বালানী
(৫)	টেলিফোন
(৬)	বিদ্যুৎ বিল
(৭)	কনজারভেন্সি খরচ

সাধারণত: পৌরসভার রাজস্ব আয়ের অধিকাংশ আসে কর বাবদ আয় থেকে, যেমন; হোল্ডিং কর আদায় থেকে। যেহেতু পৌরসভাসমূহ তার রাজস্ব আয়ের ৫০% এর অধিক সংস্থাপন খাতে ব্যয় করতে পারেনা, সেহেতু পৌরসভাসমূহকে তার রাজস্ব আয়ের (কর বাবদ আয়) ৫০% এর অধিক জনসেবা ও অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করতে হয়।

যদি পৌরসভাসমূহ ব্যাখ্যা করতে পারে যে তারা তাদের রাজস্ব আয়ের বা কর বাবদ আয়ের অধিকাংশ টাকা টিএলসি বা উন্মুক্ত বাজেট অধিবেশনের মাধ্যমে জনসেবা এবং অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করে থাকে তাহলে পৌরসভার প্রতি জনগণের সন্তুষ্টি বৃদ্ধি পাবে।

(২) অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর নিষেধাজ্ঞা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধিমালা ১১ (২) অনুসারে, কোন পৌরসভা উহার বাজেটে বরাদ্দকৃত এক খাত বা উপ-খাতের অর্থ অন্য কোন খাত বা উপ-খাতে উপযোজন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধিমালা ১২ অনুসারে প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বা অনুরূপ অন্য কোন কারণে একান্ত প্রয়োজন হইলে, নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এইরূপ উপযোজন করা যাইবে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১১। ব্যয় সীমিতকরণ: (২) কোন পৌরসভা কোন ক্রমেই অনুমোদিত বাজেট বহির্ভূত কোন ব্যয় করিবে না।



পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১২। ব্যয়ের খাত উপযোজন: কোন পৌরসভা উহার বাজেটে বরাদ্দকৃত এক খাত বা উপ-খাতের অর্থ অন্য কোন খাত বা উপ-খাতে উপযোজন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বা অনুরূপ অন্য কোন কারণে একান্ত প্রয়োজন হইলে, নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এইরূপ উপযোজন করা যাইবে।



ফরম খ তে বাজেট এর খাত ও উপ-খাত একইভাবে বাজেট এর খাত হিসেবে ব্যাখ্যায়িত হয়েছে। উপরের স্তরে বাজেট খাত (যেমন; ১. সাধারণ সংস্থাপন ২. শিক্ষা খাতে ব্যয়) ইত্যাদি বাজেট খাত সংশ্লিষ্ট এবং অন্যদিকে দ্বিতীয় পর্যায়ে ১. মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী এবং ২. পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা উপ-খাত হিসেবে চিহ্নিত হয়েছে।

যদিও, উদাহরণ হিসেবে ১. মেয়র বা কাউন্সিলরগণের সম্মানী ভাতা ২. পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা বাবদ বাজেট অভিযোজন অনুমোদিত নয়। অথবা উদাহরণ হিসেবে ১. সাধারণ সংস্থাপন এবং ২. শিক্ষা বাবদ ব্যয় অভিযোজনও বাজেটে অনুমোদিত নয়।

ফরম খ তে বাজেট এর খাত ও উপখাত এর উদাহরণ

ক্রমিক নং	ব্যয়ের খাত সমূহ	
১	সাধারণ সংস্থাপন	বাজেট এর খাত
১)	মেয়র বা কাউন্সিলরবৃন্দের সম্মানী ভাতা	বাজেট এর উপ-খাত
২)	পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা	
	...	
২	শিক্ষা ব্যয়	
	...	

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা ৬ অনুসারে বার্ষিক উন্নয়ন তহবিলে বরাদ্দকৃত অর্থ একইভাবে রাজস্ব হিসেবে ব্যয় করা যাবে না।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯
বিধি-৬। বাজেট প্রণয়ন পদ্ধতি: প্রত্যেক পৌরসভা
(ঙ) উন্নয়ন সহায়তা মঞ্জুরির অর্থ রাজস্ব খাতে ব্যয় করিবে না;



পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা ১১ (৪) অনুসারে যদি কোন পৌরসভা ব্যয় করার ক্ষেত্রে নির্দেশনা ভঙ্গ করে তাহলে সেই ব্যয় সংশ্লিষ্ট পৌরসভার মেয়র এর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে, সুতরাং ব্যয় করার নির্দেশনা সম্পর্কিত বিধিমালা নিষেধ সম্পর্কে পৌরসভাসমূহকে সচেতন থাকতে হবে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯
বিধি-১১। ব্যয় সীমিতকরণ:

(৪) এই বিধিমালা লঙ্ঘনক্রমে ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যানের দায় বলিয়া গণ্য হইবে।



এই বিধিমালা প্রণয়নের উদ্দেশ্য এটা নয় যে, পৌরসভাসমূহ বাজেটের অনুমোদন বর্হিভূত ব্যয় করার অভিযোগ থেকে অব্যাহতি পাওয়ার জন্য বাজেট অযৌক্তিকভাবে অতিরিক্ত বরাদ্দ করে রাখবে। পৌরসভাসমূহের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা হচ্ছে যে, পৌরসভাসমূহকে অত্যন্ত যৌক্তিক ও বাস্তবসম্মত বাজেট প্রণয়ন করতে হবে এবং প্রতিমাসে বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করতে হবে, এবং নিশ্চিত হবে যে বাজেটের বরাদ্দের সাথে সঙ্গতিপূর্ণভাবে ব্যয় হচ্ছে বা কোন খাতে বরাদ্দের অতিরিক্ত ব্যয় হচ্ছে কিনা।

যদি কোন ক্ষেত্রে বাজেটে বরাদ্দের তুলনায় অতিরিক্ত ব্যয় হয়ে যায় তাহলে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯২ (২) অনুসারে অনুমোদিত বাজেট সংশোধন করতে হবে। পৌরসভা সমূহ প্রতিমাসে বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করবে, এবং নিশ্চিত হবে যে বাজেটের বরাদ্দের সাথে সঙ্গতিপূর্ণভাবে ব্যয় হচ্ছে, কোন খাতে বরাদ্দের অতিরিক্ত ব্যয় হচ্ছে না।

(৩) নূন্যতম সমাপ্তি জের সম্পর্কিত বিধিমালা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা ১৩ অনুসারে পৌরসভাসমূহকে নিশ্চিত করতে হবে যে তাদের রাজস্ব হিসাব উপাংশ- ১ এর নূন্যতম জের একমাসের সংস্থাপন ব্যয়ের চেয়ে বেশি আছে। একইভাবে, রাজস্ব হিসাব উপাংশ- ২ (পানি সরবরাহ শাখা) এর নূন্যতম সমাপ্তি জের এর পরিমাণ পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের এক মাসের বেতনের চেয়ে বেশি হতে হবে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১৩। নূন্যতম সমাপ্তি জের: বাজেটের রাজস্ব খাতের সাধারণ সংস্থাপন ব্যয় এবং পানি সরবরাহ শাখার কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা বাবদ ব্যয় উপ-খাতসমূহের অন্তত: এক মাসের জন্য প্রয়োজনীয় অর্থ সমাপ্তি জের হিসেবে থাকিবে।



এই বিধিমালার সাথে সঙ্গতি রেখে পৌরসভাকে একমাসের সংস্থাপন ব্যয় এবং পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের এক মাসের বেতনের পরিমাণ হিসাব করতে হবে।

উদাহরণস্বরূপ বিগত অর্থ বছরে সংস্থাপন খাতে প্রকৃত ব্যয় ছিল ৬,০০,০০,০০০ টাকা, তাহলে এক মাসের ব্যয় হবে ৫০,০০,০০০ টাকা।

	বিগত অর্থ বছরে প্রকৃত ব্যয়	এক মাসের সম্ভাব্য ব্যয়
সংস্থাপন খাতে ব্যয়	৬,০০,০০,০০০	৫০,০০,০০০
পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ব্যয়	৪,৮০,০০,০০০	৪০,০০,০০০

রাজস্ব হিসাব অংশ- ১ এর নূন্যতম জের

রাজস্ব হিসাব অংশ- ২ (পানি সরবরাহ শাখা) এর নূন্যতম সমাপ্তি জের

অতঃপর পৌরসভাসমূহ রাজস্ব হিসাব ও পানি সরবরাহ শাখার হিসাবের সমাপ্তি জের নিয়মিত মনিটরিং করে থাকে এবং নিশ্চিত করে যে তাদের হিসাবে সমাপ্তি জের এর ন্যূনতম পরিমাণ সংরক্ষন করা হচ্ছে।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতন ভাতা বৃদ্ধি বিষয়ক বিধিমালা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯, এর ১১ (৩) ধারা অনুসারে, পৌরসভাসমূহ এলজিডি'র (নির্ধারিত কর্তৃপক্ষ) পূর্বানুমোদন ব্যতিত চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতন বৃদ্ধি করতে পারে না।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১১। ব্যয় সীমিতকরণ:

(২) নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন পৌরসভা উহার বাজেটে চুক্তিভিত্তিক নিযুক্ত কোন কর্মচারীর মঞ্জুরী পূর্ববর্তী অর্থ বৎসরের মঞ্জুরী হইতে বৃদ্ধি করিয়া বাজেট প্রণয়ন করিবে না।



(৫) অন্যান্য নির্দেশনা

যে সকল পৌরসভা পানি সরবরাহ সেবা পরিবেশন করে থাকে, তাদেরকে পানির বিল ও অন্যান্য কর বাবদ আদায়কৃত রাজস্বের ন্যূনতম ২.৫% রাজস্ব হিসাব উপাংশ- ২ এর জন্য একটি আলাদা হিসাবে সংরক্ষন করতে হয়। এই আলাদা হিসাবকে “অবচয় হিসাব” বলে অবিহিত করা হয়ে থাকে। এই অবচয় তহবিলে সঞ্চয়কৃত অর্থের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থার রক্ষনাবেক্ষণ যেমন পানির পাইপ ইত্যাদি মেরামত ও রক্ষনাবেক্ষন করা হবে।

পানি সরবরাহ বাবদ আদায়কৃত রাজস্বের ২.৫% অবচয় তহবিলে সংরক্ষনের মাধ্যমে রাজস্ব হিসাব উপাংশ-২ এর একটি ব্যয় এবয় মূলধন হিসাবের জন্য একটি আয় হিসেবে হিসাবভুক্ত হয়ে থাকে। অন্যভাবে বললে, এটা রাজস্ব হিসাব উপাংশ-২ থেকে মূলধন হিসাবে একটি স্থানান্তর।

মেমো নং- পৌর- ২/ পৌ: বিধিমালা- ২/ ৯৯/ ১৯২ (২১০) তারিখ: ০৬/ ০৩/ ২০০০;

বিষয়: পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা- ১৯৯৯ প্রণয়ন। (স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) শাখা: পৌর- ২)

২ (খ) পানি সরবরাহ শাখার আদায়কৃত রাজস্বের ন্যূনতম ২.৫% একটি আলাদা হিসাবে অবচয় তহবিল হিসেবে অবশ্যই সংরক্ষন করতে হবে।



৫.২. বাজেট বাস্তবায়ন মনিটরিং

৫.২.১. বাজেট বাস্তবায়ন মনিটরিং সম্পর্কিত বিধিমালা

৫.১.১ অনুমোদিত বাজেটের অতিরিক্ত ব্যয় ও উপযোজন এর উপর নিষেধাজ্ঞা শিরোনামের (২) নং আলোচনায় যেভাবে বলা হয়েছে যে, পৌরসভা বাজেটের প্রত্যেকটি খাত এবং উপ-খাতে অনুমোদিত পরিমাণের অতিরিক্ত টাকা সংশ্লিষ্ট খাত বা উপ-খাতে ব্যয় করতে পারবে না।

যদিও পৌরসভাসমূহকে বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫ এর নির্দেশনা মোতাবেক বাজেট বাস্তবায়ন মনিটরিং করতে হয়।

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫

এভাবে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে অনিষ্পত্তিকৃত প্রদেয় চেক ও জমাকৃত চেকের মাধ্যমে পার্থক্য সৃষ্টি হয়ে থাকে। এরমধ্যে সম্পর্ক নিম্নে উল্লেখ করা হলো;

$$[\text{ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের}] + [\text{অনিষ্পত্তিকৃত প্রদেয় চেক}] - [\text{জমাকৃত কিন্তু অনিষ্পত্তিকৃত চেক}] = [\text{ব্যাংক হিসাবের জের}]$$

হিসাবরক্ষকের ক্যাশ বইয়ে নিম্নোলিখিতভাবে এ বিষয়টি নিরূপণ করা হয়;

সমন্বিত সমাপনি জের (মাস শেষে)

সমাপনি জের (হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বই অনুসারে)	৫০,০০০ টাকা
যোগ (+) চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখনও ব্যাংক কর্তৃক প্রদান করা হয়নি	
চেক নং-৩৪৫২৮৭/তারিখ- ২৫ জুলাই ২০১৪/ জ্বালানী বিল/ জামাল পেট্রোল পাম্প লিমিটেড	১০,০০০ টাকা
চেক নং- ৩৫২২৮৯/তারিখ-২৭ জুলাই- ২০১৪/স্টেশনারি বিল/ রানা স্টেশনারি	৫,০০০ টাকা
উপ-মোট	১৫,০০০ টাকা
বিয়োগ (-) চেক/ মেমো ক্যাশ বই থেকে জমা দেওয়া হয়েছে কিন্তু পাশ বইয়ে/ ব্যাংক হিসাবে অর্ন্তভুক্ত করা হয়নি	
চেক নং- ৬৭৫৪৩/তারিখ ০২ জুলাই- ২০১৪/ কর আদায়/ -----	১২,০০০ টাকা
চেক নং- ৭৮৬৪১২/তারিখ ২৩ জুলাই- ২০১৪/ইজারার অর্থ/ -----	৬,০০০ টাকা
উপ-মোট	১৮,০০০ টাকা
সমন্বিত সমাপনি জের (৫০,০০০ টাকা + ১৫,০০০ টাকা - ১৮,০০০ টাকা) = ব্যাংক হিসাবের জের	৪৭,০০০ টাকা

এই উদাহরণে, দু'টি চেক রয়েছে (১০, ০০০ টাকা ও ৫, ০০০ টাকা) যা প্রদান করা হয়েছে কিন্তু মাস শেষ হওয়ার পূর্বে নিষ্পত্তি করা হয়নি।

একই সময়ে অন্য দু'টি চেক (১২, ০০০ টাকা ও ৬, ০০০ টাকা) যা ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু মাস শেষ হওয়ার পূর্বে ব্যাংক কর্তৃক তা নিষ্পত্তি করা হয়নি।

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের ছিল ৫০, ০০০ টাকা। এরপর ব্যাংকের সমাপনি জের এর সাথে সমন্বিত করার পর সমাপনি জের পরিমাণ দাড়িয়েছে ৪৭, ০০০ টাকা।

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ে নিম্নোলিখিত পদ্ধতিতে সমন্বয় নির্দেশ করা হয়েছে (প্রতি মাসের শেষ কর্ম দিবসে):

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ে কিভাবে সমাপনি জের এর সমন্বয় নির্দেশ করতে হবে

ডেবিট		ক্রেডিট	
প্রাপ্তি		প্রদান	
প্রারম্ভিক জের	৪৯,০০০	প্রদান (৩)	১,০০০
প্রাপ্তি (১)	১,৫০০		
প্রাপ্তি (২)	৫০০		
দিনের মোট প্রাপ্তি	২,০০০	দিনের মোট প্রদান	১,০০০
পৃষ্ঠার মোট টাকার পরিমাণ	৫১,০০০	সমাপনি জের	৫০,০০০
		পৃষ্ঠার মোট টাকার পরিমাণ	৫১,০০০

সমাপনি জের	৫০,০০০
প্রদেয় অনিষ্পত্তিকৃত চেক (+)	১৫,০০০
জমাকৃত অনিষ্পত্তিকৃত চেক (-)	১৮,০০০
সমন্বিত সমাপনি জের	৪৭,০০০

হিসাব রক্ষক

ব্যাংক হিসাবের সাথে সমতা
যাচাই

সচিব

মেয়র

টিপস্: যখন সমন্বিত সমাপনি জের ও ব্যাংক এর সমাপনি জের সমান নয়

ব্যাংক বিবরণীর সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ বইয়ের সমাপনি জের এর মধ্যে পার্থক্য তৈরি হয় নিষ্পত্তিকৃত চেক এবং হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ে ভুল অর্ন্তভুক্তির কারণে।

এভাবে যদি সমন্বিত সমাপনি জের ও ব্যাংকে জমার পরিমাণ সমান না হয় তাহলে পুনরায় যাচাই করণ;

১. প্রদেয় কিন্তু অনিষ্পত্তিকৃত চেক ও জমাকৃত কিন্তু অনিষ্পত্তিকৃত চেক যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে কিনা;
২. মাসের শেষে সমন্বিত সমাপনি জের সঠিকভাবে নিরূপণ করা হয়েছে কিনা,
৩. ক্যাশ/ নগদান বইয়ে দৈনিক সমাপনি জের সঠিক ভাবে নিরূপণ করা হয়েছে কিনা,
৪. হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ে প্রতিটি লেনদেন যথাযথভাবে অর্ন্তভুক্ত করা হয়েছে কিনা।

(ii) মাসিক হিসাব সমাপনি সচিব কর্তৃক যাচাইকরণ

প্রতি মাসের শেষে হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই সচিব (বা প্রধান নির্বাহী কর্মকর্তা) এবং মেয়র যাচাই করে দেখবেন।

সচিব যাচাই করে দেখবেন;

- (১) প্রদেয় কিন্তু অনিষ্পত্তিকৃত চেক ও জমাকৃত কিন্তু অনিষ্পত্তিকৃত চেক যথাযথভাবে হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ে চিহ্নিত করা হয়েছে কিনা;
- (২) সমন্বিত সমাপনি জের সঠিকভাবে নিরূপণ করা হয়েছে কিনা;
- (৩) ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে সামঞ্জস্য যাচাই করে দেখবেন যে, তা সমান আছে কিনা।

সমন্বিত সমাপনি জের যাচাই করার নিয়ম

ডেবিট		ক্রেডিট	
প্রাপ্তি		প্রদান	
প্রারম্ভিক জের	৪৯,০০০		
প্রাপ্তি (১)	১,৫০০	প্রদান (৩)	১,০০০
প্রাপ্তি (২)	৫০০		
দিনের মোট প্রাপ্তি	২,০০০	দিনের মোট প্রদান	১,০০০
পৃষ্ঠার মোট টাকার পরিমাণ	৫১,০০০	সমাপনি জের	৫০,০০০
		পৃষ্ঠার মোট টাকার পরিমাণ	৫১,০০০
<p>(ক) অনিষ্পত্তিকৃত চেকসমূহ যথাযথভাবে চিহ্নিত করা হয়েছে কিনা তা যাচাই করা</p>		<p>সমাপনি জের ৫০,০০০</p> <p>অনিষ্পত্তিকৃত চেক (+) ১৫,০০০</p> <p>অজমাকৃত চেক (-) ১৮,০০০</p> <p>সমন্বিত সমাপনি জের ৪৭,০০০</p>	
<p>(খ) সমন্বিত সমাপনি জের যথাযথভাবে নিরূপণ করা হয়েছে কিনা তা যাচাই করে দেখা</p>			
<p>হিসাবরক্ষক</p>		<p>সচিব</p>	
<p>(গ) ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে সামঞ্জস্য যাচাই করে দেখা যে তা সমান আছে কিনা</p>		<p>মেয়র</p>	

(iii) মাসিক হিসাব সমাপনি মেয়র কর্তৃক যাচাইকরণ

মাসের শেষে মেয়রও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই যাচাই করে দেখেন।

মেয়র সাধারণত যাচাই করেন;

- (১) ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে সামঞ্জস্য যাচাই করে দেখবেন যে তা সমান আছে কিনা।

(৩) মাসিক সমাপনির সার-সংক্ষেপ	
হিসাব রক্ষক	
<ul style="list-style-type: none"> - ব্যাংক বিবরণী সংগ্রহ করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে তুলনামূলক পর্যালোচনা করা এবং চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখনও ভাঙানো হয়নি এমন ঘটনা চিহ্নিত করা (পরিমাণ ও প্রদেয়); - চেক গ্রহন ও জমা দেয়া হয়েছে কিন্তু এখনও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের হিসাবে জমা করা হয়নি এমন ঘটনাও চিহ্নিত করা; - হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বই সমন্বয় করা ও সমন্বিত সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে তুলনামূলক যাচাই করা। - ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে সামঞ্জস্য যাচাই করে দেখবেন যে তা সমান আছে কিনা। 	
সচিব	
<ul style="list-style-type: none"> - প্রদেয় কিন্তু অনিষ্পত্তিকৃত চেক ও জমাকৃত কিন্তু অনিষ্পত্তিকৃত চেক যথাযথভাবে হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ে চিহ্নিত করা হয়েছে কিনা; - সমন্বিত সমাপনি জের সঠিকভাবে নিরূপণ করা হয়েছে কিনা; - ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে সামঞ্জস্য যাচাই করে দেখবেন যে তা সমান আছে কিনা। 	
মেয়র	
<ul style="list-style-type: none"> - ব্যাংক হিসাবের সমাপনি জের ও হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সমাপনি জের এর মধ্যে সামঞ্জস্য যাচাই করে দেখবেন যে তা সমান আছে কিনা। 	

(৪) বাজেট মনিটরিং

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫ অনুসারে পৌরসভাসমূহকে প্রতি তিনমাসে ও বার্ষিক ভিত্তিতে বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং করতে হয়।

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫

বিধি-২৪৭: প্রত্যেক মাস সমাপ্ত হইলে, হিসাব রক্ষককে এবস্ট্রাক্ট রেজিস্টারের সংরক্ষিত প্রতিটি খাত ও উপ-খাত হইতে হিসাবের জেরসমূহ পৃথক একটি রেজিস্টারে ইংরেজি (বর্তমানে বাংলা ভাষায়) ভাষায় সংশ্লিষ্ট খাত ও উপ-খাত এর নামানুসারে স্থানান্তরিত করিতে হইবে। এই স্থানান্তর এ নির্দিষ্ট মাসের নামানুসারে নির্ধারিত ফরম নং ৮৯ ও ৯০ অনুসারে সম্পাদন করিতে হইবে। যদি দেখা যায় যে, অনুমোদিত বাজেট খাতের তুলনায় বাস্তব খাতে ব্যয়ের পরিমাণ অধিক, তাহলে ব্যয়ের রেজিস্টারে অতিরিক্ত বাজেট বরাদ্দের খাত যুক্ত করিতে হইবে।



বাজেটের বাস্তবায়ন মনিটরিং করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যেহেতু পৌরসভাসমূহকে বাস্তবায়ন প্রক্রিয়ার সুনির্দিষ্ট কিছু নিয়ম-কানুন অনুসরণ করতে হয়, যেমন;

- সংস্থাপন ব্যয়ের উর্ধ্বসীমা;
- অনুমোদিত বাজেটের তুলনায় অতিরিক্ত ব্যয় ও অনুযোজন এর উপর নিষেধাজ্ঞা।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধি- ১১ (১) অনুসারে পৌরসভা তার রাজস্ব আয়ের ৫০% এর অধিক সংস্থাপন বাবদ ব্যয় করতে পারবে না। সেহেতু পৌরসভাসমূহকে রাজস্ব আয় ও রাজস্ব ব্যয় মনিটরিং করতে হয় এবং নিশ্চিত করতে হয় যে তারা নির্ধারিত সীমার অতিরিক্ত কোন ব্যয় করছে না।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

ব্যয় সীমিতকরণ: (১) কোন পৌরসভা কোন অর্থ বৎসরে আদায়কৃত রাজস্বের ৫০% এর অধিক অর্থ উক্ত অর্থ বৎসরে উক্ত পৌরসভার সংস্থাপন খাতে ব্যয় করিতে পারিবে না;



পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধি ১১ (২) অনুসারে, কোন পৌরসভা উহার বাজেটে বরাদ্দকৃত এক খাত বা উপ-খাতের অর্থ অন্য কোন খাত বা উপ-খাতে উপযোজন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা - ১৯৯৯ এর বিধি ১২ অনুসারে প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বা অনুরূপ অন্য কোন কারণে একান্ত প্রয়োজন হইলে, নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এইরূপ উপযোজন করা যাইবে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১১। ব্যয় সীমিতকরণ:

(২) কোন পৌরসভা কোন ক্রমেই অনুমোদিত বাজেট বহির্ভূত কোন ব্যয় করিবে না।



পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১২। ব্যয়ের খাত উপযোজন: কোন পৌরসভা উহার বাজেটে বরাদ্দকৃত এক খাত বা উপ-খাতের অর্থ অন্য কোন খাত বা উপ-খাতে উপযোজন করিতে পারিবে না।

তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বা অনুরূপ অন্য কোন কারণে একান্ত প্রয়োজন হইলে, নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এইরূপ উপযোজন করা যাইবে।



একারণে, পৌরসভাসমূহকে বাজেট বাস্তবায়ন তত্ত্বাবধান করতে হয় এবং নিশ্চিত করতে হয় যে তারা নির্ধারিত নিয়ম ও আইন-কানুন যথাযথ ভাবে অনুসরণ করছে।

রাজস্ব আয় ও রাজস্ব ব্যয় (রাজস্ব আয় – রাজস্ব ব্যয়) তত্ত্বাবধান করা বিশেষভাবে জরুরি যখন পৌরসভাসমূহ উন্নয়ন ব্যয় খাতে অতিরিক্ত রাজস্ব আয় থেকে বাজেট বরাদ্দ করে থাকে।


এ কারণে পৌরসভাসমূহকে রাজস্ব আয় সম্পর্কে লক্ষ্য (রাজস্ব কর) নির্ধারণের পরামর্শ প্রদান করা হয়, যা খুবই গুরুত্বপূর্ণ এছাড়াও রাজস্ব উদ্বৃত্তের উপরও সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ করা এবং এরপর তার অগ্রগতি পর্যালোচনা করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

মাসিক ও ত্রৈমাসিক তত্ত্বাবধানের জন্য হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের প্রাপ্তি ও প্রদান রেজিস্টার নিম্নলিখিত পদ্ধতিতে সমন্বিত করতে হয়;

- ১) একজন হিসাবরক্ষক হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের প্রতিটি বাজেটের খাত অনুসারে প্রাপ্তি ও প্রদানের তথ্যসমূহ একটি 'এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার' এ অর্ন্তভুক্ত করবেন
- ২) 'এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার' এর প্রত্যেক বাজেট খাতের প্রাপ্তি ও প্রদানের মোট পরিমাণ এরপর ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবে অর্ন্তভুক্ত করবেন এবং প্রত্যেকটি হিসাবের যোগফল নিরূপণ করবেন।
- ৩) ত্রৈমাসিক হিসাবের প্রতিটি বাজেট খাতের প্রাপ্তি ও প্রদানের পরিমাণ এরপর সমন্বিত করে মাসিক মোট নিরূপণ করা হয়।

প্রাপ্তি ও প্রদানের হিসাব ত্রৈমাসিক ও বার্ষিক সমন্বয় করার মাধ্যমে পৌরসভার জন্য একটি বার্ষিক বিবরণী অত্যন্ত সহজেই প্রস্তুত করা সম্ভব। নিচের চিত্রের মাধ্যমে এ প্রক্রিয়াটি ব্যাখ্যা করা যেতে পারে।

প্রাপ্তি ও প্রদানের হিসাব ত্রৈমাসিক ও বার্ষিক সমন্বয় করার মাধ্যমে পৌরসভার জন্য একটি বার্ষিক বিবরণী তৈরির চিত্র :



১) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে অর্ন্তভুক্তির জন্য হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই এর প্রাপ্তি ও প্রদান হিসাব সমন্বিতকরণ

প্রাপ্তি ও প্রদানের তথ্য সমন্বয় করার মাধ্যমে বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার কাজ শুরু হয়। যদিও প্রত্যেক বাজেট খাতের প্রতিটি প্রাপ্তি ও প্রদান হিসাবের তথ্যসমূহ সমন্বয় করা খুব সহজ নয়।

এরপর, বাজেটের প্রতিটি খাতের প্রাপ্তি ও প্রদানের তথ্য প্রতি মাসে সমন্বয় করার জন্য এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার ব্যবহার করা হয়। বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫ এ প্রদত্ত এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের ফরম্যাট এবং সংশ্লিষ্ট বিধিমালা নিম্নরূপ;

ফরম- ৮৬ (বিধি ১৮৬ ও ২৪০)						
..... পৌরসভার মাসের প্রাপ্তি হিসাবের এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার						
বাজেটের খাত অনুসারে প্রাপ্তির খাত						পরবর্তী পৃষ্ঠায় স্থানান্তরিত মোট টাকার পরিমাণ
নগদ লেনদেন						
মোট নগদ লেনদেন						
সমন্বয়	যোগ					
	বিয়োগ					
নিট মোট						

ফরম- ৮৭ (বিধি ১৮৬ ও ২৪০)						
..... পৌরসভার মাসের প্রদান হিসাবের এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার						
বাজেটের খাত অনুসারে প্রাপ্তির খাত						পরবর্তী পৃষ্ঠায় স্থানান্তরিত মোট টাকার পরিমাণ
নগদ লেনদেন						
মোট নগদ লেনদেন						
সমন্বয়	যোগ					
	বিয়োগ					
নিট মোট						

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫

বিধি-২৪০: ক্যাশ/ নগদান বইয়ের (ফরম- ৮৩) প্রাপ্তি পার্শ্বের সকল অর্ন্তভুক্তি একে একে সরাসরি ক্যাশ/ নগদান বই থেকে এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের প্রাপ্তি পার্শ্ব (ফরম- ৮৬) একজন হিসাব রক্ষক কর্তৃক প্রদান করিতে হইবে এবং একই ভাবে ক্যাশ বইয়ের প্রদান অংশের সকল অর্ন্তভুক্তিও এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের প্রদান পার্শ্ব (ফরম- ৮৭) লিপিবদ্ধ করিতে হইবে।



যখন একই বাজেট খাতে অতিরিক্ত সংখ্যক লেনদেন সংগঠিত হয়ে থাকে, তখন একই খাতের জন্য একাধিক কলাম ব্যবহার করা শ্রেয় এবং কোন খাতের আওতাধিন কোন হিসাবের সংখ্যা বা নাম বাদ দেওয়া বা মুছে ফেলা যাবে না।

বিধি-২৪১: এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার ইংরেজি (বর্তমানে বাংলা ভাষায়) ভাষায় সংরক্ষন করিতে হইবে এবং যতো দ্রুত সম্ভব লিপিবদ্ধ করিতে হইবে কিন্তু কোন ক্রমেই যে মাসের জন্য এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার প্রস্তুত করা হইতেছে সেই মাস অতিক্রান্ত হইবার পর ১০ দিনের অধিক বিলম্ব করা যাইবে না।

বিধি-১৪২: এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে নগদ লেনদেন প্রতিমাসেই যোগ করিতে হইবে এবং প্রাপ্তি ও প্রদান হিসাবের বিভিন্ন হিসাব খাতের সর্বমোট টাকার পরিমাণ সমান হইতে হইবে এবং মেয়র, সচিব বা নির্বাহী কর্মকর্তা উহা হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সাথে তুলনামূলকভাবে যাচাই করিয়া দেখিবেন। তিনি এই তুলনামূলক যাচাইয়ের পর এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে স্বাক্ষর প্রদান করিবেন।

উল্লেখিত বিধির আলোচনা অনুসারে একজন হিসাবরক্ষক তার ক্যাশ/ নগদান বই থেকে এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে এক এক করে প্রাপ্তি ও প্রদানের তথ্যসমূহ স্থানান্তর করেন। এরপর, প্রতি মাস শেষ হওয়ার ১০ দিনের মধ্যে এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে প্রত্যেক বাজেট খাতের প্রাপ্তি ও প্রদানের যোগফল নিরূপণ করেন।

পরবর্তী সারণীতে প্রাপ্তি হিসাবের এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের একটি নমুনা প্রদান করা হলো। উক্ত এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে রাজস্ব হিসাব উপাংশ- ১ এর সকল প্রাপ্তি প্রদর্শন করছে, যেমন; কর, রেইট, ফি, ইত্যাদি বাবদ প্রাপ্তি।

মনে রাখতে হবে যে, এটা একটা উদাহরণ যা বিভিন্ন পৌরসভা ব্যবহার করে থাকে এবং অপেক্ষাকৃত সহজ হিসেবে বিবেচিত হয়ে থাকে। অন্যান্য পৌরসভাসমূহ কর্তৃক ব্যবহৃত এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের সাথে এর পার্থক্য থাকতে পারে।

এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের একটি নমুনা (প্রাপ্তি হিসাব)

তারিখ	ক্যাশ বইয়ের ফলিও/ পৃষ্ঠা নং	কর		রেইট		ফি		অন্যান্য		সরকারি অনুদান (উন্নয়ন মঞ্জুরি ব্যতীত)	সর্বমোট
		হোল্ডিং কর	লাইটিং	লাইসেন্স	হাট বাজার ইজারা		
১	২	৫		১৪		১৭	২২		৩৩	৩৪
১ জুলাই	১	২৭, ৩০৫		১৫, ৯০০		৯, ০০০	
১ জুলাই	১	১২, ০২৫	
২ জুলাই	১	৩৪, ৩৫০		২৩, ৩০০		৭, ০০০		২০, ৬৭৫			
মোট		৭৩, ৬৮০		৩৯, ২০০		১৬, ০০০		২০, ৬৭৫	

এই উদাহরণে, বাজেট খাতের নাম সারণীর উপরের অংশে প্রদর্শন করা হচ্ছে। প্রত্যেক বাজেট খাতের প্রাপ্তি সমূহ একে একে উল্লেখ করা হয়েছে।

বাজেট খাতের একেবারে শেষ প্রান্তে প্রতিটি খাতে মোট প্রাপ্তির পরিমাণ নিরূপণ করে দেখানো হয়েছে। এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে নিরূপিত বাজেট খাতের সর্বমোট এর পর “প্রাপ্তি ও প্রদান এর ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব” এ স্থানান্তরিত করা হবে, যা পরবর্তী অংশে আলোচনা করা হয়েছে।

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের সকল বাজেট খাতের হিসাব যদি এ্যাবস্ট্রাক্ট হিসাবের এক পৃষ্ঠায় প্রতিলিপি (অবিকল অনুরূপ স্থানান্তর) না যায়, তাহলে পরবর্তী পৃষ্ঠায় প্রতিলিপি (অবিকল অনুরূপ স্থানান্তর) করা যাবে। এক্ষেত্রে, প্রত্যেক পৃষ্ঠার শেষ প্রান্তে নির্দেশিত উপ-মোট পরবর্তী পৃষ্ঠায় স্থানান্তরিত করতে হবে।

এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে সকল তথ্য অর্ন্তভুক্ত করা সম্পন্ন হলে প্রত্যেক হিসাবের প্রাপ্তি ও প্রদানের সর্বমোট যোগফল নিরূপণ করতে হবে।

এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে প্রাপ্তি ও প্রদান হিসাবের সর্বমোট টাকার পরিমাণ মেয়র বা সচিব হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের প্রাপ্তি ও প্রদান হিসাবের সর্বমোট টাকার পরিমাণের সাথে তুলনা ও যাচাই করে দেখবেন। হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের প্রাপ্তি ও প্রদানের সকল তথ্য এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে যথাযথভাবে স্থানান্তরিত হয়েছে কিনা তা যাচাই করার জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ।

২) “প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব” এ এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার থেকে মাসিক অর্ন্তভুক্তি

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫ এর বিধি ২৪৭ অনুসারে, প্রতি মাসের শেষে হিসাবের বিভিন্ন খাতের অর্ন্তভুক্ত মোট টাকার পরিমাণ একটি পৃথক রেজিস্টারে ফরম ৮৯ ও ফরম ৯০ অনুসারে অর্ন্তভুক্ত করতে হবে, যা হবে সংশ্লিষ্ট মাসের উল্লেখিত খাতের আওতায়।”

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫ অনুসারে মাসিক মনিটরিং এর জন্য যে ফরম্যাট ব্যবহার করা হয়ে থাকে, তা হচ্ছে ফরম- ৮৯ (প্রাপ্তি হিসাবের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব)

ফরম ৮৯

বিধি নং- ১৮০ এবং ২৪৩

ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি হিসাব

প্রাপ্তির খাত	অনুমোদিত বাজেট প্রাক্কলন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	১ম তিন মাসের মোট	৪র্থ তিনমাসের মোট	বছরের মোট
১	২	৩	৪	৫	৬	৭	২০	২১
মোট প্রাপ্তি								
প্রারম্ভিক জের								

ফরম ৯০

বিধি নং- ১৮০ এবং ২৪৩

ত্রৈমাসিক ও বার্ষিক পরিশোধ হিসাব

পরিশোধের খাত	অনুমোদিত বাজেট প্রাক্কলন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	১ম তিন মাসের মোট	৪র্থ তিনমাসের মোট	বছরের মোট
১	২	৩	৪	৫	৬	৭	২০	২১
মোট পরিশোধ								
পূর্ববর্তী অর্থ বছরের শেষে সমাপনি জের								

ফরম ৮৯
বিধি নং- ১৮০ এবং ২৪৩
ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি হিসাব

রাজস্ব হিসাব উপাংশ- ১ (প্রাপ্তি হিসাব)

প্রাপ্তির বিবরণ	অনুমোদিত বাজেট প্রাক্কলন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	১ম তিন মাসের মোট	২য় ত্রৈমাসিক এর মোট	অর্থ বছরের মোট	৩য় ত্রৈমাসিক এর মোট	৩ টি ত্রৈমাসিক এর মোট	৪র্থ ত্রৈমাসিক এর মোট	বছরের মোট
১	২	৩	৪	৫	৬	১০	১১	১৫	১৬	২০	২১
ভূমি ও দালানের উপর কর	১৫,০০০	১,০০০	১,৫০০	১,৩০০	৩,৮০০	২,৭০০	৬,৫০০	৩,৫০০	১০,০০০	৩,৮০০	১৩,৮০০
বাতির রেইট	৬,০০	৩০০	৫০০	৪০০	১,২০০	১,৮০০	৩,০০০	১,১০০	৪,১০০	১,২০০	৫,৩০০
...
লাইসেন্স ফি
মোট প্রাপ্তি	২১,০০০	১,৩০০	২,০০০	১,৭০০	৫,০০০	৪,৫০০	৯,৫০০	৪,৬০০	১৪,১০০	৫,০০০	১৯,১০০
১ জুলাই এর প্রারম্ভিক জের	১২,০০০										

ফরম ৯০
বিধি নং- ২৪৭
ত্রৈমাসিক ও বার্ষিক পরিশোধ হিসাব

রাজস্ব হিসাব উপাংশ- ২ (পরিশোধ হিসাব)

পরিশোধের বিবরণ	অনুমোদিত বাজেট প্রাক্কলন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	১ম তিন মাসের মোট	২য় ত্রৈমাসিক এর মোট	অর্থ বছরের মোট	৩য় ত্রৈমাসিক এর মোট	৩ টি ত্রৈমাসিক এর মোট	৪র্থ ত্রৈমাসিক এর মোট	বছরের মোট
১	২	৩	৪	৫	৬	১০	১১	১৫	১৬	২০	২১
পৌরসভার মেয়র ও কাউন্সিলরবৃন্দের সম্মানী ভাতা	১২,০০০	১,০০০	১,০০০	১,০০০	৩,০০০	৩,০০০	৬,০০০	৩,০০০	৯,০০০	৩,০০০	১২,০০০
বাতির রেইট	১৩,০০০	১,১০০	১,১০০	১,১০০	৩,৩০০	৩,২০০	৬,৫০০	৩,১০০	৯,৬০০	৩,০৫০	১২,৬৫০
শিক্ষা খাতে ব্যয়
স্বাস্থ্য ও পরিঃনিষ্কাশন ব্যয়	৫,০০০
মোট পরিশোধ	৩০,০০০	২,১০০	২,১০০	২,১০০	৬,৩০০	৬,২০০	১২,৫০০	৬,১০০	১৮,৬০০	৬,০৫০	২৪,৬৫০
৩০ জুন এর সমাপনি জের

ফরম্যাটটি যেভাবে পূরণ করতে হবে (প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব)

এই ফরম্যাটে বাজেট খাত অনুসারে প্রাপ্তি ও প্রদান হিসাবের মোট টাকার পরিমাণ প্রতিমাসে অর্ন্তভুক্ত করা হয়ে থাকে। তিন মাসের প্রাপ্তি ও প্রদানের (যেমন; জুলাই - সেপ্টেম্বর) হিসাব যোগ করে প্রতি ত্রৈমাসিকের প্রাপ্তি ও প্রদানের পরিমাণ নিরূপণ করা সম্ভব।

প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবে নির্দেশিত উপাদানসমূহ বাজেট হিসাবে প্রদর্শিত উপাদান সমূহের (পৌরসভা বাজেট প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা- ১৯৯৯ এর ফরম ক ও ফরম খ) সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি ও প্রদানের একটি শীট যা একটি অর্থ বছরের জন্য ব্যবহার করা হয়ে থাকে, এটা দুটি পৃষ্ঠা মুখোমুখি করে ছাপানো উচিত।

প্রাপ্তি ও প্রদানের বার্ষিক হিসাব এর তথ্যসমূহ এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার থেকে নিম্নবর্ণিত উপায়ে পূরণ করা সম্ভব;

এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের একটি নমুনা (প্রাপ্তি হিসাব)

তারিখ	ক্যাশ বইয়ের ফলিও/পৃষ্ঠা নং	কর		রেইট		ফি		অন্যান্য		সরকারি অনুদান (উন্নয়ন মঞ্জুরি ব্যতিত)
		হোল্ডিং কর	-	আলোকিতকরণ	লাইসেন্স	হাট বাজার ইজারা	
১	২	৫		১৪		১৭		২২		৩৩
১ জুলাই	১	২৭, ৩০৫		১৫, ৯০০		৯, ০০০	
১ জুলাই	১	১২, ০২৫	
২ জুলাই	১	৩৪, ৩৫০		২৩, ৩০০		৭, ০০০		২০, ৬৭৫	
মোট		৭৩, ৬৮০		৩৯, ২০০		১৬, ০০০		২০, ৬৭৫	

ফর্ম ৮৯
(প্রযোজ্য বিধি- ২৪৩)
প্রাপ্তির ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব (রাজস্ব, অংশ- ১)

ব্যয়ের খাত	প্রাক্কলন অনুসারে বাজেট বরাদ্দ	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	১ম ত্রৈমাসিকের মোট	-----	৪র্থ ত্রৈমাসিকের মোট	বছরের মোট
১	২	৩	৪	৫	৬		২০	২১
হোল্ডিং কর	৯০০,০০০	৭৩,৬৮০						

আলোকিতকরণ	৫০০,০০০	৩৯,২০০						

লাইসেন্স	২৪০,০০০	১৬,০০০						

হাট বাজার ইজারা	২৫০,০০০	২০,৬৭৫						

মোট আয়	১,৮০০,০০০	১৪৯,৫৫৫						
প্রারম্ভিক জের	২০০,০০০	২১০,০০০						-----

উপরের সারণীটি হচ্ছে জুলাই মাসের রাজস্ব হিসাব উপাংশ- ১ এর এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার এবং নিচের সারণীটি হচ্ছে একই খাতের প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব। উভয় সারণীতে প্রদর্শিত বাজেট উপাদানসমূহ একই (হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের বাজেট উপাদানও একই হওয়া উচিত)।

এই উদাহরণে, এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে মোট হোল্ডিং কর এর পরিমাণ নিরূপণ করা হয়েছে ৭৩, ৬৮০ টাকা। এরপর তা ত্রৈমাসিক ও বার্ষিক বিবরণীর সংশ্লিষ্ট কলামে (হোল্ডিং কর, জুলাই) অর্ন্তভুক্ত করা হয়েছে।

প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ অর্ন্তভুক্তির সঠিকতা যাচাই করার পদ্ধতি

প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ অর্ন্তভুক্তি সম্পন্ন করার পর সকল অর্ন্তভুক্তি সঠিক আছে কিনা তা যাচাই করে দেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এরপর, হিসাব রক্ষক যাচাই করে দেখেন যে, ১) প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ ও ২) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের তথ্যসমূহ একই আছে কিনা। এই হিসাব হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের হিসাবের সাথেও মিলতে হবে।

প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ একজন হিসাবরক্ষক কর্তৃক অর্ন্তভুক্ত করা হয়ে থাকে এবং পৌরসভার সচিব ও মেয়র কর্তৃক যাচাইকৃত হয়ে থাকে।

কিভাবে বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং করতে হয়

প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং এর জন্য ব্যবহার করা হয়ে থাকে।

সাধারণত: হিসাব রক্ষক, সচিব এবং মেয়র মনিটরিং করেন যে, প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ প্রত্যেক বাজেট খাতে বরাদ্দকৃত ও অনুমোদিত পরিমাণকে অতিক্রম করে যাচ্ছে কি না।

তারা আরও যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে।

পৌরসভাসমূহকে রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে তত্ত্বাবধানের বিষয়েও পরামর্শ প্রদান করা হয়ে থাকে।

প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এরপর পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিতে পেশ করা হয় ও সেখানে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করা হয়।

৩) ত্রৈমাসিক বিবরণী প্রণয়ন

পৌরসভা মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে, ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি ও প্রদান হিসাব ব্যবহার করে বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং অব্যাহত রাখে।

প্রতিমাসে, একজন হিসাব রক্ষক প্রতিটি হিসাবের (রাজস্ব হিসাব উপাংশ- ১, উপাংশ- ২, উন্নয়ন হিসাব ও মূলধন হিসাব) জন্য ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি ও প্রদান হিসাবের ছকসমূহ পূরণ করে থাকেন এবং এরপর ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং এর জন্য হিসাব সমূহ চিহ্নিত করে থাকেন।

একইভাবে, হিসাবরক্ষক, সচিব ও মেয়র যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।

তারা আরও যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে মনিটরিং করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না। প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এরপর পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিতে পেশ করা হয় ও সেখানে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করা হয়।

(৪) বাজেট তত্ত্বাবধানের সার-সংক্ষেপ

সাধারণ

- যে কোন অর্থ বছর শুরুর পূর্বে পৌরসভাসমূহকে রাজস্ব উদ্বৃত্ত কর রাজস্ব ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে মনিটরিং এর বিষয়েও অত্যন্ত গুরুত্বের সাথে পরামর্শ প্রদান করা হয়ে থাকে।

হিসাব রক্ষক

মাসিক

- হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের প্রতিটি বাজেটের খাত অনুসারে প্রাপ্তি ও প্রদানের তথ্যসমূহ একটি 'এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার' এ অর্ন্তভুক্ত করবেন।
- 'এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার' এর প্রত্যেক বাজেট খাতের প্রাপ্তি ও প্রদানের মোট পরিমাণ এরপর ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবে অর্ন্তভুক্ত করবেন এবং প্রত্যেকটি হিসাবের যোগফল নিরূপণ করবেন।
- ত্রৈমাসিক হিসাবের প্রতিটি বাজেট খাতের প্রাপ্তি ও প্রদানের পরিমাণ এরপর সমন্বিত করে মাসিক মোট নিরূপণ করা হয়।
- যাচাই করে দেখেন যে, ১) প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ ও ২) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের তথ্যসমূহ একই আছে কিনা। এই হিসাব হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের হিসাবের সাথেও মিলতে হবে।
- যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।
- যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে মনিটরিং করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না।

ত্রৈমাসিক

- প্রতিটি হিসাবের (রাজস্ব হিসাব উপাংশ- ১, উপাংশ- ২, উন্নয়ন হিসাব ও মূলধন হিসাব) জন্য ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি ও প্রদান হিসাবের চকসমূহ পূরণ করে থাকেন এবং এরপর ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের অগ্রগতি মনিটরিং এর জন্য হিসাব সমূহ চিহ্নিত করে থাকেন।
- যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।
- যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে তত্ত্বাবধান করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না।

সচিব:

বছরের শুরুতে

- রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদির বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণের উদ্যোগ গ্রহণ করেন।

মাসিক:

- যাচাই করে দেখেন যে, ১) প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ ও ২) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের তথ্যসমূহ একই আছে কিনা।
- ২) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের তথ্যসমূহ হিসাবরক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের হিসাবের সাথে মিল আছে কিনা তা যাচাই করে দেখেন।
- যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।
- যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে তত্ত্বাবধান করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না।
- প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এরপর পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিতে পেশ করেন ও সেখানে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করেন।

ত্রৈমাসিক:

- যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।
- যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে তত্ত্বাবধান করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না।
- প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এরপর পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিতে পেশ করেন ও সেখানে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করেন।

মেয়র

বছরের শুরুতে

- রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদির বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণের উদ্যোগ গ্রহণ করেন।

মাসিক:

- যাচাই করে দেখেন যে, ১) প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এর তথ্যসমূহ ও ২) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের তথ্যসমূহ একই আছে কিনা।
- ২) এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারের তথ্যসমূহ হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের হিসাবের সাথে মিল আছে কিনা তা যাচাই করে দেখেন।
- যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।
- যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে তত্ত্বাবধান করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না।
- প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এরপর পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিতে পেশ করেন ও সেখানে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করেন।

ত্রৈমাসিক:

- যাচাই করেন যে, প্রত্যেকটি বাজেট খাতের প্রকৃত বাজেট বাস্তবায়নের পরিমাণ (ব্যয়) অনুমোদিত ও বরাদ্দকৃত বাজেটের পরিমাণকে অতিক্রম করছে কিনা।
- যাচাই করেন যে, প্রকৃত সংস্থাপন ব্যয় মোট রাজস্ব আয়ের ৫০% যাতে অতিক্রম না করে এবং রাজস্ব উদ্বৃত্ত (কর রাজস্ব) ইত্যাদিকে বার্ষিক লক্ষ্যমাত্রার সাথে তুলনামূলকভাবে তত্ত্বাবধান করে দেখেন যে তা লক্ষ্যমাত্রা অনুসারে আদায় হচ্ছে কি না।
- প্রাপ্তি ও প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব এরপর পৌরসভার হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিতে পেশ করেন ও সেখানে এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করেন।

(৫) বাজেট সংশোধন

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯২ (৫) অনুসারে পৌরসভাসমূহের বাজেট পর্যালোচনা ও তা সংশোধন করার এবং অর্থ বছর শেষ হওয়ার পূর্বে যে কোন সময় তা অনুমোদন করার অধিকার রয়েছে।

যদি কোন পৌরসভা মাসিক তত্ত্বাবধান এর মাধ্যমে মনে করে যে, কোন খাত বা উপখাতের ব্যয় অনুমোদিত বাজেট বরাদ্দের তুলনায় বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে বা বেশি হবে, এবং উক্ত পৌরসভা মনে করে যে তার অনুমোদিত বাজেট সংশোধন করা প্রয়োজন তাহলে পরিষদের সভা ও টিএলসি এর সভায় উক্ত বিষয় আলোচনা করবে এবং সংশোধিত বাজেটের অনুমোদন গ্রহণ করবে।

অধিকাংশ ক্ষেত্রে পৌরসভাসমূহ মার্চ মাসের পরে তাদের বাজেট সংশোধন করে থাকে (অর্থ বছর শুরু হওয়ার ৯ মাস পরে)।

যেহেতু মার্চ মাসে ৩য় ত্রৈমাসিক ব্যতিত বাজেট সার-সংক্ষেপ প্রস্তুত করা হয়ে থাকে।

বাজেট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজন অনুসারে পরিকল্পিত বাজেট সংশোধন করা হয় এবং তা পরবর্তী অর্থ বছরের বাজেটে নির্দেশ করে দেওয়া হয়।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি-১৪। সংশোধিত বাজেট:

পৌরসভা, প্রয়োজনবোধে, কোন অর্থ বৎসর শেষ হইবার পূর্বে যে কোন সময় বিধি ৬, ৭ ও ৮ অনুসরণে উক্ত অর্থ বৎসরের জন্য উহার সংশোধনী বাজেট প্রণয়ন ও অনুমোদন করিতে পারিবে।

বিধি-১৫। বিশেষ প্রকল্পের জন্য তহবিল:

সরকার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য, কোন পৌরসভাকে অর্থ বরাদ্দ করিতে পারিবে এবং কোন পৌরসভা উক্তরূপ অর্থ বরাদ্দপ্রাপ্ত হইলে তাহা সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য প্রণীত বাজেটে কিংবা ক্ষেত্রমতে, সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করিবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

ধারা- ৯২। বাজেট:

(৫) কোন অর্থবৎসর সমাপ্ত হইবার পূর্বে, সেই অর্থবৎসরের যে কোন সময়, পৌরসভা সংশোধিত বাজেট প্রণয়ন ও অনুমোদন করিতে পারিবে এবং উক্ত সংশোধিত বাজেটের ক্ষেত্রেও এই ধারার বিধানাবলী, যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে।



(৬) বার্ষিক বিবরণী প্রণয়ন বা সন্নিবেশন

অর্থ বছর সমাপ্ত হলে, পৌরসভা সংশ্লিষ্ট অর্থ বছরের আয় ও ব্যয়ের সময়সীমা একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে থাকে। এরপর ঐ আয় ও ব্যয়ের বিবরণ বা প্রতিবেদন পৌরসভা কার্যালয়ের একটি সুবিধাজনক স্থানে টাঙিয়ে দেয় (যেমন পৌরসভা কার্যালয়ের নোটিশ বোর্ড)।

এরপর পৌরসভা কর্তৃক প্রস্তুতকৃত আয় ও ব্যয়ের বিবরণ বা প্রতিবেদন টিএলসি/টিএলসিসি ও পৌরপরিষদের সভায় পেশ করতে হয়। এই সভাসমূহে বিশেষভাবে রাজস্ব আয় কিভাবে বা কোন খাতে ব্যয় করা হয়েছে তা ব্যাখ্যা করা প্রয়োজন। (কি পরিমাণ অর্থ বা কতো শতাংশ অর্থ কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতা বাবদ এবং কি পরিমাণ বা কতো শতাংশ অর্থ শিক্ষা/ স্বাস্থ্য পরিসেবা ও অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করা হয়েছে)।

মধ্য ও দীর্ঘ মেয়াদি আর্থিক লক্ষ্যমাত্রা নির্ধারণের ক্ষেত্রে বার্ষিক বিবরণী খুবই কার্যকর, যা পৌরসভার মধ্য ও দীর্ঘ মেয়াদি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজে ব্যবহার করা যেতে পারে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

ধারা-৯৩। হিসাব।—

- (১) পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব নির্ধারিত ফরম এবং পদ্ধতিতে রক্ষিত হইবে।
- (২) প্রতি অর্থবৎসরের শেষে বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করিতে হইবে।
- (৩) বার্ষিক হিসাব বিবরণীর একটি প্রতিলিপি জনসাধারণের দর্শনের জন্য উহার কার্যালয়ের প্রকাশ্য কোন স্থানে প্রদর্শন করিবে এবং জনসাধারণের নিকট হইতে হিসাব সংক্রান্ত সকল আপত্তি অথবা পরামর্শ পৌরসভা কর্তৃক বিবেচিত হইবে।



স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ পৌরসভার বার্ষিক প্রতিবেদন তৈরির ফরম্যাট সুনির্দিষ্ট করে দেয়া নেই। তথাপি, যেহেতু বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫ এ পৌরসভার বার্ষিক প্রতিবেদনের জন্য ফরম ৯১ এবং বিধি ২৪৭ ব্যবহার করার জন্য নির্দেশনা দেয়া আছে, সেহেতু বার্ষিক প্রতিবেদনে ১) চলতি বছরের বাজেট ২) প্রকৃত বাজেট বাস্তবায়ন এবং ৩) বাজেট ও প্রকৃত ব্যয় বা বাস্তবায়নের মধ্যে পার্থক্য উল্লেখ করতে হবে।

যদিও, বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫ এ বাজেট ফরম্যাটের ৯১ নং ফরম রাজস্ব ও উন্নয়ন বাজেটের বার্ষিক প্রতিবেদন বা বিবরণ প্রস্তুত করার বিষয়ে সুনির্দিষ্ট নয় (পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা-১৯৯৯ এ ফরম্যাট ক ও ফরম্যাট খ সুনির্দিষ্ট করা হয়েছে)।

তথাপি, পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ফরম 'ক' ও ফরম 'খ' অনুসরণ করেই বার্ষিক প্রতিবেদন বা বিবরণ প্রস্তুত করার বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে, যেখানে ১) চলতি বছরের বাজেট, ২) প্রকৃত বাজেট বাস্তবায়ন এবং ৩) বাজেট ও প্রকৃত ব্যয় বা পূর্ববর্তী অর্থ বছরের বাজেট বাস্তবায়নের মধ্যে পার্থক্য উল্লেখ করতে হবে।

প্রতিবেদন বা বিবরণীতে উল্লিখিত বাজেট এর উপাদান সমূহের পরিমাণ ফরম 'ক' এবং ফরম 'খ' (ক), (খ), ও (গ) এর সমান হওয়া বাঞ্ছনীয়।

ফরম- ৯১

(বিধি- ২৪৮ ও ২৪৯)

..... সালের সমাপ্ত অর্থ বছরের জন্য প্রস্তুতপৌরসভার বার্ষিক প্রতিবেদন

প্রাপ্তি				প্রদান			
১				২			
রাজস্ব (নির্ধারিত তালিকা অনুসারে খাত)	অনুমোদিত বাজেট প্রাক্কলন	প্রকৃত	পার্থক্য	রাজস্ব (নির্ধারিত তালিকা অনুসারে খাত এর নাম)	অনুমোদিত বাজেট প্রাক্কলন	প্রকৃত	পার্থক্য
	টাকা	টাকা	টাকা		টাকা	টাকা	টাকা
প্রারম্ভিক জের			
.....
.....
.....
উপ-মোট	উপ-মোট
	সমাপনি জের
সর্ব মোট	সর্ব মোট

যদিও, বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫ এর ফরম- ৯১ অনিবার্য ভাবে পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বাজেট ফরম্যাট (ফরম 'ক' ও ফরম 'খ') এর সাথে নাও মিলতে পারে।

তথাপি, ফরম 'ক' ও ফরম 'খ' অনুসরণ করে ১) চলতি বছরের বাজেট ২) প্রকৃত বাজেট বাস্তবায়ন ও ৩) বাজেট ও প্রকৃত বাস্তবায়নের মধ্যে পার্থক্য নির্দেশ করে বাজেট প্রণয়নকে সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়ে থাকে। কোন কোন পৌরসভা অবশ্য পূর্ববর্তী বছরের প্রকৃত বাজেট বাস্তবায়নের তথ্য নির্দেশ করতে চাইতে পারে।

বার্ষিক বিবরণীতে নির্দেশিত বাজেট খাতসমূহ ফরম খ (এ) (বি) ও (সি) এর সমান হতে হবে।

নিচের সারণীতে রাজস্ব হিসাব উপাংশ- ১ এর একটি উদাহরণ উল্লেখ করা হলো যা ফরম খ (এ) উপাংশ- ১ এর সাথে সঙ্গতিপূর্ণ
ফরম- ৯১

(বিধি- ২৪৮ ও ২৪৯)

..... সালের সমাপ্ত অর্থ বছরের জন্য প্রস্তুত পৌরসভার বার্ষিক প্রতিবেদন

প্রাপ্তি				প্রদান			
১				২			
রাজস্ব (নির্ধারিত তালিকা অনুসারে খাত)	অনুমোদিত বাজেট প্রাক্কলন	প্রকৃত	পার্থক্য	রাজস্ব (নির্ধারিত তালিকা অনুসারে খাত)	অনুমোদিত বাজেট প্রাক্কলন	প্রকৃত	পার্থক্য
১	২	৩	৪ (২-৩)	৫	৬	৭	৮ (৬-৭)
করসমূহ				সাধারণ সংস্থাপন ব্যয়			
হোল্ডিং কর	২০,০০,০০০	১৮,৫০,৫০০	১,৪৯,৫০০	মেয়র ও কাউন্সিলরবৃন্দের সম্মানী ভাতা	৯,০০,০০০	৮,২০,০০০	৮০,০০০
অস্থাবর সম্পত্তি উপর কর	১৫,০০,০০০	১৩,২০,০০০	১,৮০,০০০	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন (পানি সরবরাহ শাখা ব্যতিত)	২২,০০,০০০	২০,৬০,০০০	১,৪০,০০০
খবন নির্মাণ ও সংস্কার	২,০০,০০০	১,৫০,০০০	৫০,০০০	আনুতোশিক তহবিলে স্থানান্তর	৩,০৫,০০০	২,৯০,০০০	১৫,০০০
পেশা, বৃত্তি ও ব্যবসায়	যানবাহন মেরামত ও জ্বালানী	৩,৬০,০০০	৩,৫০,০০০	১০,০০০
জন্ম, মৃত্যু ও বিবাহ	৫০,০০০	৪৫,০০০	৫,০০০	টেলিফোন বিল	৫৫,০০০	৫০,০০০	৫,০০০
বিজ্ঞাপন	১,০০,০০০	৫০,০০০	৫০,০০০	বিদ্যুৎ বিল	১,০০,০০০	৮৫,০০০	১৫,০০০
গৃহপালিত পশু				অন্যান্য	৬,০০,০০০	৫,৫০,০০০	৫০,০০০
সিনেমা, নাটক ও ডিও বিজ্ঞায়াল	৩০,০০০	২৫,০০০	৫,০০০	শিক্ষা আনুসঙ্গিক ব্যয়			
যাতায়াত/ পরিবহন	৩০,০০০	২৫,০০০	৫,০০০	বেতন (শিক্ষক ও কর্মকর্তা - কর্মচারি)	৩,০০,০০০	২,৯০,০০০	১০,০০০
রেইট				পাঠাগারের বই	৩০,০০০	২০,০০০	১০,০০০
আলোকিতকরণ	৯,০০,০০০	৮,০০,০০০	১,০০,০০০	অন্যান্য	২০,০০০	৫,০০০	১৫,০০০
কনজারভেঙ্গি	২০,০০,০০০	১৭,০০,০০০	৩,০০,০০০	স্বাস্থ্য ও সেনিটেশন
পানি	২৫,০০,০০০	২৩,০০,০০০	২,০০,০০০	ঔষধ ও চিকিৎসা	৬,০০,০০০	৪,৫০,০০০	১,৫০,০০০
ফি	ই পি আই	২,০০,০০০	১,৭৫,০০০	২৫,০০০
লাইসেন্স	২৫,০০,০০০	২৪,০০,০০০	১,০০,০০০	ডেইন পরিষ্কার করা	৩,০০,০০০	২,০০,০০০	১,০০,০০০
পশু জবাই	৬০,০০০	৫০,০০০	১০,০০০	কঠিন বর্জ্য অপসারণ	৬,০০,০০০	৫,৩০,০০০	৭০,০০০
পৌর মার্কেট	২৪,০০,০০০	২২,০০,০০০	২,০০,০০০	পরিচ্ছন্নতা উপকরণ	১,০০,০০০	৮০,৫০০	১৯,৫০০
মেলা ও কৃষি পণ্যেও প্রদর্শনী	কর আদায়ের ব্যয়	১,২০,০০০	১,০৫,০০০	১৫,০০০
অন্যান্য	৫,০০,০০০	৪,০০,০০০	১,০০,০০০	বৃক্ষ রোপণ	১,০০,০০০	৮০,০০০	২০,০০০
অন্যান্য	সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান
ঘাট ও বাজার ইজারা	২০,০০,০০০	১৯,০০,০০০	১,০০,০০০	সামাজিক প্রতিষ্ঠান	২,০০,০০০	১,৮০,০০০	২০,০০০
যাস স্টেশন ইজারা	৫,০০,০০০	৪,০০,০০০	১,০০,০০০	ধর্মীয় প্রতিষ্ঠান	৩,০০,০০০	২,৫০,০০০	৫০,০০০
ফেরি ঘাট ইজারা	৩,০০,০০০	২,০০,০০০	১,০০,০০০	ভূমি উন্নয়ন ফি	১০,০০০	৭,৫০০	২,৫০০
কবরস্থান/ শ্মশানঘাট	৫০,০০০	২৫,০০০	২৫,০০০	অডিট ব্যয়
রোড রোলার/ মিস্ত্রার মেশিন ভাড়া	২,০০,০০০	১,৫০,০০০	৫০,০০০	আইনগত ব্যয়	১,০০,০০০	৮০,০০০	২০,০০০
রাস্তা কর্তনের ক্ষতিপূরণ	৫,০০,০০০	৪,৫০,০০০	৫০,০০০	জাতীয় দিবস ও উৎসব উদ্‌যাপন	১,৬০,০০০	১,২০,০০০	৪০,০০০
বিবিধ সার্টিফিকেট	৩,০০,০০০	২,০০,০০০	১,০০,০০০	ক্রীড়া ও সাংস্কৃতিক আয়োজন	১,৫০,০০০	১,০০,০০০	৫০,০০০
বিবিধ ফরম	৪০,০০০	১০,০০০	৩০,০০০	জরুরি ত্রাণ	২,০০,০০০	১,৫০,০০০	৫০,০০০
টেন্ডার সিডিউল	২,০০,০০০	৫০,০০০	১,৫০,০০০	উন্নয়ন তহবিলে স্থানান্তর	১,১১,৫০,০০০	১,০৩,৩০,০০০	৮,২০,০০০
জরিমানা	৩০,০০০	১০,০০০	২০,০০০	
সরকারি অনুদান (উন্নয়ন মঞ্জুরি ব্যতিত)	৫,০০,০০০	৪,০০,০০০	১,০০,০০০	
মোট প্রাপ্তি	১,৯৩,৯০,০০০	১,৭১,১০,৫০০	২২,৭৯,৫০০	মোট ব্যয়	১,৯১,৬০,০০০	১,৭৩,৫৮,০০০	১৮,০২,০০০
প্রারম্ভিক জের	৩,২০,০০০	১,০১০,৫০০	সমাপনি জের	৫,৫০,০০০	৭,৬৩,০০০
মোট	১,৯৭,১০,০০০	১,৮১,২১,০০০	মোট	১,৯৭,১০,০০০	১,৮১,২১,০০০

বাজেটের প্রতিটি খাতে যাতে অনুমোদিত বাজেটের সীমা অতিক্রম না করে, সেজন্য এই বাজেট ফরম্যাটটি ব্যবহার করা অত্যন্ত কার্যকরী। একই রকম বিবরণী ফরম খ (এ) অংশ- ২, ফরম খ (বি) ও ফরম খ (সি) এর জন্যও প্রস্তুত করতে হবে।

যদিও, শুধুমাত্র এর মাধ্যমে বাজেট বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি তত্ত্বাবধান করা পর্যাপ্ত নয়। তথাপি, পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ফরম ক ও বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫ এর ফরম- ৯১ অনুসরণ করে বাজেট বাস্তবায়ন এর সার-সংক্ষেপ প্রস্তুত করতে হবে।

উল্লিখিত ফরম্যাট এর উদাহরণ নিচে উল্লেখ করা হলো;

বিবরণ	বাজেট	প্রকৃত	পার্থক্য (বাজেট - প্রকৃত)
ক. রাজস্ব হিসাব			
উপাংশ- ১ এর আয়	১,২৫০,০০০	১,১৯০,০০০	+৬০,০০০
উপাংশ -২ এর আয়	৮০০,০০০	৭৯০,০০০	+১০,০০০
মোট আয় :	২,০৫০,০০০	১,৯৮০,০০০	+৯০,০০০
বাদ: রাজস্ব ব্যয়			
উপাংশ -১	৭৫০,০০০	৭০০,০০০	+৫০,০০০
উপাংশ -২	৬২৬,০০০	৬০০,০০০	+২৬,০০০
মোট ব্যয় :	১,৩৭৬,০০০	১,৩০০,০০০	+৭৬,০০০
মোট রাজস্ব উদ্বৃত্ত :	৬৭৪,০০০	৬৮০,০০০	-৬,০০০
খ. উন্নয়ন হিসাব			
সরকারি অনুদান	১,০০০,০০০	৯০০,০০০	+১০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত	৬৭৪,০০০	৬৮০,০০০	-৬,০০০
অন্যান্য
মোট :	১,৬৭৪,০০০	১,৫৮০,০০০	+৯৪,০০০
বাদ: উন্নয়ন ব্যয়	১,৫২০,০০০	১,৫০০,০০০	+২০,০০০
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১৫৪,০০০	৮০,০০০	+৭৪,০০০
যোগ: প্রারম্ভিক জের	৩৬,০০০	৩৬,০০০	০
গম্যন্তি জের :	১৯০,০০০	১১৬,০০০	+৭৪,০০০
গ. মূলধন হিসাব			
মোট আয় :	৫০,০০০	৪০,০০০	+১০,০০০
মোট ব্যয় :	৪০,০০০	৩০,০০০	+১০,০০০
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০	১০,০০০	০

৪. অন্যান্য

উপরে উল্লেখিত ফরমের বাইরেও আরও কিছু ফরম রয়েছে, যেগুলোকেও প্রতি তিন মাসে পূরণ করতে হয়।

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫

২২৫: ভাইস-চেয়ারম্যান *১ প্রতি তিন মাসে অন্তত একবার কাজের রেজিস্টার (বিধি- ১৬৭ দৃষ্টব্য), স্টোর রেজিস্টার (বিধি- ১৬৮ ও ১৬৯ দৃষ্টব্য), ইনডেন্ট রেজিস্টার (বিধি- ১৭১ দৃষ্টব্য), অপ্রদেয় বিল রেজিস্টার (বিধি- ২১৯ দৃষ্টব্য) এবং ভূমি রেজিস্টার (বিধি-২৫৬ দৃষ্টব্য) মূল্যায়ন করবেন এবং সম্পদ ও দায় প্রদর্শন করে ফরম- ৮৪ অনুসারে একটি সমন্বিত ব্যালেন্স শীট সাধারণ সভায় উহা কমিশনারবৃন্দের *২ নিকট পেশ করবেন।

চেয়ারম্যান *৩ উক্ত ব্যালেন্স শীটের একটি কপি সংশ্লিষ্ট ত্রৈমাসিক এর তারিখ থেকে ২০ দিনে মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট এর নিকট পেশকরবেন।

[*১ বর্তমানে প্রধান নির্বাহী কর্মকর্তা বা সচিব *২ বর্তমানে কাউন্সিলরবৃন্দের *৩ বর্তমানে মেয়র]



বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫ অনুসারে স্বচ্ছ কার্যক্রম পরিচালনার জন্য পৌরসভাকে প্রধানত যে লেজার ও দলিল রক্ষণাবেক্ষণও প্রস্তুত করতে হয় তা নিচের সারণীতে উল্লেখ করা হলো;

ক্রমিক নং	হিসাব রক্ষণের জন্য প্রয়োজনীয় ফরম/ রেজিস্টার
১	সমন্বিত চূড়ান্ত হিসাব
২	স্টক ও স্টোর রেজিস্টার
৩	স্টকের গ্রহণ, ইস্যু ও জের এর বিবরণ
৪	অগ্রীম রেজিস্টার
৫	ঋণ রেজিস্টার
৬	অপরিশোধিত বিল রেজিস্টার
৭	প্রাপ্তির ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব
৮	প্রদানের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব
৯	ব্যাংক চেক বইয়ের রেজিস্টার
১০	চেক ইস্যু রেজিস্টার

৪.১. সমন্বিত ব্যালেন্স শীট

বছরের শেষে পৌরসভার আর্থিক অবস্থা নিরূপণের জন্য সমন্বিত ব্যালেন্স শীট প্রস্তুত করা হয়। এর ব্যবহারকারীগণ সহজেই সংশ্লিষ্ট পৌরসভার সম্পদ ও দায় সম্পর্কে জানতে পারবেন।

এটা পৌরসভার অভ্যন্তরীণ ও বাহিরের স্টেকহোল্ডারদের সহযোগিতা করে থাকে, যেমন পৌরসভা ব্যবস্থাপনা কমিটি, নিয়ন্ত্রক কর্তৃপক্ষ, বিনিয়োগকারি, দাতা গোষ্ঠি, সরবরাহকারি, ঠিকাদার এবং পৌরসভার সামগ্রিক জনগণ।

সমন্বিত ব্যালেন্স শীট প্রস্তুত করার ফরম্যাট নিম্নরূপ;

ফরম- ৮৪
(বিধি নং- ২২৫)
..... পৌরসভার জন্যতারিখে প্রস্তুত
সম্পত্তি ও দায় প্রদর্শন করে প্রস্তুত সমন্বিত ব্যালেন্স শীট

দায়			সম্পত্তি		
ক্রমিক নং		টাকা	ক্রমিক নং		টাকা
১	ঋণ		১	রুকের মূল্য (ক) ঋণের মাধ্যমে অর্ধায়নকৃত বিষয় (খ) অন্যান্য উপাদান	
২	বিশেষ তহবিল জের (ক) প্রভিডেন্ট ভান্ড (খ) ট্রাস্ট ও এনডোরসমেন্ট তহবিল ও বিশেষ তহবিল		২	সাধারণ সম্পত্তি	
৩	ঠিকাদারদের কাগজ জামানত				
৪	পৌরসভার সিকিউরিটি বন্ড		৩	সরকারি ও অন্যান্য সিকিউরিটিজ (বাজার মূল্য)	
৫	নগদ জমা		৪	অর্জিত কিন্তু অনিষ্পত্তিকৃত লভ্যাংশ	
৬	অন্যান্য দায়		৫	অস্থায়ী	
৭	রুকের অতিরিক্ত মূল্য যোগ পৌরসভার ঋণ তহবিলের সমাপনি জের		৬	ঘাতে জমা ষ্টেশনারির মূল্য	
৮	রাজস্ব হিসাবের জের যদি সম্পত্তি দায়কে অতিক্রম করে থাকে		৭	ঠিকাদারদের কাগজ জামানত	
			৮	পৌরসভার কর্মকর্তা - কর্মচারীদের সিকিউরিটিজ (ক) সরকারি কাগজ (খ) পোস্ট অফিস সঞ্চয় পত্র	
			৯	আনুতোশিক তহবিল (ক) পেপার সিকিউরিটিজ এর বাজার মূল্য (খ) পোস্ট অফিস সঞ্চয় পত্রের নগদ (গ) পোস্ট অফিস সঞ্চয় পত্রের বাজার মূল্য	
			১০	নগদ জের (ক) পৌরসভার তহবিল (খ) ঋণ তহবিল (গ) অন্যান্য তহবিল	
				সমাপনি জের যদি দায় সম্পত্তিকে অতিক্রম করে	
	মোট			মোট	

ঋণ হিসাব- ১

মূলধন হিসাব (ঋণ হিসাব টাকা সরকারি নির্দেশ নং দ্বারা বরাদ্দকৃত)

৪.২. স্টক ও স্টোর রেজিস্টার

স্টক ও স্টোর রেজিস্টার পৌরসভা কর্তৃক বিভিন্ন প্রকার সামগ্রীর গ্রহণ ও ইস্যু করার তথ্য প্রদর্শন করে। এই রেজিস্টারটি উপকরণ ভিত্তিক তথ্য সংগ্রহের জন্য ব্যবহার করা হয়ে থাকে। কি পরিমাণ দ্রব্য ক্রয় করা হয়েছে এবং কি পরিমাণ পণ্য ব্যবহার করা হয়েছে তা ব্যবস্থাপকগণ খুব সহজেই বুঝতে পারেন। তারা উপকরণের ব্যবহার তত্ত্বাবধান, ক্রয়ের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা, ষ্টক দ্রব্যে ও মূল্য, ইত্যাদি নিরূপণ করতে পারে। এই রেজিস্টার ষ্টক এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারে।

ফরম ৬২

(বিধি- ১৬৮)

.....পৌরসভার স্টক ও স্টোর রেজিস্টার
বিষয়ের নাম:

জের	গ্রহণ				মোট	ইস্যু			জের	স্টোরের মূল্য	পণ্য গৃহনকারি কর্মকর্তার স্বাক্ষর	মন্তব্য
	তারিখ	ক্রয়ের তারিখ ও ভাউচার নং	উপকরণের সংখ্যা	স্টোরের মূল্য		তারিখ	যে কারণে ইস্যু করা হয়েছে	উপকরণের সংখ্যা				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

৪.৩. স্টকের গ্রহণ, ইস্যু ও জের প্রদর্শিত বিবরণ:

একটি নির্দিষ্ট মাসে স্টকে মজুদ পণ্যের পরিমাণ ও তার মূল্য নিরূপণের জন্য এই বিবরণীটি ব্যবহার করা হয়ে থাকে। পণ্যের ক্রয় ও ব্যবহারের পরিমাণ, ক্রয়ের সংখ্যা বা পরিমাণ এবং সমাপনি স্টকের মূল্য সম্পর্কে ব্যবস্থাপকগণ এই বিবরণীর মাধ্যমে জানতে পারেন।

ফরম- ৬৪

(বিধি- ১৬৯)

.....বৎসরেরমাসের স্টকের গ্রহণ, ইস্যু ও জের প্রদর্শিত বিবরণ

বিবরণ	পরিমাণ	বিগত মাসের হিসাব অনুসারে স্টকে মজুদ জের এর পরিমাণ	এই মাসের মধ্যে গ্রহণ	মোট	এই মাসে ইস্যুকৃত পণ্যের পরিমাণ	এই মাসের শেষে স্টকে মজুদ পণ্যের পরিমাণ	স্টকে মজুদ পণ্যের মূল্য	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

৪.৪. অগ্রিম লেজার

কর্মকর্তা ও কর্মচারীদের মাথাপিছু অফিসিয়াল কারণে গৃহীত অগ্রিম ও তা পরিশোধের বিস্তারিত তথ্য লিপিবদ্ধ রাখার জন্য অগ্রিম লেজার সংরক্ষণ করা হয় যা নিচের সারণীতে প্রদর্শন করা হচ্ছে। এই লেজারের সাহায্যে ব্যবস্থাপকগণ সহজেই কর্মকর্তা ও কর্মচারীদের জনপ্রতি অগ্রিমের হিসাব ও তা উদ্ধারে করণীয় সম্পর্কে উপলব্ধি করতে পারে।

ফরম- ৭০
(বিধি- ১৮৩)
নাম:

প্রদেয় অগ্রিম					সমন্বিত বা লিপিবদ্ধকৃত অগ্রিম					
তারিখ	উদ্দেশ্য	ভাউচারের নম্বর	পরিমাণ	মোট	তারিখ	নগদ বা কাজের বিনিময়ে ফেরৎ	প্রত্যেক কাজের পরিমাণের সংখ্যা, যদি নগদ ফেরৎ দেওয়া হয় তবে ভাউচার নং ও যদি কাজের বিনিময়ে ফেরৎ দেওয়া হয়	পরিমাণ	মোট	প্রতিটি লেনদেনের পর ডেবিট জের এর পরিমাণ
			টাকা					টাকা		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

৪.৫. ঋণ রেজিস্টার:

ঋণের প্রাপ্তি ও পরিশোধের তথ্য (ঋণের টাকা ও সুদ এর পরিমাণ) বিস্তারিত তথ্যসহ সংরক্ষণের জন্য ঋণ রেজিস্টার সংরক্ষণ করা হয়, যা নিচের সারণীতে প্রদর্শন করা হলো।

এই লেজারে ঋণের জন্য বরাদ্দকৃত অর্থ একটি পৃথক কলামে প্রদর্শন করা হয়ে থাকে। এখানে ঋণের মূল অর্থ ও সুদ ফেরতের পরিমাণ পৃথকভাবে সংরক্ষণ করা হয়। যে কোন নির্দিষ্ট সময়ে ব্যবস্থাপকগণ মোট ঋণের পরিমাণ সম্পর্কে এই রেজিস্টারের মাধ্যমে অবগত হতে পারেন।

ফরম- ৭৫
(বিধি- ১৯২)

ঋণ রেজিস্টার

.....এর নিকট থেকেশর্তেপরিমাণ ঋণ গৃহীত হয়েছে

ঋণের সুদের হার%, যা অর্থ বৎসর অন্তর তারিখে প্রদেয়, এবং এবং অর্থ বার্ষিক কিস্তিতে তারিখেটাকা প্রদান করা হবে (সুদের পরিমাণসহ) বা (বছরের মধ্যে) বা টি সমান কিস্তিতে) বা অর্থ বার্ষিক/ বার্ষিক) প্রদেয় টাকার পরিমাণ টাকা।

প্রাপ্তি		পরিশোধ							সিংকিং তহবিলে প্রদান		মন্তব্য
তারিখ	পরিমাণ	মূল টাকার			সুদের ওপর				প্রদেয় টাকার পরিমাণ	তারিখ ও ভাউচার নং	
		পরিমাণ	তারিখ ও ভাউচার নং	জের	সময়কাল	যে পরিমাণের উপর বকেয়া	পরিশোধের পরিমাণ	তারিখ ও ভাউচার নং			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	টাকা	টাকা		টাকা		টাকা	টাকা		টাকা		

৪.৬. অপরিশোধিত বিল রেজিস্টার

অনুমোদিত অপরিশোধিত বিল একটি রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়।

এই রেজিস্টারের মাধ্যমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সহজেই অপরিশোধিত বিলের বকেয়া জের সম্পর্কে বিস্তারিত জানতে পারেন। বিলের বিস্তারিত ও পরিশোধ না করার কারণ, পরিশোধিতব্য টাকার পরিমাণ ইত্যাদি বিষয় নিম্নোক্ত ফরম্যাট অনুসারে এই রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়ে থাকে।

ফরম- ৮১
(বিধি সং- ২১৯)
অপরিশোধিত বিল রেজিস্টার

ক্রমিক নং ও অর্ডার বই নং	তারিখ	বিবরণ	বিলের পরিমাণ	পরিশোধ না হওয়ার কারণ	প্রদান		৩০ জুন তারিখে বকেয়ার পরিমাণ	মন্তব্য
					তারিখ	পরিমাণ		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মোট								

সংযুক্তি-১: মোট প্রাপ্তি ও প্রদান হিসাব যোগ করে সমাপনি জের নিরূপণ করা

পৌরসভা পর্যায়ে সমাপনি জের নিরূপণের প্রধানত দু'টি পদ্ধতি রয়েছে (ক) ও (খ)।

(ক) [দিনের সমাপনি জের] = [প্রারম্ভিক জের] + [দিনের মোট প্রাপ্তি] – [দিনের মোট প্রদান]
(খ) [দিনের সমাপনি জের] = [বছরের প্রারম্ভিক জের] + [বছরের মোট ক্রমপুঞ্জিভূত প্রাপ্তি] – [বছরের মোট ক্রমপুঞ্জিভূত প্রদান]

(ক) তে দিনের সমাপনি জের নিরূপণ করা হয় দিনের মোট প্রাপ্তি ও দিনের মোট প্রদান থেকে।

(খ) তে বছরের সমাপনি জের নিরূপণ করা হয়েছে বছরের সমন্বিত মোট প্রাপ্তি ও বছরের সমন্বিত মোট প্রদান থেকে।

এই হ্যান্ডবুক সকল পৌরসভাকে পদ্ধতি (ক) ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করা হচ্ছে। যে সকল পৌরসভা পদ্ধতি (খ) ব্যবহার করছে তাদের জন্য পদ্ধতি (খ) সম্পর্কেও এই হ্যান্ডবুকে আলোচনা করা হবে।

কোন কোন পৌরসভা অবশ্য প্রতিদিন সমাপনি জেরই হিসাব করেনা তারা মাস বা বছরের শেষে সমাপনি জের হিসাব করে থাকে। এটা যথার্থ নয়, কারণ পৌরসভাসমূহ পরিশোধের জন্য যখন কোন চেক প্রদান করে তখন তাদের ব্যাংকে জমার পরিমাণ সম্পর্কে ওয়াকিবহাল থাকে না।

নিচে একটি পৌরসভার হিসাবরক্ষকের রাজস্ব হিসাব উপাংশ- ১ জন্য এর ক্যাশ/ নগদান বইয়ের নমুনা উল্লেখ করা হলো। এই উদাহরণে বছরের সমন্বিত মোট প্রাপ্তি ও বছরের মোট সমন্বিত প্রদানের মাধ্যমে বছরের সমাপনি জের নিরূপণ করা হবে।

রাজস্ব হিসাব উপাংশ- ১ এর জন্য (২ জুলাই তারিখের) হিসাব রক্ষকের ক্যাশ/নগদান বইয়ের ফরম্যাট

ক্যাশ/ নগদান বই
ফরম নং- ৮৩
(বিধি নং- ১৮৭ ও ২২১)

.....পৌরসভারমাসের জন্য

ডেবিট

তারিখ	মোমো নং	প্রাপ্তির বিবরণ	টাকা	প্রত্যেক মোমোর মোট	এ্যাবস্ট্রাক্ট রেজিস্ট্রারে উল্লিখিত খাতের নাম
১.	২.	৩.	৪.	৫.	৬.
২ জুলাই		প্রারম্ভিক জের		১০, ১০, ৫০০	
২ জুলাই	৭৫৪১ - ৫২	হোল্ডিং কর	৩৪, ৩৫০		১
২ জুলাই	৭৮০১ - ১৪	আলোকিতকরণ	২৩, ৩০০		১
২ জুলাই	৭৪৬৫ - ৭২	কনজারভেসি রেইট	১, ১৭, ০৫০		১
২ জুলাই	৮১৩৫ - ৪০	ট্রেড লাইসেন্স ফি	৭, ০০০		১
২ জুলাই	৮১৯১ - ৮২১১	কসাইখানা	৫, ০০০		১
২ জুলাই	৮২১৩ - ১৫	পৌর মার্কেটের ভাড়া	৬, ০০০		১
২ জুলাই	৮২২২ - ৩৫	রোলার ভাড়া	৫, ০০০		১
২ জুলাই	৮৩১১ - ৪৯	হাট ও বাজার	২০, ৬৭৫	২, ১৮, ৩৭৫	১
		দিনের মোট প্রাপ্তি		২, ১৮, ৩৭৫	
		সমষ্টিত মোট প্রাপ্তি		২, ৯৩, ১০৫	
		বছরের প্রারম্ভিক জের		১০, ১০, ৫০০	
		পৃষ্ঠার মোট টাকার পরিমাণ		১৩, ০৩, ৬০৫	

ক্রেডিট

তারিখ	প্রদানের বিবরণ	ভাউ চার নং	টাকার পরিমাণ	চেক নং	চেকে টাকার পরিমাণ	এ্যাবস্ট্রাক্ট রেজিস্ট্রারে উল্লিখিত খাতের নাম
৭.	৮.	৯.	১০.	১১.	১২.	১৩.
২ জুলাই	বেতন	৫	২৫, ০০০	৭৮৯০৩৮৬	২৫, ০০০	১
২ জুলাই	জ্বালানী	৬	৬, ৯০০	৭৮৯০৩৮৭	৬, ৯০০	১
২ জুলাই	ই পি আই	৭	৭, ৫০০	৭৮৯০৩৮৮	৭, ৫০০	১
২ জুলাই	ড্রেন পরিষ্কার	৮	৫, ৪০০	৭৮৯০৩৮৯	৫, ৪০০	১
২ জুলাই	বৃক্ষ রোপন	৯	৮, ০০০	৭৮৯০৩৯০	৮, ০০০	১
২ জুলাই	কর আদায় খরচ	১০	৫, ০০০	৭৮৯০৩৯১	৫, ০০০	১
২ জুলাই	ক্রিড়া ও সংস্কৃতি	১১	৪, ০০০	৭৮৯০৩৯১	৪, ০০০	১
২ জুলাই	উন্নয়ন হিসাবে স্থানান্তর	১২	৯, ৩০, ০০০	৭৮৯০৩৯২	৯, ৩০, ০০০	১
	দিবসের মোট প্রদান				৬১, ৮০০	
	সমষ্টিত মোট প্রদান				৭৩, ৭৫০	
	সমাপনি জের				১২, ২৯, ৮৫৫	
	পৃষ্ঠার মোট টাকার পরিমাণ				১৩, ০৩, ৬০৫	

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের একেবারে শেষ প্রান্তে প্রতিদিন সমাপনি জের নিরূপণ করা হয়।

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই লিপিবদ্ধ করার পদ্ধতি (বাম পার্শ্ব: প্রাপ্তি)

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের বাম পার্শ্ব যা নিচের উদাহরণে বিস্তৃত করা হয়েছে, এখানে প্রাপ্তিসমূহ প্রদর্শন করা হয়েছে যেমন; কর, রেইট, ফি, ইত্যাদি।

রাজস্ব হিসাব উপাংশ- ১ এর জন্য (২ জুলাই তারিখের) হিসাব রক্ষকের ক্যাশ/নগদান বইয়ের নমুনা (বাম পার্শ্ব: প্রাপ্তি)

তারিখ	মোমো নং	প্রাপ্তির বিবরণ	টাকা	প্রত্যেক মোমোর মোট	এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে উল্লিখিত পৃষ্ঠা নং
১.	২.	৩.	৪.	৫.	৬.
২ জুলাই		প্রারম্ভিক জের		১০, ১০, ৫০০	
২ জুলাই	৭৫৪১ - ৫২	হোল্ডিং কর	৩৪, ৩৫০		১
২ জুলাই	৭৮০১ - ১৪	আলোকিতকরণ	২৩, ৩০০		১
২ জুলাই	৭৪৬৫ - ৭২	কনজারভেন্সি রেইট	১, ১৭, ০৫০		১
২ জুলাই	৮১৩৫ - ৪০	ট্রেড লাইসেন্স ফি	৭, ০০০		১
২ জুলাই	৮১৯১ - ৮২১১	কসাইখানা	৫, ০০০		১
২ জুলাই	৮২১৩ - ১৫	পৌর মার্কেটের ভাড়া	৬, ০০০		১
২ জুলাই	৮২২২ - ৩৫	রোলার ভাড়া	৫, ০০০		১
২ জুলাই	৮৩১১ - ৪৯	হাট ও বাজার	২০, ৬৭৫	২, ১৮, ৩৭৫	১
		দিনের মোট প্রাপ্তি		২, ১৮, ৩৭৫	
		ক্রমপুঞ্জিত মোট প্রাপ্তি		২, ৯৩, ১০৫	
		বছরের প্রারম্ভিক জের		১০, ১০, ৫০০	
		পৃষ্ঠার মোট টাকার পরিমাণ		১৩, ০৩, ৬০৫	

এই উদাহরণে দিনের মোট প্রাপ্তি হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে ২, ১৮, ৩৭৫ টাকা। সমন্বিত মোট প্রাপ্তির পরিমাণ হচ্ছে- ২, ৯৩, ১০৫ টাকা। যা, দিনের মোট আয়কে পূর্ববর্তী দিনের সমন্বিত মোট প্রাপ্তির সাথে যোগ করে নিরূপণ করা হয়েছে।

সর্বমোট যা বছরের প্রারম্ভিক জেরকে সমন্বিত মোট প্রাপ্তির সাথে যোগ করে নিরূপণ করা হয়েছে, যা সারণীর শেষ প্রান্তে প্রদর্শন করা হয়েছে।

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই লিপিবদ্ধ করার পদ্ধতি (ডান পার্শ্ব: প্রদান)

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের ডান পার্শ্ব যা নিচের উদাহরণে বিস্তৃত করা হয়েছে, এখানে প্রদানসমূহ প্রদর্শন করা হয়েছে যেমন; বেতন, টেলিফোন বিল ইত্যাদি।

রাজস্ব হিসাব উপাংশ- ১ এর জন্য (২ জুলাই তারিখের) হিসাব রক্ষকের ক্যাশ/নগদান বইয়ের নমুনা (ডান পার্শ্ব: প্রদান)

তারিখ	প্রদানের বিবরণ	ভাউচার নং	টাকার পরিমাণ	চেক নং	চেকে টাকার পরিমাণ	এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে উল্লিখিত পৃষ্ঠা নং
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.
২ জুলাই	বেতন	৫	২৫, ০০০	৭৮৯০৩৮৬	২৫, ০০০	১
২ জুলাই	জ্বালানী	৬	৬, ৯০০	৭৮৯০৩৮৭	৬, ৯০০	১
২ জুলাই	ই পি আই	৭	৭, ৫০০	৭৮৯০৩৮৮	৭, ৫০০	১
২ জুলাই	ড্রেন পরিষ্কার	৮	৫, ৪০০	৭৮৯০৩৮৯	৫, ৪০০	১
২ জুলাই	বৃক্ষ রোপন	৯	৮, ০০০	৭৮৯০৩৯০	৮, ০০০	১
২ জুলাই	কর আদায় খরচ	১০	৫, ০০০	৭৮৯০৩৯১	৫, ০০০	১
২ জুলাই	ক্রিড়া ও সংস্কৃতি	১১	৪, ০০০	৭৮৯০৩৯২	৪, ০০০	১
২ জুলাই	উন্নয়ন হিসাবে স্থানান্তর	১২	৯, ৩০, ০০০	৭৮৯০৩৯৩	৯, ৩০, ০০০	১
	দিবসের মোট প্রদান				৬১, ৮০০	
	ক্রমপুঞ্জিত মোট প্রদান				৭৩, ৭৫০	
	সমাপনি জের				১২, ২৯, ৮৫৫	
	পৃষ্ঠার মোট টাকার পরিমাণ				১৩, ০৩, ৬০৫	

পৃষ্ঠার শেষ প্রান্তে, [দিনের মোট প্রদান] ও [ক্রমপুঞ্জিত মোট প্রদান] প্রদর্শন করা হয়েছে। ক্রমপুঞ্জিত মোট প্রদান যা অর্থ বছরের শুরু থেকে সকল প্রকার প্রদানকে নির্দেশ করে। ক্রমপুঞ্জিত মোট প্রদান নিরূপণ করা যায়, [দিনের মোট প্রদান] কে পূর্ববর্তী দিনের [ক্রমপুঞ্জিত মোট প্রদান] এর সাথে যোগ করে।

এরপর এই পৃষ্ঠায় দিনের সমাপনি জের প্রদর্শন করা হয়েছে। দিনের [সমাপনি জের] নিম্নোক্ত পদ্ধতিতে নিরূপণ করা হবে।

হিসাব রক্ষক কর্তৃক সমাপনি জের নিরূপণ

হিসাব রক্ষকের ক্যাশ/নগদান বই প্রতিদিন জের টেনে বন্ধ করা হয় এবং এক দিনের সকল প্রাপ্তি ও প্রদান সংশ্লিষ্ট পৃষ্ঠায় লিপিবদ্ধ করতে হয় (প্রয়োজনে একদিনের হিসাব এক পৃষ্ঠায় স্থান সংকুলান না হলে অন্য পৃষ্ঠায় লিপিবদ্ধ করা যাবে, একই পৃষ্ঠায় একাধিক দিনের লেনদেন লিপিবদ্ধ করা যাবে না)।

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই বন্ধ করার ভিত্তিতে সমাপনি জের নিরূপণ করা হয়। বিশেষত চেকের মাধ্যমে অর্থ পরিশোধের সময় সমাপনি জের নিরূপণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। চেক ইস্যু করার সময় হিসাব রক্ষক নিশ্চিত করবেন যে ইস্যুকৃত চেকের অর্থ পরিশোধ করার জন্য পর্যাপ্ত পরিমাণ অর্থ ব্যাংক হিসাবে মজুদ আছে।

উপরের বিবরণ অনুসারে, দিনের [সমাপনি জের] হিসাব করা হবে [প্রারম্ভিক জের], [দিনের মোট প্রাপ্তি] এবং [দিনের মোট প্রদান বা পরিশোধ] এর মাধ্যমে।

[প্রারম্ভিক জের], [দিনের মোট প্রাপ্তি] ও [সমাপনি জের] এবং [দিনের মোট প্রদান বা পরিশোধ] এর মধ্যে সম্পর্ক নিচে আলোচনা করা হলো;

$$[\text{প্রারম্ভিক জের}] + [\text{দিনের মোট প্রাপ্তি}] - [\text{দিনের মোট প্রদান}] = [\text{সমাপনি জের (দিনের)}]$$

১ দিন, ১৫ সেপ্টেম্বর
ডেবিট

ডেবিট		ক্রেডিট	
প্রাপ্তি		প্রদান	
প্রাপ্তি (১)	১০০		
প্রাপ্তি (২)	১০০	পরিশোধ (১)	২০০
		পরিশোধ (২)	১০০
দিনের মোট প্রাপ্তি	২০০	পৃষ্ঠার মোট (প্রদান)	৩০০
ক্রমপুঞ্জিত প্রাপ্তি	৫, ২০০	ক্রমপুঞ্জিত প্রদান	৫, ৫০০
বছরের প্রারম্ভিক জের	৩, ২০০	সমাপনি জের	২, ৯০০
সর্বমোট	৮, ৪০০	সর্বমোট	৮, ৪০০

এ ক্ষেত্রে, ঐ পৌরসভা ২০০ টাকা গ্রহন করেছে এবং বছরের শুরুতে সমন্বিত মোট প্রাপ্তি হচ্ছে ৫,২০০ টাকা। এখানে দিনের প্রারম্ভিক জের হচ্ছে ৩,২০০ টাকা (যা পূর্ববর্তী দিনের সমাপনি জের এর সমান)।

একই সাথে দিনের মোট প্রদানের পরিমাণ হচ্ছে ৩০০ টাকা এবং বছরের সমন্বিত মোট প্রদানের পরিমাণ হচ্ছে ৫, ৫০০ টাকা। এভাবে, ঐ দিনের সমাপনি জের, যা [বছরের প্রারম্ভিক জের] + [ক্রমপুঞ্জিত প্রাপ্তি] - [সমন্বিত মোট প্রদান] = ২৯০০ টাকা। নিম্নোক্ত উপায়ে সারণীর মাধ্যমে ব্যাখ্যা করা যেতে পারে।

১ দিন, ১৫ সেপ্টেম্বর
ডেবিট

ডেবিট		ক্রেডিট	
প্রাপ্তি		প্রদান	
প্রাপ্তি (৩)	৬০০		
প্রাপ্তি (৪)	৩০০	প্রদান (৫)	২০০
		প্রদান (৬)	২০০
		প্রদান (৭)	১০০
দিনের মোট প্রাপ্তি	৯০০	পৃষ্ঠার মোট (প্রদান)	৫০০
ক্রমপুঞ্জিত প্রাপ্তি	৬, ১০০	ক্রমপুঞ্জিত প্রদান	৬, ০০০
বছরের প্রারম্ভিক জের	৩, ২০০	সমাপনি জের	৩, ৩০০
সর্বমোট	৯, ৩০০	সর্বমোট	৯, ৩০০

দিনের মোট প্রাপ্তির পরিমাণ হচ্ছে ৯০০ টাকা এবং এ দিনের সমন্বিত মোট প্রাপ্তির পরিমাণ হচ্ছে ৬, ১০০ টাকা। এভাবে পূর্ববর্তী দিবসের সমন্বিত মোট টাকার পরিমাণ হচ্ছে ৫, ২০০ টাকা।

একই ভাবে মোট প্রদানের পরিমাণ হচ্ছে ৫০০ টাকা এবং ক্রমপুঞ্জিত প্রদানের পরিমাণ হচ্ছে ৬, ০০০ টাকা, যেহেতু ক্রমপুঞ্জিত মোট প্রদানের পরিমাণ ছিল ৫, ৫০০ টাকা।

সুতরাং ঐ দিবসের মোট সমাপনি জের হচ্ছে ৩, ৩০০ টাকা, এই সমাপনি জের হিসাব করা হয়েছে নিম্নলিখিত পদ্ধতিতে, [প্রারম্ভিক জের] ৩, ২০০ + [দিনের ক্রমপুঞ্জিত মোট প্রাপ্তি] ৬, ১০০ টাকা - [দিনের ক্রমপুঞ্জিত মোট প্রদান] ৬, ০০০ টাকা।

সচিব এবং মেয়র কর্তৃক হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই যাচাইকরণ

হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বইয়ের দৈনন্দিন হিসাবের প্রতিটি অর্ন্তভুক্তি পৌরসভার সচিব ও মেয়র উভয়েই যাচাই করে দেখবেন। সচিব প্রতিদিন নিম্ন লিখিত বিষয়সমূহ যাচাই করে দেখবেন;

- সকল অর্ন্তভুক্তি ভাউচারের ভিত্তিতে করা হয়েছে কিনা যেমন; জমার স্লিপ বা টাকার রশিদ, ইত্যাদি)
- সমাপনি জের যথাযথ ভাবে হিসাব করা হয়েছে কিনা যেমন; প্রারম্ভিক জের + মোট প্রাপ্তি - মোট প্রদান = সমাপনি জের)

প্রাপ্তি		প্রদান	
প্রাপ্তি (৩)	৬০০	প্রদান (৫)	২০০
প্রাপ্তি (৪)	৩০০	প্রদান (৬)	২০০
		প্রদান (৭)	১০০
দিনের মোট প্রাপ্তি	৯০০	পৃষ্ঠার মোট (প্রদান)	৫০০
ক্রমপুঞ্জিত প্রাপ্তি	৬, ১০০	ক্রমপুঞ্জিত প্রদান	৬, ০০০
বছরের প্রারম্ভিক জের	৩, ২০০	সমাপনি জের	৩, ৩০০
সর্বমোট	৯, ৩০০	সর্বমোট	৯, ৩০০

হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্ম

সচিব

প্রধান নির্বাহী কর্মকর্তা

মেয়র

(i) ভাউচারের সাথে মিলিয়ে
প্রতিদিন যাচাই করেন

ক্যাশিয়ারের ক্যাশ/ নগদান বইয়ের যাচাই

(iii) যাচাই করে দেখেন
যে হিসাব যথার্থ আছে
কিনা

প্রাপ্তি				প্রদান/ পরিশোধ			
১				২			
রাজস্ব (নির্ধারিত তালিকা অনুসারে খাত)	প্রাক্কলিত	প্রকৃত	প্রকৃত-যোগ বা বিয়োগ	(নির্ধারিত তালিকা অনুসারে খাত এর নাম)	প্রাক্কলিত	প্রকৃত	প্রকৃত-যোগ বা বিয়োগ
	টাকা	টাকা	টাকা		টাকা	টাকা	টাকা
প্রারম্ভিক জের							
.....						
.....						
.....						
উপ-মোট				উপ-মোট			
				সমাপনি জের			
সর্ব মোট				সর্ব মোট			

Training on
Paurashava Budget formulation, accounting, monitoring and reporting

Under Strengthening Paurashava Governance Project (SPGP)

Course Guide

Duration: 26 -28 January, 2-4 February, 2016

Venue: National Institute of Local Government, 29 Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka.

1. Introduction

“Training on Paurashava Budget formulation, accounting, monitoring and reporting” is a pilot training program which is provided to the participants from pilot Paurashavas of Strengthening Paurashava Governance Project (SPGP) of the Local Government Division (LGD) of the Ministry of Local Government, Rural Development Cooperatives. This training is aiming at enhancing the capacity of pilot Paurashavas, as well as having feedbacks from participants to establish standardized training programs of the Government of Bangladesh for Paurashavas.

This training program was developed reviewing many existing training programs and materials in order to build on the past efforts of the government and development partners to support Paurashavas’ capacity development. Those training materials include (i) Training handbook on Paurashava Financial Management by UGIIP-2 (Urban Governance and Infrastructure Improvement (Sector) Project), (ii) Paurashava Accounting Procedures Training Module by Urban Management Unit (UMU) of Local Government Engineering Department (LGED), (iii) "Paurashava training Guideline- 2, Paurashava Procurement Management, Paurashava Accounting and Financial Management" by Local Government Institutions Capacity Building Project for Water Supply and Sanitation Sector, (WSSPS- 2) (iv) “Training module on financial management and revenue income of the pourashava” of SDLG (Strengthening Democratic Local Governance).

The information collected by SPGP project team through the field visits to Paurashavas is also reflected in this training program. Last but not least, the training materials have gone through reviews of local consultants with ample knowledge and experience in the field as well as the LGD officials.

2. Course objectives

The training course on “Paurashava Budget formulation, accounting, monitoring and reporting” is composed of (i) Paurashava budget formulation and monitoring and (ii) Paurashava accounting and budget execution.

The main targets of the training on (i) Paurashava budget formulation and monitoring are as follows;

- Paurashavas can prepare budget following the rules and regulations.
- Paurashavas can formulate realistic budget.
- Paurashavas can explain the directions and details of their budget.
- They can also explain how the tax revenue and revenue surplus was spent for the provisions of public service delivery and infrastructure development.

The main targets of the training on (ii)accounting and budget execution are as follows;

- Paurashavas can carry out accurate accounting.
- Paurashavas can monitor the budget execution and formulate realistic budget proposals.
- Paurashavas can explain how the tax revenue was spent.
- By improving the cash management, paurashavas can avoid lack of money in hands.
- Paurashavas can explain how the expenditures were made to internal and external auditors.

As a result, it is expected that;

- Citizens are more aware of paurashava budget, and understand how their tax payments were utilized for public services and infrastructure development.
- Then citizens are more willing to pay tax.
- Purashava officers, councilors and mayors are more willing to provide information to citizens, and willing to provide better public services and infrastructure.
- Purashava officers, councilors and mayors are willing to secure more funds for public services and infrastructure.

3. Participants of the training course

Participants of the training are;

- Secretary and
- Accounts personnel of Paurashava.

4. Trainers

This training is organized by the following trainers;

- Mr. M.A.Quddus
- Mr. Sohrab Hossain

Mr. M.A.Quddus is a financial expert who has been involved in technical supports to the capacity building of financial management at Paurashavas. He has been also involved in the development and operations in couputerized accounting system at Paurashava.

Mr. Sohrab Hossain is a community development expert who has also been involved in technical supports for the capacity development of paurashavas for many years. He has been working in many donor – funded projects, such as UGIIP-2.

5. Training schedule

Day 1 (One)

09:00 - 09:45	Registration of Trainees
09:45 - 10:15	Inaugural Session: (Guests' designation and post)
10:15 - 10:45	Paurashava Budget System Introduction and Legal Background; Budget Formulation; Budget Execution, Monitoring and Reporting; Reporting of Annual Development Program.
10:45 - 11:00	Tea break
11:00 - 13:00	Paurashava Budget System (cont'd)
13:00 - 14:00	Lunch and Prayer break
14:00 - 16:45	Formulation of Paurashava Budget Formats of Budget Document; Accounts of Budget Document; Preparation of Budget using Formats.
16:45 - 17:00	Closing of the day

Day 2 (Two)

09:00 - 10:30	Exercise on Paurashava Budget
10:30 - 10:45	Tea break
10:45 - 13:00	Paurashava Budget execution and monitoring Process Formats for Budget execution and monitoring; Purposes and methods of budget monitoring.
13:00 - 14:00	Lunch and Prayer break
14:00 - 15:30	Introduction on Paurashava Accounting and Budget Execution Outline of Accounting process (Daily entry) (Cashier's Cash Book, Accountant Cash book, Balancing, Bank reconciliation, Cheque book register, Voucher, Abstract registers, etc.).
15:30 - 16:45	Outline of Accounting Process Preparation/compilation of Accounts Statement (Receipts and Payments statement for Monthly/Quarter(s)/Annual basis).
16:45 - 17:00	Closing of the day

Day 3 (Three)

09:00 - 10:00	Outline of budget monitoring process and Review of Paurashava Accounting (Budget monitoring, budget revision, etc.)
---------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------

10:00 - 11:15	Using of different formants
11:15 - 11:30	Tea break
11:30 - 13:00	Practices on Puarashava Accounting, Record Keeping and Statement preparation Fill up cash book, abstract register and prepare accounts statement.
13:00 - 14:00	Lunch and prayer break
14:00 - 15:00	Open discussion, preparation of the action plans for FY 2016-17 (Prepare a list of activities for each Paurashava)
15:00 - 16:30	Certificate distribution and Closing session
16:30 - 17:00	Closing of the Training Program

6. Outline of the training sessions

Paurashava Budget System

- Introduction and Legal Background
- Budget Formulation
-

Formulation of Paurashava Budget (Revenue (part 1 and Part 2), Development Budget and Capital Budget)

- Formats of Budget Document
- Accounts of Budget Document
- Income
- Expenditure
- Transfer of amount from one account to another
- Relationship among three accounts
- Preparation of Budget using Formats

Paurashava Budget execution and monitoring Process

- Budget Execution, Monitoring and Reporting
- Rules of budget execution
- Rules on Monitoring of budget execution
- Budget Reporting
- Reporting of Annual Development Program

Introduction on Paurashava accounting and budget execution

- Objective of the Operational Handbook on Paurashava Accounting and Budget execution.
- Legal background

Outline of Accounting process

- Outline of the accounting process
 - Daily entry of cash receipts
 - Daily entry and closing of all receipts and payments
 - Monthly entry to “Abstract Register of Receipts and Payments” from Cashbook
 - Monthly entry to “Quarterly and Annual Account of Receipts and Payments” from abstract register
 - Monthly closing

- Compilation of accounts statement (monthly/quarterly/annually)

Outline of the budget monitoring process and review of Paurashava accounting

- Budget monitoring (monthly and quarterly)
- Budget revision

Using of different formats

স্ট্রেন্দেরিং পৌরসভা গভার্নেন্স প্রকল্পের আওতায়

পৌরসভার বাজেট প্রণয়ন ও হিসাবরক্ষণ পরীক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন বিষয়ক

প্রশিক্ষণ

প্রশিক্ষণ নির্দেশিকা

প্রশিক্ষণের সময়কাল: ২৬-২৮ জুনয়ারী, ২-৪ ফেব্রুয়ারী, ২০১৬

প্রশিক্ষণের স্থান: জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা ।

১. ভূমিকা

“পৌরসভার বাজেট, হিসাব রক্ষণ, তত্ত্বাবধান ও প্রতিবেদন বিষয়ক প্রশিক্ষণ” হচ্ছে একটি পাইলট প্রশিক্ষণ কর্মসূচি। এ প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রজেক্ট এর আওতাধীন পাইলট পৌরসভাসমূহের প্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হবে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে পাইলট পৌরসভাসমূহের সক্ষমতা বৃদ্ধি করা এবং একইসাথে প্রশিক্ষণে অংশগ্রহণকারিবৃন্দের নিকট থেকে প্রতিক্রিয়া/ ফিডব্যাক সংগ্রহ করে, তার পর্যালোচনার ভিত্তিতে পৌরসভাসমূহের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ কর্মসূচির মানোন্নয়ন ঘটানো।

বর্তমান সময়ে বিদ্যমান বিভিন্ন প্রকার প্রশিক্ষণ নির্দেশিকা পর্যালোচনা করে এই প্রশিক্ষণ কর্মসূচি এবং প্রশিক্ষণ উপকরণ প্রণয়ন করা হয়েছে, যাতে করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের পৌরসভার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত পূর্ববর্তী উদ্যোগসমূহকেও অর্ন্তভুক্ত ও কার্যকর করা যায়। এই সকল প্রশিক্ষণ উপকরণের মধ্যে- (i) ইউজিআইআইপি- ২ (আরবান গভার্নেন্স এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট (সেক্টর) প্রজেক্ট) কর্তৃক প্রণীত পৌরসভার আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ হ্যান্ডবুক, (ii) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আরবান ম্যানেজমেন্ট ইউনিট (ইউএমইউ) প্রণীত পৌরসভা হিসাবরক্ষণ পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ মডিউল (iii) লোকাল গভার্নমেন্ট ইনস্টিটিউশনস ক্যাপাসিটি বিল্ডিং প্রজেক্ট ফর ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন সেক্টর (ডব্লিউএসএসপিএস- ২) কর্তৃক প্রণীত ‘পৌরসভা প্রশিক্ষণ নির্দেশিকা- ২, পৌরসভা ক্রয় ব্যবস্থাপনা, হিসাব রক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা’ (iv) এসডিএলজি স্ট্রেন্ডেনিং ডেমোক্রটিক লোকাল গভার্নেন্স কর্তৃক প্রণীত পৌরসভার আর্থিক ব্যবস্থাপনা ও রাজস্ব আয় বিষয়ক প্রশিক্ষণ মডিউল’ ইত্যাদি উল্লেখযোগ্য। এসপিজিপি প্রকল্পের টিম কর্তৃক পৌরসভাসমূহ পরিদর্শনের মাধ্যমে সংগৃহীত তথ্যসমূহও এই প্রশিক্ষণ নির্দেশিকায় ও প্রশিক্ষণ কর্মসূচিতে প্রতিফলিত হয়েছে। উপরন্তু, এই প্রশিক্ষণ নির্দেশিকা প্রণয়ন প্রক্রিয়া, গভীর জ্ঞান ও দীর্ঘ অভিজ্ঞতা সম্বলিত স্থানীয় পরামর্শক ও এলজিডি কর্মকর্তাবৃন্দের সযত্ন সংশোধন এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

২. প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য

“পৌরসভার বাজেট প্রণয়ন, হিসাব রক্ষণ, তত্ত্বাবধান ও প্রতিবেদন” বিষয়ক এই প্রশিক্ষণ কোর্সটি (i) পৌরসভার বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং এবং (ii) পৌরসভার হিসাব রক্ষণ ও বাজেট বাস্তবায়ন এর সমন্বয়ে গঠিত।

(i) পৌরসভার বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং বিষয়ক প্রশিক্ষণের মূল উদ্দেশ্য নিম্নরূপ;

- সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসরণ করে পৌরসভাসমূহ বাজেট প্রণয়ন করতে পারবে।
- পৌরসভাসমূহ বাস্তবসম্মত ও যুক্তিসঙ্গত ভাবে বাজেট প্রণয়ন করতে পারবে।
- পৌরসভাসমূহ তাদের বাজেটের গতিমুখ ও বিস্তারিত ব্যাখ্যা প্রদান করতে পারবে।
- কর রাজস্ব ও রাজস্ব উদ্বৃত্ত কিভাবে জন-পরিষেবা প্রদান ও অবকাঠামো উন্নয়ন কাজে কিভাবে ব্যয় করা হয়েছে সে সম্পর্কেও পৌরসভাসমূহ ব্যাখ্যা প্রদান করতে পারবে।

(ii) পৌরসভার হিসাব রক্ষণ ও বাজেট বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হচ্ছে নিম্নরূপ;

- পৌরসভাসমূহ যথাযথ ও নির্ভুল ভাবে হিসাব রক্ষণ করতে পারবে।
- পৌরসভাসমূহ বাজেট এর বাস্তবায়ন তত্ত্বাবধান করতে পারবে ও বাস্তবসম্মত বাজেট প্রস্তাবনা প্রণয়ন করতে পারবে।
- রাজস্ব কর ব্যয়ের খাতসমূহ কি ছিল তা পৌরসভা ব্যাখ্যা করতে পারবে।

- নগদ তহবিল ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে পৌরসভাসমূহ নগদ তহবিলের ঘাটতি নিরসন করতে পারবে।
- অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরীক্ষা দলের কাছে পৌরসভা তার ব্যয়সমূহের পূর্ণাঙ্গ ব্যাখ্যা প্রদান করতে পারবে।

ফলস্বরূপ, এটা প্রত্যাশিত যে;

- নাগরিকবৃন্দ পৌরসভার বাজেট সম্পর্কে অধিকতর সচেতন হবেন এবং বুঝতে পারবেন যে তাদের প্রদেয় কর কিভাবে জনসেবা ও অবকাঠামো উন্নয়নে ব্যয় করা হয়ে থাকে।
- এরফলে নাগরিকবৃন্দ কর পরিশোধে অধিকতর আগ্রহী হবেন।
- পৌরসভার কর্মকর্তা-কর্মচারিবৃন্দ, কাউন্সিলরবৃন্দ ও মেয়র নাগরিকবৃন্দকে তথ্য প্রদানে অধিকতর আগ্রহী হবেন এবং মানসম্মত জনসেবা ও অবকাঠামো সুবিধা প্রদানে আরও উদ্যোগী হবেন।
- পৌরসভার কর্মকর্তা - কর্মচারিবৃন্দ, কাউন্সিলরবৃন্দ ও মেয়র জনসেবা ও অবকাঠামো উন্নয়নের জন্য অধিক মাত্রায় তহবিল সংরক্ষণের বিষয়ে উদ্যোগী হবেন।

৩. প্রশিক্ষণ কোর্স এর অংশগ্রহণকারীবৃন্দ

প্রশিক্ষণ কোর্স এ অংশগ্রহণকারীগণ হচ্ছেন;

- সচিব এবং
- পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা/ হিসাব রক্ষক।

৪. প্রশিক্ষক

নিম্ন বর্ণিত প্রশিক্ষকবৃন্দ কর্তৃক প্রশিক্ষণ কোর্সটি সংগঠিত হবে;

- জনাব এম এ কুদ্দুস
- জনাব মো: সোহরাব হোসাইন

জনাব এম এ কুদ্দুস একজন সিনিয়র আর্থিক ব্যবস্থাপনা ও হিসাব বিশেষজ্ঞ, যিনি পৌরসভার আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা বৃদ্ধির জন্য কারিগরি সহায়তার সাথে সম্পৃক্ত। তিনি পৌরসভার জন্য কম্পিউটারাইজড হিসাব রক্ষণ পদ্ধতি প্রণয়ন ও পরিচালনার সাথেও যুক্ত আছেন। তিনি উন্নয়ন সহযোগী কর্তৃক সাহায্যপুষ্ট অনেক প্রকল্পে কাজ করেছেন যেমন, MSP (MSU), CWSISP ইত্যাদি।

জনাব মো: সোহরাব হচ্ছেন একজন নগর উন্নয়ন বিশেষজ্ঞ, তিনিও পৌরসভার সক্ষমতা বৃদ্ধির জন্য কারিগরি সহায়তার সাথে দীর্ঘদিন যাবৎ সিনিয়র কনসালট্যান্ট হিসেবে সম্পৃক্ত আছেন। উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক সাহায্যপুষ্ট অনেক প্রকল্পে তিনি কাজ করেছেন, যেমন- ইউজিআইআইপি- ১,২ এবং TA-MSP, NOBIDEP।

৫. প্রশিক্ষণ এর সময়সূচি

১ম দিন

০৯:০০ - ০৯:৪৫	প্রশিক্ষনার্থীবৃন্দের নিবন্ধন
০৯:৪৫ - ১০:১৫	উদ্বোধনী অধিবেশন: (অতিথীবৃন্দের পদ ও পদবি)
১০:১৫ - ১০:৪৫	পৌরসভার বাজেট ত পদ্ধতি আইনগত পটভূমির পরিচিতি; বাজেট প্রণয়ন; বাজেট বাস্তবায়ন; তত্ত্বাবধান ও প্রতিবেদন; বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রতিবেদন।
১০:৪৫ - ১১:০০	চা বিরতি
১১:০০ - ১৩:০০	পৌরসভার বাজেট পদ্ধতি (চলমান)
১৩:০০ - ১৪:০০	দুপুরের খাবার ও নামাজ এর জন্য বিরতি
১৪:০০ - ১৬:৪৫	পৌরসভার বাজেট প্রণয়ন বাজেট দলিলের ফরম্যাটসমূহ; বাজেট দলিলের হিসাব রক্ষণ; নির্ধারিত ফরম্যাটসমূহ ব্যবহার করে বাজেট প্রণয়ন।
১৬:৪৫ - ১৭:০০	১ম দিনের আলোচনার সমাপ্তি

২য় দিন

০৯:০০ - ১০:৩০	পৌরসভা বাজেট অনুশীলন
১০:৩০ - ১০:৪৫	চা বিরতি
১০:৪৫ - ১৩:০০	পৌরসভার বাজেট বাস্তবায়ন ও মনিটরিং
১৩:০০ - ১৪:০০	দুপুরের খাবার ও নামাজ এর জন্য বিরতি
১৪:০০ - ১৫:৩০	পৌরসভার হিসাবরক্ষণ ও বাজেট বাস্তবায়ন এর পরিচিতি হিসাবরক্ষণ পদ্ধতির রূপরেখা (দৈনন্দিন হিসাব অর্ন্তভুক্তিকরণ) (ক্যাশিয়ারের ক্যাশ/ নগদান বই, হিসাব রক্ষকের ক্যাশ/ নগদান বই, জের নিরূপণ, ব্যাংক সমন্বয় হিসাব, চেক বই রেজিস্টার/ নিবন্ধন, ভাউচার, এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার, ইত্যাদি)
১৫:৩০ - ১৬:৪৫	হিসাব একক প্রক্রিয়া হিসাব বিররণী প্রণয়ন/ সমন্বিতকরণ (মাসিক/ ত্রৈমাসিক/ বার্ষিক ভিত্তিতে প্রাপ্তি ও প্রদান বিবরণী)
১৬:৪৫ - ১৭:০০	২য় দিনের আলোচনার সমাপ্তি

৩য় দিন

০৯:০০ - ১০:০০	পৌরসভার বাজেট তত্ত্বাবধান প্রক্রিয়ার রূপরেখা ও পৌরসভা হিসাবরক্ষণ এর পর্যালোচনা (বাজেট তত্ত্বাবধান, বাজেট পর্যালোচনা, ইত্যাদি)
১০:০০ - ১১:১৫	বিভিন্ন প্রকার নির্ধারিত ফরম্যাট এর ব্যবহার
১১:১৫ - ১১:৩০	চা বিরতি
১১:৩০ - ১৩:০০	পৌরসভার হিসাব রক্ষণ, রেকর্ড সংরক্ষণ এবং বিবরণী প্রণয়ন বিষয়ক অনুশীলন ক্যাশ/ নগদান বই, এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার পূরণ করা এবং হিসাব বিবরণী প্রস্তুতকরণ।
১৩:০০ - ১৪:০০	দুপুরের খাবার ও নামাজ এর জন্য বিরতি
১৪:০০ - ১৫:০০	উন্মুক্ত আলোচনা, ২০১৬ - ২০১৭ অর্থ বছরের জন্য কর্ম পরিকল্পনা প্রণয়ন (প্রতিটি পৌরসভার কার্যাবলীর একটি তালিকা প্রণয়ন করা)
১৫:০০ - ১৬:৩০	সনদপত্র বিতরণ ও সমাপনী অধিবেশন
১৬:৩০ - ১৭:০০	প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী

৬. প্রশিক্ষণ এর অধিবেশন সমূহের রূপরেখা

পৌরসভার বাজেট পদ্ধতি
<ul style="list-style-type: none">- ভূমিকা ও আইনগত ভিত্তি- বাজেট প্রণয়ন- বাজেট বাস্তবায়ন এবং প্রতিবেদন- বাজেট বাস্তবায়ন তত্ত্বাবধান সম্পর্কিত বিধি- বাজেট প্রতিবেদন- বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রতিবেদন

পৌরসভার বাজেট প্রণয়ন (রাজস্ব উপাংশ- ১ ও উপাংশ- ২, উন্নয়ন বাজেট এবং মূলধন বাজেট)
<ul style="list-style-type: none">- বাজেট দলিলের ফরম্যাটসমূহ- বাজেট দলিলের হিসাব- আয়- ব্যয়- একটি হিসাব থেকে অন্য একটি হিসাবে অর্থ স্থানান্তর- তিনটি হিসাবের মধ্যে অভ্যন্তরীণ সম্পর্ক- নির্ধারিত ফরম্যাটসমূহ ব্যবহার করে বাজেট প্রণয়ন

পৌরসভার বাজেট প্রণয়ন পর্যালোচনা
<ul style="list-style-type: none">- বাজেট প্রণয়ন প্রক্রিয়া- বাজেট বাস্তবায়ন, তত্ত্বাবধান ও প্রতিবেদন পদ্ধতি

পৌরসভার হিসাব রক্ষণ পরিচিতি ও বাজেট বাস্তবায়ন

- পৌরসভা হিসাব রক্ষণ ও বাজেট সম্পর্কিত অপারেশনাল হ্যান্ডবুক প্রণয়নের উদ্দেশ্য
- আইনগত ভিত্তি/ পটভূমি

হিসাব রক্ষণ পত্রিকা/ পদ্ধতির রূপরেখা

- হিসাব রক্ষণ পত্রিকা/ পদ্ধতির রূপরেখা
 - নগদ প্রাপ্তিসমূহের দৈনন্দিন হিসাবভুক্তকরণ
 - সকল প্রকার প্রাপ্তি ও প্রদান হিসাবের দৈনন্দিন হিসাবভুক্তকরণ এবং সমাপনি হিসাব
 - ক্যাশ/ নগদান বই থেকে “প্রাপ্তি ও প্রদান হিসাবের এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার” এ মাসিক হিসাবভুক্তকরণ
 - এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার থেকে “ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি ও প্রদান হিসাব” এ মাসিক হিসাবভুক্তকরণ
 - মাসিক সমাপনী
 - হিসাব বিবরণীসমূহ সন্নিবেশন (মাসিক/ ত্রৈমাসিক/ বার্ষিক)

বাজেট তত্ত্বাবধান প্রক্রিয়ার রূপরেখা এবং পৌরসভার হিসাব রক্ষণ এর পর্যালোচনা

- বাজেট তত্ত্বাবধান (মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে)
- বাজেট পর্যালোচনা

বিভিন্ন প্রকার নির্ধারিত ফরম্যাট এর ব্যবহার



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রকল্প

পৌরসভার বাজেট প্রণয়ন ও হিসাবরক্ষণ পরীক্ষণ ও বিবরণী
প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের সময়কাল: ২৬-২৮ জানুয়ারী, ২-৪ ফেব্রুয়ারী, ২০১৬।

প্রশিক্ষণের স্থান: জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

১. পৌরসভা বাজেট প্রণয়ন, বাস্তবায়ন
ও মনিটরিং পদ্ধতি

১.১ ভূমিকা ও আইনগত ভিত্তি

3

বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং

- বাজেট হচ্ছে কোন প্রতিষ্ঠানের আর্থিক পরিকল্পনার বিবরণী, যেখানে একটা নির্দিষ্ট সময়ে ঐ প্রতিষ্ঠানের সম্ভাব্য আয় ও ব্যয়ের পরিকল্পিত অবস্থা প্রতিফলিত হয়ে থাকে। সূত্র: পৌরসভা প্রশিক্ষণ নির্দেশিকা: পৌরসভা হিসাব রক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা, জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এনআইএলজি)।

4

বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং (চলমান)

- বাজেট একটি আর্থিক নিয়ন্ত্রণ ব্যবস্থা
- জনগণের কাছে কাজক্ষিত পরিসেবা পৌছানো এবং স্বচ্ছতা, জবাবদিহিতা ও স্থানীয় সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য এবং একই সাথে অবকাঠামো সেবাসমূহ উন্নয়নের জন্য স্থানীয় জনগণ ও সুশীল সমাজের সদস্যদের অংশগ্রহণের মাধ্যমে বার্ষিক বাজেট প্রণয়ন করা অত্যন্ত প্রয়োজন।

5

পৌরসভার বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং পদ্ধতি সংক্রান্ত বইয়ের উদ্দেশ্য

- বিভিন্ন আইন, বিধিমালা-বিধান, সরকারি নির্দেশিকা ও প্রজ্ঞাপন মোতাবেক কার্যক্রম পরিচালনা
- এই হ্যান্ডবুক প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে
 - পৌরসভার কর্মকর্তা - কর্মচারি ও সংশ্লিষ্ট নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা;
 - যাতে তারা আইনী উপাদানসমূহ যেমন; আইন, বিধিমালা - বিধান, ও সরকার কর্তৃক প্রণীত নির্দেশনা অনুসারে বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং করতে পারে।

6

আইনগত ভিত্তি

পৌরসভার বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরীক্ষার জন্য প্রযোজ্য আইন ও বিধিমালা-বিধানসমূহ হচ্ছে;

- পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯
- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯
- পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪
- বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫

7

১.২ বাজেট প্রণয়ন পদ্ধতি

8

বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন পদ্ধতি

মার্চ মাসের শেষ নাগাদ	(১) পৌরসভা বাজেট প্রণয়ন প্রক্রিয়া শুরু করে
এপ্রিল থেকে মে	(২) টিএলসি সভায় বাজেট বিষয়ক আলোচনা এবং বাজেট বিষয়ে নাগরিকবৃন্দের মতামতের প্রতিফলন
মে মাসের শেষ নাগাদ	(৩) বিশেষ সভায় বাজেট অনুমোদন (৪) মে মাসের শেষ নাগাদ এলজিডেতে বাজেট অনুলিপি প্রেরণ

9

বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন পদ্ধতি (চলমান)

জুন	(৫) উনুক্ত বাজেট সভার মাধ্যমে জনগণের কাছে বাজেট উপস্থাপন (৬) জুন মাসের শেষ নাগাদ বাজেট অনুমোদন
১ জুলাই	(৭) পৌরসভা বাজেট বাস্তবায়ন আরম্ভ করে
জুলাই-জুন	(৮) বাজেট মনিটরিং

10

(১) পৌরসভায় বাজেট প্রণয়নের কাজ আরম্ভ :

মার্চ মাসের শেষ নাগাদ

- ▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা- ১৯৯৯ এ উল্লেখ আছে যে, পৌরসভা মার্চ মাস সমাপ্ত হওয়ার পূর্বে (অর্থ বছর সমাপ্ত হওয়ার ৩ মাস পূর্বে) বাজেট প্রণয়ন প্রক্রিয়া আরম্ভ করবে।

11

(১) পৌরসভায় বাজেট প্রণয়নের কাজ আরম্ভ (চলমান)

- ▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা- ১৯৯৯
- ▶ ৬. বাজেট প্রণয়ন পদ্ধতি: প্রত্যেক পৌরসভা-
 - (ক) কোন অর্থ বৎসর শেষ হইবার অন্তত: তিন মাস পূর্বে পরবর্তী অর্থ বৎসরের জন্য বাজেট প্রণয়নের কাজ শুরু করিবে;
 - (খ) যেই অর্থ বৎসরের জন্য বাজেট প্রণয়ন করিবে, সেই অর্থ বৎসরে সরকার কর্তৃক অনুমোদিত বিভিন্ন কর, রেইটস, টোল এবং ফি সমূহ হইতে সম্ভাব্য আয়ের একটি হিসাব এবং বিভিন্ন খাতে ব্যয়ের একটি হিসাব প্রস্তুত করিবে;
 - (গ) প্রণয়নাধীন বাজেটে যেন সম্ভাব্য আয় অপেক্ষা সম্ভাব্য ব্যয়ের পরিমাণ অধিক না হয় তাহা নিশ্চিত করিবে।

12

পৌরসভায় বাজেট প্রণয়নের কাজ আরম্ভ (চলমান)

- ▶ বাজেট প্রণয়নের মূল ফরম্যাট হচ্ছে ফরম “ক” এবং ফরম “খ”, বাজেট প্রণয়ন প্রক্রিয়ার উপাংশ হিসেবে যা এলজিডিতে প্রেরণ করতে হয়।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা- ১৯৯৯

৩। বাজেট প্রণয়ন- (১) প্রত্যেক পৌরসভা প্রত্যেক অর্থ বৎসরের জন্য উক্ত বৎসর শুরু হইবার পূর্বে ফরম ‘ক’ এ বাজেটের উপাদান এবং ফরম ‘খ’ এ বাজেট প্রণয়ন করিবে এবং উহাদের অনুলিপি নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।

13

(২) টিএলসি সভায় বাজেট বিষয়ক আলোচনা এবং বাজেট বিষয়ে নাগরিকবৃন্দের মতামতের প্রতিফলন: এপ্রিল - মে

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৯২ (২) নং ধারা অনুসারে, পৌরসভাসমূহকে বাজেট সম্পর্কে নাগরিকবৃন্দের মতামত সংগ্রহ করতে হয় এবং বাজেটে তার প্রতিফলন ঘটাতে হয়।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

- ▶ ধারা- ৯২ (২) উপ-ধারা (১) এর অধীন প্রাক্কলিত বাজেট সম্পর্কে জনগণের মন্তব্য ও পরামর্শ বিবেচনাক্রমে পৌরসভা সংশ্লিষ্ট অর্থবৎসর শুরু হইবার ত্রিশ দিন পূর্বে বাজেট অনুমোদন করিয়া উহার একটি অনুলিপি বিভাগীয় কমিশনার অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

14

(৩) বিশেষ সভায় বাজেট অনুমোদন: এপ্রিল - মে, মে মাসের শেষ নাগাদ

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা ৭ অনুসারে চলতি অর্থ বছর শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে পরবর্তী অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করতে হয় (১ লা এপ্রিল থেকে ৩০ জুন সময়কালের মধ্যবর্তী সময়ে)।

- ▶ ৭। বাজেট অনুমোদন: কোন অর্থ বৎসর শেষ হইবার পূর্ববর্তী তিন মাস মেয়াদের মধ্যে প্রত্যেক পৌরসভা উহার বিশেষ সভায় পরবর্তী অর্থ বৎসরের জন্য প্রণীত বাজেট বিবেচনা ও অনুমোদন করিবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

ধারা- ৯২ (২) উপ-ধারা (১) এর অধীন প্রাক্কলিত বাজেট সম্পর্কে জনগণের মন্তব্য ও পরামর্শ বিবেচনাক্রমে পৌরসভা সংশ্লিষ্ট অর্থবৎসর শুরু হইবার ত্রিশ দিন পূর্বে বাজেট অনুমোদন করিয়া উহার একটি অনুলিপি বিভাগীয় কমিশনার অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

(৪) এলজিডিতে বাজেট প্রেরণ: মে মাসের শেষ নাগাদ

- ▶ পৌরসভার বিশেষ সভায় খসড়া বাজেট অনুমোদিত হওয়ার পর, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯২ (২) অনুসারে মে মাসের শেষ নাগাদ (চলতি অর্থ বছর সমাপ্ত হইবার অন্তত: ত্রিশ দিন পূর্বে) উক্ত বাজেট বিভাগীয় কমিশনার অথবা স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) তে প্রেরণ করা হয়।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ধারা ৩। বাজেট প্রণয়ন- (১) প্রত্যেক পৌরসভা প্রত্যেক অর্থ বৎসরের জন্য উক্ত বৎসর শুরু হইবার পূর্বে ফরম 'ক' এ বাজেটের উপাদান এবং ফরম 'খ' এ বাজেট প্রণয়ন করিবে এবং উহাদের অনুলিপি নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।

(৫) উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে জনগনের কাছে বাজেট উপস্থাপন: জুন

- ▶ পৌরসভার বিশেষ সভায় বাজেট অনুমোদনের পর, এই বাজেট বিভিন্ন সময়ে 'উন্মুক্ত বাজেট সভায়' নাগরিকবৃন্দকে আমন্ত্রণ জানিয়ে জনসম্মুখে উপস্থাপন করা হয় এবং বাজেটের প্রধান দিকসমূহ ব্যাখ্যা করা হয়।

17

(৬) প্রস্তাবিত বাজেট অনুমোদন

- ▶ পৌরসভা কর্তৃক প্রেরণকৃত বাজেট বিভাগীয় কমিশনার অথবা স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) সংশোধন করতে পারে, এবং এই সংশোধিত বাজেটই চূড়ান্ত বাজেট হিসেবে বিবেচিত হবে। যদি বিভাগীয় কমিশনার অথবা স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) উক্ত জমাকৃত বাজেট জমাদানের ত্রিশ দিনের মধ্যে সংশোধন না করেন, তাহলেও উক্ত প্রস্তাবিত বাজেট অনুমোদিত বাজেট চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

- ▶ ৯২। বাজেট:
- ▶ (৪) উপ-ধারা (১) এর অধীন বাজেটের অনুলিপি প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সরকার, আদেশ দ্বারা, বাজেটটি সংশোধন করিতে পারিবে এবং অনুরূপ সংশোধিত বাজেটই পৌরসভার অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

18

(৭) পৌরসভা বাজেট বাস্তবায়ন আরম্ভ করে: ১ জুলাই

- ▶ জুলাই মাসের ১ তারিখে নতুন অর্থ বছর আরম্ভ হওয়ার পর, প্রত্যেক পৌরসভা নতুন অর্থ বছরের বাজেট বাস্তবায়নের কাজ আরম্ভ করে।

19

ধন্যবাদ

20



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রকল্প

পৌরসভার বাজেট প্রণয়ন ও হিসাবরক্ষণ পরীক্ষণ ও
বিবরণী প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের সময়কাল: ২৬-২৮ জানুয়ারী, ২-৪ ফেব্রুয়ারী, ২০১৬।

প্রশিক্ষণের স্থান: জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২. পৌরসভার বাজেট প্রণয়ন (রাজস্ব উপাংশ- ১ ও
উপাংশ- ২, উন্নয়ন বাজেট এবং মূলধন বাজেট)

২.১ বাজেট এর ফরম্যাটসমূহ

3

বাজেট ফরমেট: বিধিমালা

- ▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এ বাজেট প্রণয়নের ফরম্যাটসমূহ নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। বাজেট প্রণয়নের প্রধান ফরম্যাট হচ্ছে ফরম 'ক' ও ফরম 'খ', যা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে জমা দিতে হয়।
- ▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯
- ▶ ৩। বাজেট প্রণয়ন- (১) প্রত্যেক পৌরসভা প্রত্যেক অর্থ বৎসরের জন্য উক্ত বৎসর শুরু হইবার পূর্বে ফরম 'ক' এ বাজেটের উপাদান এবং ফরম 'খ' এ বাজেট প্রণয়ন করিবে এবং উহাদের অনুলিপি নির্ধারিত কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।

4

২.২ বাজেট দলিলের হিসাবসমূহ

5

বাজেট দলিলের হিসাবসমূহ

- ▶ রাজস্ব বাজেট:
- ▶ উন্নয়ন বাজেট:
- ▶ মূলধন বাজেট:

6

ফরম্যাট সমূহের তালিকা ও সংশ্লিষ্ট বিধিমালা

ফরম নং	ফরম এর নাম	বিধি নং
ফরম 'ক'	বাজেটের উপাদান	বিধি- ৩
ফরম 'খ' (ক)	রাজস্ব হিসাব (উপাংশ - ১)	বিধি- ৩
	রাজস্ব হিসাব (উপাংশ - ২)	বিধি- ৩
ফরম 'খ' (খ)	উন্নয়ন হিসাব	বিধি- ৩
ফরম 'খ' (গ)	মূলধন হিসাব	বিধি - ৩
ফরম 'গ'-	নিয়মিত কর্মকর্তা - কর্মচারীদের পূর্ণাঙ্গ তালিকা	বিধি- ৫
ফরম 'ঘ'	চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা - কর্মচারীদের বিবরণ	বিধি- ৫
ফরম 'ঙ'	কোন বিশেষ প্রকল্পের জন" সরকার থেকে প্রাপ্ত অর্থের বিবরণ	বিধি- ৫

7

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ

ফরম 'ক' (সেকশন-৩)

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
(ক) রাজস্ব হিসাব এর			
উপাংশ-১ এর আয়	৯৭০,০০০	১,১১৫,০০০	১,২৫০,০০০
উপাংশ-২ এর আয়	৬২৬,৭০০	৭০৯,৫০০	৮০০,০০০
মোট আয় :	১,৫৯৬,৭০০	১,৮২৪,৫০০	২,০৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়			
উপাংশ- ১	৫৬৫,০০০	৬৬২,০০০	৭৫০,০০০
উপাংশ- ২	৪৯৯,০০০	৫৫৩,০০০	৬২৬,০০০
মোট ব্যয় :	১,০৬৪,০০০	১,২১৫,০০০	১,৩৭৬,০০০
মোট রাজস্ব উদ্বৃত্ত :	৫৩২,৭০০	৬০৯,৫০০	৬৭৪,০০০

8

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ

ফরম 'ক' (সেকশন-৩) (চলমান)

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
(খ) উন্নয়ন হিসাব			
সরকারি মঞ্জুরি	৮০০,০০০	৯০০,০০০	১,০০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত	৫৩২,৭০০	৬০৯,৫০০	৬৭৪,০০০
মোট :	১,৩৩২,৭০০	১,৫০৯,৫০০	১,৬৭৪,০০০
বাদ: উন্নয়ন ব্যয় :	১,১৭৫,০০০	১,৪৮০,০০০	১,৬৩০,০০০
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১৫৭,৭০০	২৯,৫০০	৪৪,০০০
যোগ: প্রারম্ভিক জের	৪২,৮০০	২০০,৫০০	২৩০,০০০
সমাপ্তি জের :	২০০,৫০০	২৩০,০০০	২৭৪,০০০

9

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ

ফরম 'ক' (সেকশন-৩) (চলমান)

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
(গ) মূলধন হিসাব			
মোট আয় :	৪২০০০	৩২০০০	৫০,০০০
মোট ব্যয় :	৩২,০০০	১২,০০০	৪০,০০০
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০	২০,০০০	১০,০০০

10

ফরম খ এর ফরম্যাট সমূহ

ফরম্যাট	সংশ্লিষ্ট হিসাব
ফরম খ (ক)	রাজস্ব হিসাব উপাংশ-১
	রাজস্ব হিসাব উপাংশ-২
ফরম খ (খ)	উন্নয়ন হিসাব
ফরম খ (গ)	মূলধন হিসাব

11

(ক) রাজস্ব হিসাব-উপাংশ-১

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
				সাধারণ সংস্থাপন			
কর	৫০০,০০০	৫৫০,০০০	৬০০,০০০	মেসর ও কাউন্সিলরদের সম্মানী ভাতা	১৫০,০০০	১৮০,০০০	২০০,০০০
রেইট	৩০০,০০০	৩৫০,০০০	৪০০,০০০	কর্মকর্তা - কর্মচারীদের বেতন (পানি সরবরাহ শাখা ব্যতিত)	৩০০,০০০	৩৫০,০০০	৩৯০,০০০
ফি	১০০,০০০	১২৫,০০০	১৫০,০০০	আনুভৌমিক তহবিলে স্থানান্তর (মূলধন হিসাব)	৭,০০০	৮,০০০	১০,০০০
অন্যান্য	৭০,০০০	৯০,০০০	১০০,০০০	উপ-মোট	৪৫৭,০০০	৫৩৮,০০০	৬০০,০০০
				শিক্ষা খাতে ব্যয়	৪০,০০০	৪৫,০০০	৬০,০০০
				স্বাস্থ্য খাতে ব্যয়	৬০,০০০	৭০,০০০	৮০,০০০
				কর আদায় খরচ	৮,০০০	৯,০০০	১০,০০০
উপ-মোট	৯৭০,০০০	১,১১৫,০০০	১,২৫০,০০০	উপ-মোট	৫৬৫,০০০	৬৬২,০০০	৭৫০,০০০
প্রারম্ভিক জের	১২,০০০	১৭,০০০	১০,০০০	উন্নয়ন হিসাবে স্থানান্তর	৪০০,০০০	৪২০,০০০	৪৬০,০০০
				সুশাস্তি জের	১৭,০০০	৫০,০০০	৫০,০০০
মোট	৯৮২,০০০	১,১৩২,০০০	১,২৬০,০০০	মোট	৯৮২,০০০	১,১৩২,০০০	১,২৬০,০০০

12

(ক) রাজস্ব হিসাব-উপাংশ-২

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
পানির কর	৫২০,০০০	৫৮০,০০০	৬২৫,০০০	পানি শাখার বেতন	২৮৭,০০০	৩২০,০০০	৩৬০,০০০
সংযোগ ফি	৭০,০০০	৭৮,০০০	১০০,০০০	বিদ্যুৎ বিল	১২৫,০০০	১৪০,০০০	১৬০,০০০
পূর্ণসংযোগ ফি	২০,০০০	৩০,০০০	৫০,০০০	লাইন স্থাপন খরচ	৪০,০০০	৪৫,০০০	৫০,০০০
সার চার্জ	৮,০০০	৯,০০০	১০,০০০	মেরামত রক্ষনাবেক্ষন	২০,০০০	২২,০০০	২৫,০০০
ফরম বিক্রি	৪,০০০	৪,৫০০	৫,০০০	স্টেশনারি উপকরণ	৯,০০০	১০,০০০	১১,০০০
অন্যান্য	৪,৭০০	৮,০০০	১০,০০০	ডাক ও টেলিফোন	৩,০০০	২,০০০	-
				অবচয় তহবিল	১৫,০০০	১৪,০০০	২০,০০০
উপ-মোট	৬২৬,৭০০	৭০৯,৫০০	৮০০,০০০	উপ - মোট	৪৯৯,০০০	৫৫৩,০০০	৬২৬,০০০
				উন্নয়ন তহবিলে হস্তান্তর	১২০,০০০	১৩০,০০০	১৫০,০০০
প্রারম্ভিক জের	১৫,৮০০	২৩,৫০০	৬,০০০	সমাপ্তি জের	২৩,৫০০	৫০,০০০	৩০,০০০
মোট	৬৪২,৫০০	৭৩৩,০০০	৮০৬,০০০	মোট	৬৪২,৫০০	৭৩৩,০০০	৮০৬,০০০

13

(ক) রাজস্ব হিসাব-উপাংশ-২

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
সর্বমোট আয় (উপাংশ ১+২)	১,৫৯৬,৭০০	১,৮২৪,৫০০	২,০৫০,০০০	সর্বমোট ব্যয় (উপাংশ ১+২)	১,০৬৪,০০০	১,২১৫,০০০	১,৩৭৬,০০০
প্রারম্ভিক জের	২৭,৮০০	৪০,৫০০	১০০,০০০	সর্বমোট উন্নয়ন হিসাবে হস্তান্তর (উপাংশ ১+২)	৫২০,০০০	৫৫০,০০০	৬১০,০০০
				সর্বমোট সমাপ্তি জের (উপাংশ ১+২)	৪০,৫০০	১০০,০০০	১৬৪,০০০
সর্বমোট:	১,৬২৪,৫০০	১,৮৬৫,০০০	২,১৫০,০০০	সর্বমোট:	১,৬২৪,৫০০	১,৮৬৫,০০০	২,১৫০,০০০

14

(খ) উন্নয়ন হিসাব

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
সরকারি মঞ্জুরি	৮০০,০০০	১,২১৫,০০০	১,৩৭৬,০০০				
রাজস্ব উদ্বৃত্ত				অবকাঠামো নির্মাণ			
উপাংশ- ১ হইতে	৪০০,০০০	৪২০,০০০	৪৬০,০০০	সড়ক/ রাস্তা	৮০০,০০০	৯৫০,০০০	১,০০০,০০০
উপাংশ- ২ হইতে	১২০,০০০	১৩০,০০০	১৫০,০০০	সেতু	২০০,০০০	২৫০,০০০	৩০০,০০০
				কালভার্ট	৫০,০০০	১২০,০০০	১০০,০০০
				ড্রেইন/ নর্দমা	৮০,০০০	৯০,০০০	১০০,০০০
				পানির লাইন সংস্কার	৩০,০০০	৫০,০০০	
				হাট - বাজার	১৫,০০০	২০,০০০	১৩০,০০০
উপ-মোট	১,৩২০,০০০	১,৪৫০,০০০	১,৬১০,০০০	উপ-মোট	১,১৭৫,০০০	১,৪৮০,০০০	১,৬৩০,০০০
প্রারম্ভিক স্থিতি	১৫,০০০	১৬০,০০০	১৩০,০০০	সমান্তি জের	১৬০,০০০	১৩০,০০০	১১০,০০০
মোট	১,৩৩৫,০০০	১,৬১০,০০০	১,৭৪০,০০০	মোট	১,৩৩৫,০০০	১,৬১০,০০০	১,৭৪০,০০০

15

(গ) মূলধন হিসাব

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
অবচয় তহবিল - উপাংশ- ২	১৫,০০০	১৪,০০০	২০,০০০	ঋণ পরিশোধ (বিএমডিএফ)	১৫,০০০	৫,০০০	২৫,০০০
আনুতোমিক তহবিল - উপাংশ- ১	৭,০০০	৮,০০০	১০,০০০	ঋণ বিতরণ	১৭,০০০	৭,০০০	১৫,০০০
উপ- মোট	২২,০০০	২২,০০০	৩০,০০০	উপ-মোট	৩২,০০০	১২,০০০	৪০,০০০
প্রারম্ভিক জের	২০,০০০	১০,০০০	২০,০০০	সমান্তি জের	১০,০০০	২০,০০০	১০,০০০
সর্বমোট	৪২,০০০	৩২,০০০	৫০,০০০	সর্বমোট	৪২,০০০	৩২,০০০	৫০,০০০

16

৩ বছরের বাজেট হিসাব

- ▶ ফরম 'ক' এর একটি নমুনা নিম্নরূপ;
বিশেষ দৃষ্টব্য এই সারণীতে এক বছরের নমুনা বাজেট (পরবর্তী বছরের জন্য বাজেট) প্রদর্শিত হয়েছে।
যদিও, ফরম 'ক' তে তিন বছরের বাজেট প্রদর্শন করা হয়েছে ১) পূর্ববর্তী বছরের প্রকৃত বাজেট ২) চলতি বছরের সংশোধিত বাজেট এবং ৩) পরবর্তী বছরের বাজেট।

17

২.৩ তিনটি হিসাবের মধ্যে অভ্যন্তরীণ সম্পর্ক

18

ফরম 'ক' এর মধ্যে তিনটি হিসাবের আন্তঃসম্পর্ক

(ক) রাজস্ব হিসাব	
রাজস্ব আয়	
উপাংশ- ১ এর আয়	কর, রেইট এবং ফি থেকে রাজস্ব
উপাংশ- ২ এর আয়	পানি সরবরাহ ও সংযোগ বাবদ রাজস্ব
মোট আয় :	মোট রাজস্ব আয় (উপাংশ- ১ এবং উপাংশ- ২ এর)
বাকি রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	সংস্থাপন, শিক্ষা, স্বাস্থ্য ও স্যানিটেশনের ইত্যাদি বাবদ ব্যয়
উপাংশ- ২	পানি সরবরাহ শাখার কর্মচারী - কর্মচারীদের বেতনভরসা ও অন্যান্য ব্যয়
মোট ব্যয় :	মোট রাজস্ব ব্যয় (উপাংশ- ১ এবং উপাংশ- ২ এর)
পরিশেষে রাজস্ব উত্তর :	= [মোট রাজস্ব আয়] - [মোট রাজস্ব ব্যয়]

ফরম 'ক' এর মধ্যে তিনটি হিসাবের আন্তঃসম্পর্ক

(খ) উন্নয়ন হিসাব	
সরকারি আয়	(i) (ক) রাজস্ব হিসাব থেকে (খ) উন্নয়ন হিসাবে স্থানান্তর
রাজস্ব উত্তর	
অন্যান্য	
মোট :	
ব্যয় - উন্নয়ন ব্যয়	মোট উন্নয়ন ব্যয়
সার্বিক প্রকল্পে উদ্বৃত্ত/মোট	= [মোট উন্নয়ন আয়] - [মোট উন্নয়ন ব্যয়]
মোট প্রকল্পে ব্যয়	রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাবের প্রকল্পে ব্যয়
সমষ্টি মোট :	রাজস্ব হিসাব ও উন্নয়ন হিসাবের সমষ্টি মোট
	(ii) রাজস্ব হিসাব থেকে উন্নয়ন হিসাবে স্থানান্তর
(গ) সুদপন হিসাব	
মোট আয় :	
মোট ব্যয় :	
সুদপন হিসাবের সমষ্টি মোট :	

19

ফরম 'ক' এর মধ্যে তিনটি হিসাবের আন্তঃসম্পর্ক

(ক) রাজস্ব হিসাব	
রাজস্ব আয়	
উপাংশ- ১ এর আয়	কর, রেইট, ফি ইত্যাদি থেকে রাজস্ব (প্রারম্ভিক স্থিতি ব্যতীত)
উপাংশ- ২ এর আয়	পানি সরবরাহ ও সংযোগ ইত্যাদি বাবদ রাজস্ব (প্রারম্ভিক স্থিতি ব্যতীত)
মোট আয় :	মোট রাজস্ব আয় (উপাংশ- ১ এবং উপাংশ- ২ এর)

20

ফরম 'ক' এর একটি নমুনা

বিবরণ	পরবর্তী বছরের বাজেট, টাকা
ক. প্রাপ্ত টাকা	
উপাংশ-১ এর আয়	১,২৫০,০০০
উপাংশ-২ এর আয়	৮০০,০০০
মোট আয় :	২,০৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়	
উপাংশ- ১	৭৫০,০০০
উপাংশ- ২	৬২৬,০০০
মোট ব্যয় :	১,৩৭৬,০০০
মোট রাজস্ব উদ্বৃত্ত :	৬৭৪,০০০
খ. উন্নয়ন হিসাব	
সরকারি মঞ্জুরি	১,০০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত	৬৭৪,০০০
অন্যান্য	-
মোট :	১,৬৭৪,০০০
বাদ: উন্নয়ন ব্যয় :	১,৫২০,০০০
সার্বিক বাজেট উদ্বৃত্ত/খাটতি	১৫৪,০০০
যোগ: প্রারম্ভিক জের	৩৬,০০০
সমাপ্তি জের :	১৯০,০০০
গ. মূলধন হিসাব	
মোট আয় :	৫০,০০০
মোট ব্যয় :	৪০,০০০
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০

21

ফরম ক ও ফরম খ এর মধ্যে সম্পর্ক

ফরম 'ক' এবং ফরম 'খ' এর সম্পর্ক

বিবরণ	পরবর্তী বছরের বাজেট	ফরম খ (ক) অংশ- ১
ক. রাজস্ব হিসাব		
উপাংশ- ১ এর আয়	১,২৫০,০০০	আয়: ১,২৫০,০০০
উপাংশ- ২ এর আয়	৮০০,০০০	ব্যয়: ৭৫০,০০০
মোট আয় :	২,০৫০,০০০	
বাদ: রাজস্ব ব্যয়		
উপাংশ- ১	৭৫০,০০০	
উপাংশ- ২	৬২৬,০০০	
মোট ব্যয় :	১,৩৭৬,০০০	
মোট রাজস্ব উদ্বৃত্ত :	৬৭৪,০০০	
খ. উন্নয়ন হিসাব		
সরকারি মঞ্জুরি	১,০০০,০০০	
রাজস্ব উদ্বৃত্ত	৬৭৪,০০০	
অন্যান্য	-	
মোট :	১,৬৭৪,০০০	
বাদ: উন্নয়ন ব্যয়	১,৫২০,০০০	
সার্বিক বাজেট উদ্বৃত্ত/খাটতি	১৫৪,০০০	
যোগ: প্রারম্ভিক জের	৩৬,০০০	
সমাপ্তি জের :	১৯০,০০০	
গ. মূলধন হিসাব		
মোট আয় :	৫০,০০০	
মোট ব্যয় :	৪০,০০০	
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০	
		ফরম খ (গ) আয়: ৫০,০০০ ব্যয়: ৪০,০০০

22

১) ফরম 'ক' এবং ফরম খ (ক) উপাংশ- ১: রাজস্ব হিসাব উপাংশ- ১ এর মধ্যে সম্পর্ক

ক্রমিক ক (সংশোধিত)

বিভাগ		শহরতলী অর্থ বছরের বাজেট, টাকা অর্থ বছরঃ ২০১৩ - ২০১৪
ক. রাজস্ব হিসাব		
উপাংশ- ১ এর আয়		৫,২৫০,০০০
উপাংশ- ২ এর আয়		১,০০,০০০
মোট আয় :		৬,২৫০,০০০
খাতঃ রাজস্ব ব্যয়		
উপাংশ- ১		১৫০,০০০
উপাংশ- ২		৩৬৩,০০০
মোট ব্যয় :		৫,১১৩,০০০
সর্বমোট রাজস্ব উৎস :		১,১৩৭,০০০

ক্রমিক খ (ক): রাজস্ব হিসাব উপাংশ- ১

আয়ের খাত	শহরতলী অর্থ বছরের বাজেট		আয়ের খাত	শহরতলী অর্থ বছরের বাজেট	
	অর্থ বছরঃ ২০১৩	২০১৪		অর্থ বছরঃ ২০১৩	২০১৪
কম্ব	৪০০,০০০		স্বাধীনতা সড়কসংস্কার		২০০,০০০
বৈহিত	৪০০,০০০		শেখর ও স্বাধীনতা সড়কের সংস্কার কাজ		৪০০,০০০
			সরকারী - স্বাধীনতার সড়ক (শালি সড়কবাংলা শাখা ব্যতীত)		১০,০০০
কি	১২০,০০০		আমুনিয়ামক অফিসের স্থানান্তর (স্থানীয় হিসাব)		৩১০,০০০
			উপ-সড়ক		৪০,০০০
			সড়ক খাতে ব্যয়		৪০,০০০
			খাতঃ খাতে ব্যয়		৪০,০০০
অন্যান্য	১০০,০০০		কম্ব খাতে ব্যয়		১০,০০০
উপ-সড়ক	১,২০০,০০০		স্বাধীনতা কি		১,২০০,০০০
			উপ-সড়ক		১,২০০,০০০
			রাজস্ব হিসাবে স্থানান্তর		৪০০,০০০
স্বাধীনতা সড়ক	১০,০০০		সম্মান সড়ক		৪০,০০০
মোট	১,২০০,০০০		মোট		১,২০০,০০০

রাজস্ব হিসাব উপাংশ- ১ এর মোট আয়
রাজস্ব হিসাব উপাংশ- ১ এর মোট ব্যয়

২) ফরম ক এবং ফরম খ (ক) উপাংশ- ২ এর মধ্যে সম্পর্ক: রাজস্ব হিসাব উপাংশ- ২


ক্রমিক ক (সংশোধিত)

বিভাগ		শহরতলী অর্থ বছরের অর্থ বছরঃ ২০১৩-২০১৪
ক. রাজস্ব হিসাব		
উপাংশ- ১ এর আয়		১,০৪০,০০০
উপাংশ- ২ এর আয়		১,০০,০০০
মোট আয় :		২,০৪০,০০০
কম্ব খাতে ব্যয়		
উপাংশ- ১		৪৪০,০০০
উপাংশ- ২		৪০০,০০০
মোট ব্যয় :		১,২৪০,০০০
সর্বমোট রাজস্ব উৎস :		৮০০,০০০

ক্রমিক খ (ক): রাজস্ব হিসাব উপাংশ- ২ (শালি সড়কবাংলা খাত)

আয়ের খাত	শহরতলী অর্থ বছরের বাজেট		আয়ের খাত	শহরতলী অর্থ বছরের বাজেট	
	অর্থ বছরঃ ২০১৩	২০১৪		অর্থ বছরঃ ২০১৩	২০১৪
শালি সড়ক	১০০,০০০		শালি সড়কের শহরতলী - স্বাধীনতার সড়ক		১০০,০০০
অন্যান্য কি	১০০,০০০		শালি সড়কের শহরতলী - স্বাধীনতার সড়ক		১০০,০০০
স্বাধীনতা সড়ক	১০,০০০		শালি সড়কের শহরতলী - স্বাধীনতার সড়ক		১০,০০০
অন্য সড়ক	১,০০০		শালি সড়কের শহরতলী - স্বাধীনতার সড়ক		১,০০০
সম্মান	১০,০০০		শালি সড়কের শহরতলী - স্বাধীনতার সড়ক		১,০০০
উপ-সড়ক	১,০০০,০০০		শালি সড়কের শহরতলী - স্বাধীনতার সড়ক		১,০০০,০০০
উপ-সড়ক - ১ এর মোট আয়			উপ-সড়ক		১,০০০,০০০
উপ-সড়ক - ২ এর মোট আয়			উপ-সড়ক		১,০০০,০০০
স্বাধীনতা সড়ক	১,০০০,০০০		সম্মান সড়ক		১০,০০০
মোট	১,০০০,০০০		মোট		১,০০০,০০০
মোট আয় (১ + ২)	২,০৪০,০০০		মোট আয় (১+২)		২,০৪০,০০০
স্বাধীনতা সড়ক	১০,০০০		উপ-সড়ক		১,০০০,০০০
(১,০০০ + ১,০০০)			উপ-সড়ক		১,০০০,০০০
মোট	২,০৪০,০০০		মোট		২,০৪০,০০০

উপাংশ- ১ ও উপাংশ- ২ এর মোট আয়
উপাংশ- ১ ও উপাংশ- ২ এর মোট ব্যয়
উপাংশ- ১ ও উপাংশ- ২ এর মোট রাজস্ব উৎস



ধন্যবাদ

27



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রকল্প

পৌরসভার বাজেট প্রণয়ন ও হিসাবরক্ষণ পরীক্ষণ ও
বিবরণী প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের সময়কাল: ২৬-২৮ জানুয়ারী, ২-৪ ফেব্রুয়ারী, ২০১৬।

প্রশিক্ষণের স্থান: জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩. বাস্তবায়ন ও মনিটরিং এবং রিপোর্টিং

৩.১ বাজেট বাস্তবায়ন সম্পর্কিত বিধিমালা

- ▶ বাজেট বাস্তবায়ন সম্পর্কিত নানাবিধ বিধিমালা রয়েছে, যে সম্পর্কে পৌরসভাসমূহকে সজাগ ও সচেতন থাকতে হয়। এরকম বিধিমালা সমূহ হচ্ছে-
 - ▶ (১) সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা
 - ▶ (২) অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর নিষেধাজ্ঞা
 - ▶ (৩) সর্বনিম্ন সমাপনি জের সম্পর্কিত বিধিমালা
 - ▶ (৪) চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতনভাতা বৃদ্ধি বিষয়ক বিধিমালা

3

(১) সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধিমালা- ১১ (১) অনুসারে পৌরসভা তার রাজস্ব আয়ের ৫০% এর অধিক সংস্থাপন বাবদ ব্যয় করতে পারবে না।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ১১। ব্যয় সীমিতকরণ: (১) কোন পৌরসভা কোন অর্থ বৎসরে আদায়কৃত রাজস্বের ৫০% এর অধিক অর্থ উক্ত অর্থ বৎসরে উক্ত পৌরসভার সংস্থাপন খাতে ব্যয় করিতে পারিবে না;

4

(১) সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা (চলমান)

সাধারণ সংস্থাপন ব্যয়ের মধ্যে নিম্নলিখিত খরচসমূহ অন্তর্ভুক্ত থাকে, যথা;

- পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী ভাতা
- পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা
- আনুতোমিক তহবিলে স্থানান্তর
- যানবাহন মেরামত ও জ্বালানী
- টেলিফোন
- বিদ্যুৎ বিল
- কনটিনজেন্সি খরচ

5

(১) সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা (চলমান)

- সাধারণত: পৌরসভার রাজস্ব আয়ের অধিকাংশ আসে কর বাবদ আয় থেকে, যেমন; হোল্ডিং কর আদায় থেকে। যেহেতু পৌরসভাসমূহ তার রাজস্ব আয়ের ৫০% এর অধিক সংস্থাপন খাতে ব্যয় করতে পারেনা, সেহেতু পৌরসভাসমূহকে তার রাজস্ব আয়ের (কর বাবদ আয়) ৫০% এর অধিক জনসেবা ও অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করতে হয়।
- যদি পৌরসভাসমূহ ব্যাখ্যা করতে পারে যে তারা তাদের রাজস্ব আয়ের বা কর বাবদ আয়ের অধিকাংশ টাকা টিএলসি বা উন্মুক্ত বাজেট অধিবেশনের মাধ্যমে জনসেবা এবং অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করে থাকে তাহলে পৌরসভার প্রতি জনগণের সন্তুষ্টি বৃদ্ধি পাবে।

6

(২) অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর নিষেধাজ্ঞা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ১১। ব্যয় সীমিতকরণ: (২) কোন পৌরসভা কোন ক্রমেই অনুমোদিত বাজেট বহির্ভূত কোন ব্যয় করিবে না।
- ▶ ১২। ব্যয়ের খাত উপযোজন: কোন পৌরসভা উহার বাজেটে বরাদ্দকৃত এক খাত বা উপ-খাতের অর্থ অন্য কোন খাত বা উপ-খাতে উপযোজন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বা অনুরূপ অন্য কোন কারণে একান্ত প্রয়োজন হইলে, নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এইরূপ উপযোজন করা যাইবে।

7

(২) অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর নিষেধাজ্ঞা (চলমান)

▶ ফরম খ তে বাজেট এর খাত ও উপখাত এর উদাহরণ

ক্রমিক নং	ব্যয়ের খাত সমূহ
১	সাধারণ সংস্থাপন
১)	মেয়র বা কাউন্সিলরগণের সম্মানী ভাতা
২)	পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা

২	শিক্ষা ব্যয়

8

(২) অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর
নিষেধাজ্ঞা (চলমান)

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ৬। বাজেট প্রণয়ন পদ্ধতি: প্রত্যেক পৌরসভা
- ▶ (ঙ) উন্নয়ন সহায়তা মঞ্জুরির অর্থ রাজস্ব খাতে ব্যয় করিবে না;

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ১১। ব্যয় সীমিতকরণ:(৪)এই বিধিমালা লঙ্ঘনক্রমে ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট পৌরসভার মেয়রগণের দায় বলিয়া গণ্য হইবে।

9

(৩) নূন্যতম সমাপ্তি জের সম্পর্কিত বিধিমালা

- ▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর ধারা ১৩ অনুসারে পৌরসভাসমূহকে নিশ্চিত করতে হবে যে তাদের রাজস্ব হিসাব উপাংশ- ১ এর নূন্যতম জের একমাসের সংস্থাপন ব্যয়ের চেয়ে বেশি আছে। একইভাবে, রাজস্ব হিসাব উপাংশ- ২ (পানি সরবরাহ শাখা) এর নূন্যতম সমাপ্তি জের এর পরিমাণ পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের এক মাসের বেতনের চেয়ে বেশি হতে হবে।

▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ১৩। নূন্যতম সমাপ্তি জের: বাজেটের রাজস্ব খাতের সাধারণ সংস্থাপন ব্যয় এবং পানি সরবরাহ শাখার কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা বাবদ ব্যয় উপ-খাতসমূহের অন্তত: এক মাসের জন্য প্রয়োজনীয় অর্থ সমাপ্তি জের হিসেবে থাকিবে।

10

(৩) ন্যূনতম সমাপ্তি জের সম্পর্কিত বিধিমালা (চলমান)

- ▶ এই বিধিমালার সাথে সঙ্গতি রেখে পৌরসভাকে একমাসের সংস্থাপন ব্যয় এবং পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের এক মাসের বেতনের পরিমাণ হিসাব করতে হবে।

	বিগত অর্থ বছরে প্রকৃত ব্যয়	এক মাসের সম্ভাব্য ব্যয়
সংস্থাপন খাতে ব্যয়	৬,০০,০০,০০০	৫০,০০,০০০
পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বাবদ ব্যয়	৪,৮০,০০,০০০	৪০,০০,০০০

11

(৪) চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতন ভাতা বৃদ্ধি বিষয়ক বিধিমালা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯, এর ১১ (৩) ধারা অনুসারে, পৌরসভাসমূহ এলজিডি'র (নির্ধারিত কর্তৃপক্ষ) পূর্বানুমোদন ব্যতীত চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতন বৃদ্ধি করতে পারে না।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

- ▶ ১১। ব্যয় সীমিতকরণ:
- ▶ (৩) নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন পৌরসভা উহার বাজেটে চুক্তিভিত্তিক নিযুক্ত কোন কর্মচারীর মঞ্জুরী পূর্ববর্তী অর্থ বৎসরের মঞ্জুরী হইতে বৃদ্ধি করিয়া বাজেট প্রণয়ন করিবে না।

12

(৫) অন্যান্য নির্দেশনা

- ▶ যে সকল পৌরসভা পানি সরবরাহ সেবা পরিবেশন করে থাকে, তাদেরকে পানির বিল ও অন্যান্য কর বাবদ আদায়কৃত রাজস্বের ন্যূনতম ২.৫% রাজস্ব হিসাব উপাংশ- ২ এর জন্য একটি আলাদা হিসাবে সংরক্ষণ করতে হয়। এই আলাদা হিসাবকে “অবচয় হিসাব” বলে অবিহিত করা হয়ে থাকে। এই অবচয় তহবিলে সঞ্চয়কৃত অর্থের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ যেমন পানির পাইপ ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হবে।
- ▶ মেমো নং- পৌর- ২/ পৌ: বিধিমালা- ২/ ৯৯/ ১৯২ (২১০) তারিখ: ০৬/ ০৩/ ২০০০
- ▶ বিষয়: পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ প্রণয়ন। (স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) শাখা: পৌর- ২)
- ▶ ২ (খ) পানি সরবরাহ শাখার আদায়কৃত রাজস্বের ন্যূনতম ২.৫% একটি আলাদা হিসাবে অবচয় তহবিল হিসেবে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

13

৩.২ বাজেট বাস্তবায়ন মনিটরিং

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস- ১৯৩৫

- ▶ ২৪৭। প্রত্যেক মাস সমাপ্ত হইলে, হিসাবরক্ষককে এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে সংরক্ষিত প্রতিটি খাত ও উপ-খাত হইতে হিসাবের জেরসমূহ পৃথক একটি রেজিস্টারে ইংরেজি (বর্তমানে বাংলা ভাষায়) ভাষায় সংশ্লিষ্ট খাত ও উপ-খাত এর নামানুসারে স্থানান্তরিত করিতে হইবে। এই স্থানান্তর এ নির্দিষ্ট মাসের নামানুসারে নির্ধারিত ফরম নং ৮৯ ও ৯০ অনুসারে সম্পাদন করিতে হইবে।
- ▶ যদি দেখা যায় যে, অনুমোদিত বাজেট খাতের তুলনায় বাস্তবে ব্যয়ের খাতের সংখ্যা অধিক হয়, তাহলে ব্যয়ের রেজিস্টারে অতিরিক্ত বাজেট বরাদ্দের খাত যুক্ত করিতে হইবে।

14

ফরম-৮৯
বিধিমালা ১৮০ এবং ২৪৩
